بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

# বাংলাদেশ তালেবান

এক আল্লাহ, এক ধর্ম, এক দেশ




আল্লাহর আইনে তৈরি মুসলিম বঙ্গের রূপরেখা

# আল-ফিহরাস্

# আল্লাহর পৃথিবীতে মানুষ প্রতিনিধি (আল্লাহ কর্তৃক আদেশ)

**আমার** সন্তানকে আমি সৃষ্টি করি নাই, আল্লাহ সৃষ্টি করেছেন, এই সন্তানকে যত্ন করা আমার দায়িত্ব। আল্লাহ্ মানুষকে পৃথিবীর দায়িত্ব দিয়েছেন। আল্লাহ্ মানুষকে দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসাবাদ করার জন্য আবার জীবিত করবেন, যা সূরা বাকারার ৩০ নং ও আল আনআমের ১৬৫ নং আয়াতের মাধ্যমে আমরা জানতে পারি। তাহলে আল্লাহ প্রদত্ত দায়িত্ব সমূহ কী জানতে হবে। যে ব্যক্তি অন্য কোন উচ্চতর কর্তৃপক্ষের হয়ে কর্তৃপক্ষের আইন ও ক্ষমতা প্রয়োগের দায়িত্ব পালন করেন, সেই ব্যক্তিকে দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি বলা হয়। আর দায়িত্ব হলো আইন ও ক্ষমতা প্রয়োগ করা। যেমন- জেলা প্রশাসক (ডিসি)গণ সরকার থেকে দায়িত্বপ্রাপ্ত; জেলা প্রশাসকগণ সরকারের ক্ষমতা প্রয়োগ করেন এবং সরকারের হয়ে কাজ করার দায়িত্ব পালন করেন। কোন ব্যক্তি সরকারের আইনের বাইরে কাজ করলে জেলা প্রশাসক ওই ব্যক্তিকে বন্দি করে সরকারের আইন অনুসারে শাস্তি প্রদান করবেন—একেই দায়িত্ব পালন বলে। ডিসি যদি তার দায়িত্ব ঠিকমতো পালন না করেন, তাহলে সরকার তাকে শাস্তি দেবে বা চাকরিচ্যুত করবে।

ডিসিগণ যেভাবে সরকারের দায়িত্ব পালন করেন ঠিক সেভাবে আল্লাহ মানুষকে কিছু দায়িত্ব দিয়েছেন। আল্লাহর দায়িত্ব পালন করতে হলে মানুষকে প্রথমে কালিমার মাধ্যমে আল্লাহর প্রতি ঈমান আনতে হবে। যেই সকল মানুষ আল্লাহর প্রতি ঈমান আনবে না, সেই সকল মানুষ ইবলিশের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি হয়। আল্লাহর প্রতি ঈমান আনার পর মুসলমানদের ওপর পর্যায়ক্রমে পাঁচটি দায়িত্ব পালন করা ফরজ হয়ে যায়। যথা: নামাজ, রোজা, হজ্জ, যাকাত ও জিহাদ। এর পাশাপাশি আল্লাহ মুসলমানদেরকে কিছু আদেশ ও নিষেধ করেছেন। যে মুসলমান আল্লাহর আদেশ-নিষেধ মানবে না, সেই মুসলমানকে শাস্তির জন্য আল্লাহ মুমিন মুসলমানদেরকে কিছু ক্ষমতা ও নির্দেশনা দিয়েছেন, যাতে মুমিন মুসলমানগণ আল্লাহর আদেশ ও নিষেধ বাস্তবায়ন করতে পারেন।

**আল্লাহর পক্ষ থেকে দায়িত্ব গ্রহণ কারি মুমিন মুসলমানদের কাজ ও ক্ষমতা:**

১. **নামাজ:** আল্লাহর স্মরণ থেকে মুসলমানদেরকে দুনিয়ার ব্যস্ততা যাতে দূরে রাখতে না পারে সেই জন্য মুমিন মুসলমানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এবং মুমিন মুসলমানগণ নিশ্চিত করবেন যাতে সকল মুসলমান সঠিক সময়ে নামাজ আদায় করতে পারে। (সূরা আল-বাকারা: ১১০, মাঊন: ৫)

২. **যাকাত:** যেই সকল মুসলমানের নিকট (নিসাব পরিমাণ) প্রয়োজন অতিরিক্ত সম্পদ জমা আছে, সেই ব্যক্তির থেকে যাকাত আদায় করে মুমিন মুসলমানগণ ফকির, মিসকিন, যাকাত আদায়কারী, চিত্তাকর্ষণকারী, দাস-মুক্তি, ঋণগ্রস্ত, আল্লাহর পথে জিহাদকারী এবং মুসাফিরদের মধ্যে বণ্টন করে দিবেন। (আল-বাকারা: ১১০)

৩. **রোজা:** মুমিন মুসলমানগণ যাকাত থেকে অর্থ দিয়ে অভাবগ্রস্ত মুসলমানগণের রোজা পালন নিশ্চিত করবেন। যাতে মুসলমানদেরকে দুনিয়ার কষ্ট রোজা পালন থেকে দূরে রাখতে না পারে। (সূরা আল-বাকারা: ১৮৩, আয-যারিয়াত: ১৯)

৪. **হজ্জ:** যাকাত আদায় করার পরেও সেই মুসলমানের নিকট যদি বাইতুল্লাহ তাওয়াফ করার সামর্থ্য থাকে, তবে সেই মুসলমানকে বাইতুল্লাহ পর্যন্ত পৌঁছানোর জন্য মুমিন মুসলমানগণ প্রশাসনিক সাহায্য করবেন। (সূরা আল-ইমরান: ৯৭)

৫. **জিহাদ:** উপরোক্ত চারটি কাজ ও আল্লাহর হালাল-হারাম, সুদের আদান-প্রদান কারিকে, অন্যায়ভাবে হত্যা কারিকে, ব্যভিচার ও অশ্লীল কাজ করা ব্যকিকে, এতিমের সম্পদ আত্মসাৎ কারিকে, মদ ও নেশাজাতীয় দ্রব্য সেবন কারিকে, জুয়া খেললে, ভাগ্য নির্ণায়ক ব্যবহার করলে, ওজনে কম-বেশি করে ঠকালে এবং শাতিমে রাসূলকে শাস্তি প্রদান করতে গেলে যদি কাফেররা বাধা প্রদান করে, তখন মুসলমানদের জন্য ফরজ সেই কাফেরদের সাথে যুদ্ধ করা। (সূরা আল-আনফাল: ৩৯, আল-বাকারা: ১৯৩, ২৭৫, ২৭৯)

সুতরাং বলা যায়, মুমিন মুসলমান হলেন সেই ব্যক্তি, যার বেতের ভয়ে ব্যভিচারীরা ভয় পায়, সুদখোররা আতঙ্কিত থাকে, খতমে রাসূল (সা.)-এর নিন্দাকারী (শাতিম) মৃত্যুদণ্ডের ভয়ে থাকে। কোন মুসলমান যদি আল্লাহর দায়িত্ব অস্বীকার করে তখন সেই ব্যক্তি আর মুসলমান থাকে না। (সূরা আল-মায়িদাহ: ৪৪)

বর্তমান সরকারের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ বিচারক, সেনাবাহিনী, পুলিশ ও সরকারি কর্মচারীরা যেভাবে সরকারের আদেশ-নিষেধ ও শাস্তি বাস্তবায়ন করছেন, ঠিক সেভাবেই মুমিন মুসলমানরা আল্লাহর আদেশ-নিষেধ ও শাস্তি বাস্তবায়ন করবে। যেহেতু বর্তমান সরকার আল্লাহর আদেশ-নিষেধ বাস্তবায়ন করছে না, সেহেতু মুমিন মুসলমানদের জন্য প্রয়োজন রাসূল (সা.)-এর মদিনা রাষ্ট্রব্যবস্থা। কারণ পূর্ণাঙ্গ রাষ্ট্রব্যবস্থা ব্যতীত আল্লহার আদেশ-নিষেধ ও শাস্তি বাস্তবায়ন করা যায় না।

# মানুষকে পরিচালনার সূত্র (সভ্যতা)

**সভ্যতা** কাকে বলে?
উচ্চতর কর্তৃপক্ষের আদেশ-নিষেধ ও উপদেশ অনুযায়ী রাষ্ট্রব্যবস্থা বিষয়ক যাবতীয় সমস্যার সমাধানকে সভ্যতা বলা হয়। সভ্যতার মূলনীতির ওপর ভিত্তি করে শাসনব্যবস্থা মানুষের জন্য প্রয়োজনীয় আইন প্রণয়ন করে। অর্থাৎ, সভ্যতার আদর্শ থেকে শাসনব্যবস্থার সংবিধান এবং শাসনব্যবস্থার সংবিধানের আলোকেই মানুষের জন্য রাষ্ট্রীয় সংবিধান প্রণয়ন করা হয়। সভ্যতার প্রধান বারোটি ভিত্তি আছে যা হলো—সরকার, বিচার, ব্যবসা-বাণিজ্য, শিক্ষা, বিবাহ, পরিবার, মূল্যবোধ, চিকিৎসা, সংস্কৃতি, যোগাযোগ, লিখন পদ্ধতি এবং সুস্পষ্ট ধর্মীয় দর্শন। সভ্যতার বারোটি ভিত্তিকে সঠিকভাবে ব্যবহার করে একটি মানবজাতিকে কাঙ্ক্ষিত যেকোন আদর্শের দিকে পরিচালিত করা সম্ভব। যেমন- মুসলিম সভ্যতার মূল সংবিধান হলো আল-কোরআন, যার মাধ্যমে মহান আল্লাহ তায়ালা মানুষের জন্য পূর্ণাঙ্গ দিক-নির্দেশনা দিয়েছেন। আল-কোরআনের দিক-নির্দেশনাকে ব্যবহার করে রাসূল (সা.) একটি অশ্লীল জাতিকে পরিবর্তন করেছিলেন এবং পরবর্তীতে রাসূল (সা.)-এর আদর্শকে ধারণ করে চারজন সাহাবী যেভাবে রাষ্ট্র পরিচালনা করেছিলেন, তা ইতিহাসে মদিনা রাষ্ট্র বা খিলাফত শাসন নামে পরিচিত।

**উদাহরণ**: ১৯৭১ সালের যুদ্ধের পরে বাংলাদেশে একটি নতুন রাষ্ট্রব্যবস্থা চালু হয়, যা গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা হিসেবে পরিচিত। গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থাটি মূলত খ্রিষ্টান নীতি ও আমেরিকান সংবিধান-ISO মেনে চলে। খ্রিষ্টানদের গণতন্ত্রের লক্ষ্য ও উদ্দেশ্যের চরম পরিণতি যদি মুসলমানরা দেখতে চায়, তবে স্পেন তার একটি বড় উদাহরণ। স্পেনের দিকে গভীরভাবে লক্ষ্য করলে দেখা যায়, খ্রিষ্টানদের গণতন্ত্রের লক্ষ্যের সাথে আল-কোরআনে বর্ণিত ইবলিশের লক্ষ্য ও কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে, যার সম্পর্কে আল্লাহ্ মুসলমানদেরকে সতর্ক করেছেন। বর্তমানে জাতিসংঘ এবং আমেরিকার মতো দেশগুলো গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার মাধ্যমে ইবলিশের অপকর্মসমূহ বাস্তবায়ন করছে। বাংলাদেশে বা মুসলিম বঙ্গে বিভিন্ন কোম্পানি ও সংস্থার খ্রিষ্টানদের গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার আইন প্রয়োগ করে।

**খ্রিষ্টানদের আইন প্রয়োগ কারি কোম্পানি ও সংস্থার নাম:** আওয়ামী লীগ, বিএনপি, জামায়াতে ইসলামী, জাতীয় পার্টি, রেডিসন ব্লু, কেএফসি, পিৎজা হাট, কোকাকোলা, পেপসি, নেসলে, কেরু অ্যান্ড কোং, জাতিসংঘ (ও এর সকল শাখা), ইউএসএইড, ইউরোপীয় ইউনিয়ন, ইউএনডিপি, ইউনেস্কো, ইউএন ওমেন, ইউএনএইডস, ইউনিসেফ, আইএমএফ, ওয়ার্ল্ড ব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক, আইসিসি, রেড ক্রিসেন্ট, গুগল, মেটা (ফেসবুক), আমাজন, অ্যাপল, স্যামসাং, গ্রামীণফোন, রবি, সিলিজ ও অগমেডিক্স, বিএসসিসিএল, আইটিসি, সিটিব্যাংক, এইচএসবিসি, স্ট্যান্ডার্ড চার্টার্ড, ইউএসবি ব্যাংক, গ্রামীণ ব্যাংক, মেটলাইফ বাংলাদেশ, প্রগতি লাইফ ইন্স্যুরেন্স, ইউনিলিভার বাংলাদেশ, প্রাণ, ওয়ালটন, বসুন্ধরা, মেঘনা গ্রুপ, যমুনা গ্রুপ, স্কয়ার, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো, প্রক্টর অ্যান্ড গ্যাম্বল, কারগিল, ফিলিপস, শেভরন, হ্যালিবার্টন, লুব-রেফ, জিফোরএস, ফাইজার, মডার্না, লিলি, ব্র্যাক, আশা, টিএমএসএস, কোডেক, প্রথম আলো, ডেইলি স্টার, একাত্তর টিভি, বিবিসি, বিজিএমইএ, লায়ন।

সভ্যতা হলো মানুষকে পরিচালনার মূল গঠন, যার সম্পূর্ণ পরিবর্তন যুদ্ধ ছাড়া সম্ভব নয়। বিষয়টিকে জীবনতত্ত্বের একটি উদাহরণের মাধ্যমে বোঝা সহজ—একটি শরীরে কয়টি হাত বা পা থাকবে সেই মৌলিক নকশাটি হলো গঠনের কাঠামো, আর সেই হাত বা পা দেখতে কেমন হবে তা হলো কাঠামোর গঠন। বর্তমানে অনেকেই খ্রিষ্টান গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার ভেতরে থেকেই মুসলমানদের জন্য আল্লাহর আইন প্রতিষ্ঠা করতে চায়, যা আসলে কেবল কাঠামোর বাহ্যিক কিছু পরিবর্তন মাত্র। কিন্তু প্রকৃত লক্ষ্য হওয়া উচিত বাহ্যিক পরিবর্তন নয়, বরং মূল গঠনের কাঠামো পরিবর্তন নিশ্চিত করা। গঠনের কাঠামো পরিবর্তন করার জন্য মুসলিমজাতির ইস্পাতকঠিন ঐক্যের প্রয়োজন। তবে বর্তমানে খ্রিষ্টানরা গণতন্ত্র দিয়ে সুকৌশলে মুসলমানজাতিকে বিভিন্ন ভাগে বিভক্ত করে রেখেছে, যার ফলে খ্রিষ্টান গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার মধ্যে থেকে মুসলমানজাতিকে ঐক্যবদ্ধ করা প্রায় অসম্ভব। এক্ষেত্রে মুসলমানদের আদর্শ হলেন বিশ্বনবী হযরত মুহাম্মদ (সা.), যিনি তৎকালীন অনৈক্যবদ্ধ জাতিকে ঐক্যবদ্ধ করে একটি সম্পূর্ণ নতুন মদিনা রাষ্ট্রব্যবস্থা চালু করেছিলেন। রাসূল (সা.) সেই কর্মপদ্ধতি থেকে শিক্ষা নিয়েই খ্রিষ্টানদের গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার মূলোৎপাটন করে একটি পূর্ণাঙ্গ নতুন মদিনা রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার পথে এগোতে হবে।

# বিশ্বব্যাপী সভ্যতার উত্থান-পতন (বিশ্বযুদ্ধ)

**বিশ্বযুদ্ধের** প্রকৃত ইতিহাস, বিশ্বব্যাপী নিজেদের একচ্ছত্র কর্তৃত্ব প্রতিষ্ঠা এবং নির্দিষ্ট রাষ্ট্রব্যবস্থার বিস্তার ঘটানোর লক্ষ্যেই বিশ্বযুদ্ধ সংঘটিত হয়। যখন পৃথিবীর শক্তিশালী রাষ্ট্রসমূহ বিশ্বশাসনের চিন্তা নিয়ে দ্বন্দ্বে লিপ্ত হয়, তখন বিশ্বযুদ্ধ আবশ্যিক হয়ে পড়ে। যেমনটি ঘটেছিল ইতিহাসের প্রকৃত প্রথম বিশ্বযুদ্ধে, যা ছিল মূলত তৎকালীন খ্রিষ্টান রোম সাম্রাজ্যের বা বাইজান্টাইন সাম্রাজ্যের সাথে মুসলমানদের মদিনা রাষ্ট্রের সংঘাত।

**প্রথম বিশ্বযুদ্ধ**: এই যুদ্ধে খ্রিষ্টান রোম সাম্রাজ্যের পতনের মধ্য দিয়ে বিশ্বের নেতৃত্বে মুসলমানদের উত্থান ঘটে। তবে ইতিহাসের পাতায় মুসলমানদের বিজয়কে আড়াল করার জন্য একে প্রথম বিশ্বযুদ্ধ হিসেবে স্বীকৃতি দেওয়া হয় না এবং খ্রিষ্টানদের পরাজয়ের কাহিনী বিকৃত করা হয়। প্রথম বিশ্বযুদ্ধের মহানায়ক ছিলেন মুসলিম সেনাপতি খালিদ বিন ওয়ালিদ, যাকে নিয়ে আজও মুসলিম জাতি গর্ববোধ করে। খ্রিষ্টানদের রোম সাম্রাজ্য দীর্ঘ ১০০০ বছর বিশ্বকে নেতৃত্ব দিয়েছিল—ঠিক যেভাবে আমেরিকা বর্তমানে বিশ্বকে নেতৃত্ব দিচ্ছে। খ্রিষ্টান রোম সাম্রাজ্যের বিশ্বব্যবস্থাকে বলা হয় রোমান সভ্যতা, যার মূল ভিত্তি ছিল খ্রিষ্টান রাজতন্ত্র। পুরাতন রোমানরা জুপিটারের পূজা করত এবং তাদের কোন লিখিত সংবিধান ছিল না; বরং রাজার ইচ্ছাই ছিল রাষ্ট্রের চূড়ান্ত আইন। খালিদ বিন ওয়ালিদের হাত ধরে সেই খ্রিষ্টান রাজতন্ত্রী রোমান সভ্যতার অবসান ঘটে এবং মদিনা রাষ্ট্রের ন্যায়ভিত্তিক বিশ্বশাসন প্রতিষ্ঠিত হয়।

**দ্বিতীয় বিশ্বযুদ্ধ**: এই যুদ্ধে মদিনা রাষ্ট্র ভিত্তিক শাসনব্যবস্থা খিলাফতের অবসান ঘটে এবং নতুন সাম্রাজ্যবাদের উত্থান হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ ছিল মূলত উসমানীয় খিলাফতের সাথে উদীয়মান বস্তুবাদী সমাজতন্ত্র ও বিভিন্ন মতবাদের সাথে সংঘাত। এই যুদ্ধের চূড়ান্ত পরিণতিতে উসমানীয় খিলাফতের পতন ঘটে এবং বিশ্বমঞ্চে সাম্রাজ্যবাদের উত্থান হয়। খিলাফত বিশ্বব্যবস্থা দীর্ঘ ১৩০০ বছর ধরে বিশ্বকে নেতৃত্ব দিয়েছিল। আজ মানুষ যেভাবে খ্রিষ্টানদের গণতন্ত্রকে একটি স্বাভাবিক রাষ্ট্রব্যবস্থা হিসেবে গ্রহণ করেছে, তৎকালীন সময়েও মদিনা রাষ্ট্র ছিল বিশ্বজুড়ে সর্বজনগৃহীত একটি রাষ্ট্রব্যবস্থা। মদিনা রাষ্ট্রব্যবস্থাকে বলা হয় মুসলিম সভ্যতা, যার মূল ভিত্তি ছিল ইসলাম। প্রাচীন মুসলিম সভ্যতার অনুসারীরা কেবল এক আল্লাহর ইবাদত করত এবং তাদের রাষ্ট্র পরিচালনার একমাত্র পথ ছিল আসমানী কিতাব। মদিনা রাষ্ট্রের সমাপ্তি ঘটলেও মুসলিম সভ্যতার শান্তির রাষ্ট্রব্যবস্থা বা মদিনা রাষ্ট্রব্যবস্থার সেই মূল সংবিধান আল-কোরআন আজও পৃথিবীতে অবিকৃত ও অক্ষত অবস্থায় বিদ্যমান।

**তৃতীয় বিশ্বযুদ্ধ**: সাম্রাজ্যবাদের পতন ও খ্রিষ্টান আমেরিকার উত্থান, তৃতীয় বিশ্বযুদ্ধ ছিল মূলত সাম্রাজ্যবাদের এবং খ্রিষ্টানদের নেতৃত্বাধীন গণতন্ত্রের মধ্যকার এক চূড়ান্ত লড়াই। তৃতীয় বিশ্বযুদ্ধের পর সাম্রাজ্যবাদের পতন ঘটে এবং খ্রিষ্টানরা বিশ্বনেতৃত্বে আরোহণ করে। বর্তমানে খ্রিষ্টানরা গণতন্ত্রের মাধ্যমেই প্রতিটি রাষ্ট্রকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করে। ইতিপূর্বে সাম্রাজ্যবাদ বিশ্বকে প্রায় ২১ বছর নেতৃত্ব দিয়েছিল, যাকে ইতিহাস হিটলারের উত্থান কিংবা সোভিয়েত শাসনকাল হিসেবে চেনে। সাম্রাজ্যবাদের রাষ্ট্রব্যবস্থাকে বলা হয় বস্তুবাদী কমিউনিস্ট সভ্যতা, তারা লেনিন ও কার্ল মার্কসের মতবাদ গ্রহণ করত। সাম্রাজ্যবাদ রাষ্ট্রব্যবস্থা পরবর্তীতে খ্রিষ্টানদের আমেরিকার কাছে পরাজিত হয়।

**চতুর্থ বিশ্বযুদ্ধ**: এই যুদ্ধের মাধ্যমে বর্তমান প্রচলিত খ্রিষ্টান গণতন্ত্রের পতন ঘটবে। খ্রিষ্টানদের গণতন্ত্র গত ৮৫ বছর ধরে বিশ্বকে নেতৃত্ব দিয়ে আসছে, যা মূলত খ্রিষ্টান রোম সাম্রাজ্যের আধুনিক সংস্করণ। খ্রিষ্টানরা গণতন্ত্রকে ধর্মনিরপেক্ষ বলে। পুরাতন রোমানরা যেমন জুপিটারের পূজা করত, বর্তমান খ্রিষ্টানরা গণতন্ত্র দিয়ে তেমনি ইবলিশের পূজা করে। কারণ, সব মানুষের ধর্ম আছে, কিন্তু ইবলিশের কোন ধর্ম **নেই**, ইবলিশ হলো ধর্মনিরপেক্ষ। যারা খ্রিষ্টানদের গণতন্ত্রকে গ্রহণ করেছে, তারা মূলত সরাসরি ইবলিশের পূজা করছে। খ্রিষ্টানদের গণতান্ত্রিক সংবিধান হলো নিউ ওয়ার্ল্ড অর্ডার। আজ দেশে অনেক নামধারী মুসলমান খ্রিষ্টানদের গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা দিয়ে আল্লাহর দায়িত্ব পালন করার স্বপ্ন দেখে। অথচ আল্লাহর স্পষ্ট নির্দেশ হলো—কাফের বা ইবলিশকে বন্ধুরূপে গ্রহণ করো না। সুতরাং, যারা খ্রিষ্টানদের গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার সাথে যুক্ত থাকবে, তারা সরাসরি ধর্মনিরপেক্ষ ইবলিশের অনুসারি হয়ে যাবে। (সূরা আল-ইমরান: ২৮)

ইতিহাসের দিকে তাকালে দেখা যায়, ১৯১৮ সাল—অর্থাৎ দ্বিতীয় বিশ্বযুদ্ধ (প্রথা অনুসারে প্রথম বিশ্বযুদ্ধ) পরবর্তী সময় থেকে ২০২৬ সাল পর্যন্ত, যেই সকল মুসলমান খ্রিষ্টানদের গণতন্ত্রের অনুসারীদের সাথে আপস করে পৃথিবীতে আল্লাহর আইন বাস্তবায়নের চেষ্টা করেছেন, ওই সকল মুসলমান সফল হতে পারেনি। বরং মুসলমানদের মধ্যে যারা মুনাফিকি নীতি অবলম্বন করেছেন, তারা গণআন্দোলন, হরতাল, সামরিক অভ্যুত্থান কিংবা গুপ্তহত্যার শিকার হয়েছেন। শেষ পর্যন্ত মুনাফিকের আলামত নিয়ে তাদের বিদায় নিতে হয়েছে। এদের সম্পর্কে আল্লাহ তাআলা আল-কোরআনে সতর্ক করে বলেছেন: মুসলমানদের মধ্যে এমন কিছু লোক আছে যারা বলে, আমি আল্লাহ ও পরকালের প্রতি ঈমান এনেছি, অথচ তারা প্রকৃত মুসলমান নয়। (সূরা ফাতির: ৬, সূরা আল-বাকারাহ: ৮)

# রাষ্ট্রব্যবস্থাসমূহ ও তার সংবিধান (শাসনতন্ত্র)

**শাসনতন্ত্র** কাকে বলে?

সভ্যতার বারোটি ভিত্তিকে বাস্তবে রূপদান করার জন্য যে সুনির্দিষ্ট কর্মপন্থা ও নিয়ম-নীতি অবলম্বন করা হয়, তাকেই শাসনতন্ত্র বলা হয়। মূলত আল্লাহর ইচ্ছা অনুযায়ী মানুষের দৈনন্দিন জীবন পরিচালনা এবং পারিবারিক সমস্যার সমাধানের জন্য গৃহীত কর্মপন্থাই হলো শান্তির শাসন বা ইসলামিক শাসন। আল্লাহ তাআলা মুসলমানদের রাষ্ট্রীয় শাসনব্যবস্থা পরিচালনা করার জন্য আল-কোরআনকে ইসলামিক রাষ্ট্রের মূল সংবিধান হিসেবে নির্ধারণ করেছেন, যেখানে সরকার আল্লাহর দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি হিসেবে মুসলমানদের শাসন করবেন।

প্রতিটি রাষ্ট্রব্যবস্থার সার্থকতা নির্ভর করে তার নির্দিষ্ট প্রভু বা আইনদাতার ওপর। যেমন—মুসলমানদের ইসলামিক শাসনতন্ত্রের প্রভু হলেন আল্লাহ তাআলা; রাজতন্ত্রের প্রভু হলো রাজা; বস্তুবাদী সমাজতন্ত্রের প্রভু হলো কার্ল মার্কস এবং খ্রিষ্টান গণতন্ত্রের প্রভু হলো ধর্মনিরপেক্ষ-ইবলিশ। প্রতিটি রাষ্ট্রব্যবস্থার মূল উদ্দেশ্যই হলো জাতিকে তার প্রভুর আইন পালনে বাধ্য করা। মানবজাতির ঐক্য মূলত সেই প্রভুর দেওয়া আদর্শের ওপরই নির্ভর করে। যখন মানবজাতি প্রভুর সুনির্দিষ্ট আদর্শের ভিত্তিতে ঐক্যবদ্ধ হয়, তখনই কেবল রাষ্ট্রের মধ্যে পরিবর্তন আনা সম্ভব। বর্তমান পৃথিবীতে চারটি রাষ্ট্রব্যবস্থা দৃশ্যমান: ১. রাজতন্ত্র, ২. শরীয়াহতন্ত্র, ৩. সমাজতন্ত্র এবং ৪. গণতন্ত্র—এই প্রত্যেকটি রাষ্ট্রব্যবস্থার নিজস্ব আইন আছে যার মাধ্যমে মানুষ পরিচালিত হয়।

১. **রাজতন্ত্র**: বর্তমানে আরব দেশগুলোতে রাজতন্ত্র রাষ্ট্রব্যবস্থা বেশি দেখা যায়। রাজতন্ত্র রাষ্ট্রব্যবস্থায় জাতি রাজার আনুগত্যে ঐক্যবদ্ধ থাকলেও রাজার দীর্ঘস্থায়ী শাসনের ফলে প্রজারা প্রায়শই জুলুমের শিকার হয়। রাজতন্ত্রে রাজা অঢেল সম্পদের মালিক হন এবং সকল ক্ষমতা রাজার হাতেই কুক্ষিগত থাকে। যখন রাজা আল-কোরআন থেকে কিছু নিয়ম রাখে এবং বাকি নিয়ম রাজার হয়, তখন তা ইসলামিক রাজতন্ত্র হয়। রাজতন্ত্রের লক্ষ্য হলো ক্ষমতা ও সম্পদের ওপর ব্যক্তিগত আধিপত্য বজায় রাখা।

২. **শরীয়াহতন্ত্র**: বর্তমানে আফগানিস্তানে এবং ক্ষুদ্র পরিসরে বিভিন্ন স্থানে ইসলামিক রাষ্ট্রব্যবস্থার চর্চা দেখা যায়। ইসলামিক রাষ্ট্রব্যবস্থার প্রধানকে বলা হয় আমিরুল মুমিনিন। তিনি সরকার হলেও তাঁর কোন ব্যক্তিগত ক্ষমতা থাকে না, কারণ ইসলামিক রাষ্ট্রব্যবস্থার আইন সরাসরি আল-কোরআন থেকে নেওয়া হয়। আল-কোরআন থেকে আইন নেওয়ার কারণে ইসলামিক রাষ্ট্রব্যবস্থার বিচার আল্লাহ তাআলার পক্ষ থেকে হয়, যার ফলে মুসলমানদের মধ্যে কোন মৌলিক মতভেদ থাকে না। ইসলামিক রাষ্ট্রব্যবস্থায় সম্পদের প্রকৃত মালিক জনগণ এবং ইসলামিক রাষ্ট্রের মূল লক্ষ্য হলো সকল পরিবারের মধ্যে সম্পদের সুষম ও সঠিক বণ্টন নিশ্চিত করা।

৩. **সমাজতন্ত্র**: বর্তমানে চীন ও রাশিয়ায় সমাজতন্ত্র রাষ্ট্রব্যবস্থা প্রচলিত। সমাজতন্ত্রের নিয়ম হলো—সকল সম্পদের মালিক রাষ্ট্র। রাষ্ট্রের প্রধান ব্যক্তিই সমাজতন্ত্রের আইন প্রণয়ন করেন, যা ওই ব্যক্তিকে অসীম ক্ষমতা প্রদান করে। সমাজতন্ত্রের লক্ষ্য হলো ব্যক্তিগত মালিকানা খর্ব করে সাধারণ জনগণকে সম্পদ থেকে বঞ্চিত রাখা এবং জনগণের উপর পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা।

৪. **গণতন্ত্র**: বর্তমানে আমেরিকা এবং ইউরোপে সবচেয়ে বেশি বিস্তৃত গণতন্ত্র রাষ্ট্রব্যবস্থা। গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় কাগজে-কলমে সকল ক্ষমতার মালিক জনগণ। কথায় জনগণ ক্ষমতার মালিক হলেও বাস্তবে খ্রিষ্টান সংবিধান অনুসরণ করে গণতান্ত্রিক রাষ্ট্রের আইন প্রণীত হয়। খ্রিষ্টানদের গণতন্ত্র রাষ্ট্রব্যবস্থাটি সুকৌশলে মানুষকে ভাগ করে এবং সংঘাতের দিকে ঠেলে দেয়। নির্বাচনের দোহাই দিয়ে এক পক্ষ সামনে অন্য পক্ষকে দাঁড় করিয়ে দেয়। যার ফলে মানুষের মধ্যে স্থায়ী সংঘর্ষের সৃষ্টি হয়। মূলত খ্রিষ্টান গণতন্ত্রের গোপন লক্ষ্য হলো জনগণের মধ্যে অনৈক্য ও মতভেদ সৃষ্টি করা।

৫. **জাদু**: এটি কোন রাষ্ট্রব্যবস্থা নয়। ইহুদী জাতি বিশ্বাস করে সুলায়মান (আ.) যেভাবে অদৃশ্য জগৎ নিয়ন্ত্রণ করতেন এবং রাষ্ট্র পরিচালনা করতেন তা ছিল জাদু। মেসোপটেমিয়ার বিখ্যাত শহর ব্যাবিলনে হারুত ও মারুত নামক দুই ফেরেশতা ছিলেন। ইহুদীরা যখন পরাজিত হয়ে বন্দি হিসেবে ব্যাবিলনে যায়, তখন তারা সেখানকার জাদুর রহস্যময় বিষয়গুলোর সংস্পর্শে আসে। সেখান থেকে প্রাপ্ত জাদু কাবালাহ ইহুদী জাতি আজও চর্চা করে। ইহুদী জাতির মধ্যে যে ব্যক্তি জাদু নিয়ে বিশ্ব শাসন করতে আসবে তাকে হয়তো মুসলিম পূর্বপুরুষরা দাজ্জাল হিসাবে নাম দিয়েছেন। আল্লাহর আইনের বিপক্ষে বর্তমানে খ্রিষ্টানরা তাণ্ডব চালাচ্ছে, এই তাণ্ডবের পরে হয়তো আসবে জাদুর তাণ্ডব যা দিয়ে সকল মুসলমানকে ইসলাম থেকে নির্মূল করার চেষ্টা করবে। যার কারণে আল্লাহর কাছে মুসলমানরা সূরা ফাতিহার শেষ আয়াতে বারবার পাঠ করে ইহুদী ও খ্রিষ্টানদের পথ থেকে দূরে রাখুন।

প্রত্যেক আইনদাতা নিজের আদেশ-নিষেধ অনুযায়ী সভ্যতার বারোটি বিষয়ে নিয়ম ঠিক করে দেয়। মানুষ যখন সেই নিয়ম মেনে চলে, তখন মানুষ সেই প্রভুরই ইবাদতকারী হিসেবে গণ্য হয়। যেমন—বর্তমানে আল্লাহর দেওয়া আইন দিয়ে তালিবানরা রাষ্ট্র পরিচালনা করে। এই জন্য তারা আল্লাহর ইবাদতকারী; অন্যদিকে যারা খ্রিষ্টান আইনের ওপর ভিত্তি করে তৈরি করা গণতন্ত্র মেনে চলছে, তারা ধর্মনিরপেক্ষ ইবলিশের ইবাদতকারী।

# ধর্মনিরপেক্ষ ইবলিশের অপকর্মসমূহ (ইবাদত)

**প্রকাশ্য** পূজা থেকে বাঁচা সম্ভব, কিন্তু মানুষ কীভাবে অদৃশ্য ইবলিশের পূজা থেকে বাঁচবে?
মানুষের শত্রু ইবলিশ। মানুষ শারীরিকভাবে ইবলিশের পূজা করে না। কিন্তু মানুষের মনে ইবলিশ কুমন্ত্রণা প্রদান করে। মানুষ যখন ইবলিশের কুমন্ত্রণা অনুসারে কাজ করে তখন মানুষ ইবলিশের পূজা করে। ইবলিশের পূজা থেকে দূরে থাকার জন্য প্রতেক মুসলমানের ইবলিশের কুমন্ত্রণা সম্পর্কে জানা দরকার। (আন-নাস)

**ধর্মনিরপেক্ষ ইবলিশের কুমন্ত্রণাসমূহ (সর্বনাম মুক্ত): আল্লাহ বলেন—**
০১. অতঃপর আদম ও হাওয়ার লজ্জাস্থান প্রকাশ করার জন্য ইবলিশ আদম ও হাওয়াকে কুমন্ত্রণা দিলো, যা আদম ও হাওয়ার নিকট গোপন রাখা হয়েছিল। (আরাফ: ২০)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: বর্তমান সময়ে ইবলিশ ফ্যাশন, আধুনিকতা এবং ব্যক্তিগত স্বাধীনতার নাম দিয়ে মানুষকে অশ্লীল ও স্বল্প কাপড় পরিধানে কুমন্ত্রণা দেয়। এর ফলে পর্দার বিধান লঙ্ঘিত হয় এবং পরিবারে যৌনতা ও নির্লজ্জতার প্রসার ঘটে যা মানুষের পারস্পরিক সম্মান ও পবিত্রতা নষ্ট করে।

০২. আল্লাহকে পরিত্যাগ করে কাফেররা শুধু নারী মূর্তির পূজা করে বরং কাফেররা মূর্তি পূজার নামে ইবলিশের পূজা করে। (নিসা: ১১৭)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: অতীতের কাফেররা পাথর বা কাঠের নারী মূর্তির পূজা করত। বর্তমান যুগে ইবলিশ আধুনিক কাফেরদের দিয়ে বিনোদন জগত, বিজ্ঞাপন এবং মিডিয়ার মাধ্যমে নারীদেরকে জীবন্ত মূর্তিতে রূপান্তর করে। মানুষ যখন ঐসব আধুনিক নারী মূর্তির পেছনে সময় এবং মেধা ব্যয় করে তখন মানুষ ইবলিশের তৈরি করা আধুনিক পূজা করে।

০৩. এবং ইবলিশ আদম ও হাওয়ার নিকট কসম খেয়ে বলল—নিশ্চয়ই ইবলিশ আদম ও হাওয়ার পম বন্ধু। (আরাফ: ২১)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: বর্তমান সময়ে বিভিন্ন সুযোগসন্ধানী সংস্থা, রাজনৈতিক নেতা বা বিজ্ঞাপনী প্রচার মাধ্যম তারা নিজেদের অসৎ উদ্দেশ্য লুকিয়ে রেখে মানুষকে এমনভাবে প্ররোচিত করে, যেন ঐসব সংস্থা মানুষের বন্ধু। যেমন— খ্রিষ্টানদের জাতিসংঘ মুসলমানদের বলে তোমাদের বাচ্চাদের নিরাপত্তার জন্য আমরা ফ্রি টিকা দিবো। আচ্ছা খ্রিষ্টানরা কি মুসলমানদের কখনো নিরাপত্তা দেবে?

০৪. ইব্রাহীম (আ.) নিজ পিতাকে বলেন, হে পিতা ইবলিশের ইবাদত করো না। নিশ্চয় ইবলিশ নির্দেশ অমান্যকারী। (মরিয়ম: ৪৪)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: ইবলিশের ইবাদত মানে হলো ইবলিশের অনুসরণ করা। বর্তমানে যারা আল্লাহর আইনের বিপরীতে গিয়ে কাফেরদের ধর্মনিরপেক্ষ আইন গ্রহন করেছে তারাই ইবলিশের ইবাদত কারি।

০৫. নিশ্চয় অপব্যয়কারীরা ইবলিশের ভাই। আল্লাহর প্রতি ইবলিশ অতিশয় অকৃতজ্ঞ। (বনী ইসরাঈল: ২৭)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: যারা পুঁজি করে আর ভোগ করে তারা অপব্যয়কারী। নিজের প্রয়োজন নেই জেনেও বিলাসবহুল দ্রব্য ও ঋণের মাধ্যমে অপ্রয়োজনীয় জিনিস কেনে। অর্থাৎ, যখন আল্লাহর আইন অমান্য করে মানুষ বিলাসিতায় ব্যয় করে। তখন মানুষ ইবলিশের ভাই হিসেবে গণ্য হয়। অথচ আল্লাহ এই সম্পদ তাকে দিয়েছেন আর সে কৃতজ্ঞতা প্রকাশ করে না।

০৬. মুসলমানদের একটি মুনাফিক দলকে ইবলিশ বশীভূত করে নিয়েছে, অতঃপর আল্লাহর ইবাদত ভুলিয়ে দিয়েছে। বশীভূত মুনাফিক মুসলমান দলই ইবলিশের দল। সাবধান, ইবলিশের দলই ক্ষতিগ্রস্ত। (মুজাদালাহ: ১৯)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: সোশ্যাল মিডিয়ার নেশা, ২৪/৭ বিনোদন, এবং অর্থ উপার্জনের জন্য অবিরাম দৌড়— এই সবকিছু মুসলমানদের এমনভাবে ব্যস্ত রাখে যে মুসলমান সলাত, কোরআন তিলাওয়াত, যিকিরের কথা ভুলে যায়। যেই সকল মুসলমান আল্লাহর ইবাদত ও আইন ভুলে যায়, তারাই ইবলিশের বশীভূত দল।

০৭. আল্লাহর ইবাদতকারীদের বলে দিন— ইবাদতকারীরা যেন যা উত্তম এমন কথাই বলে। ইবলিশ ইবাদতকারীদের মধ্যে সংঘর্ষ বাধায়। নিশ্চয় ইবলিশ মানুষের প্রকাশ্য শত্রু। (বনী ইসরাঈল: ৫৩)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: সোশ্যাল মিডিয়া বা আলোচনার প্ল্যাটফর্মে পারস্পরকে বিদ্বেষপূর্ণ ভাষা ব্যবহার করতে উৎসাহিত করে। ইবলিশ তুচ্ছ বিষয়ে কথা কাটাকাটি, গুজব ছড়ানো বা রাজনৈতিক বিভেদকে উসকে দিয়ে মুসলিমদের মধ্যে সম্পর্ক নষ্ট করে। যাতে মুসলমানরা ঐক্যবদ্ধ হয়ে কাফেরদের রচিত আইনের বিরুদ্ধে দাঁড়াতে না পারে।

০৮. ইবলিশ মানুষের মধ্যে অনেক দলকে পথভ্রষ্ট করেছে। তবুও কি মানুষ বোঝেনি? (ইয়াসীন: ৬২)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: এই প্রয়োগটি হলো— বিভিন্ন যুগে ইবলিশ নানা মতবাদ ও চিন্তাগত বিভ্রান্তি তৈরি করেছে। যেমন— নাস্তিকতা, ধর্মহীনতা, কাদিয়ানি, জামাত, বস্তুবাদী। বারংবার মানুষ এসব ভ্রান্তির শিকার হচ্ছে।

০৯. আল্লাহর পথে মুসলমানরা জিহাদ করে। পক্ষান্তরে ইবলিশের পক্ষে কাফেররা লড়াই করে। সুতরাং মুসলমানরা যুদ্ধ করুক কাফেরদের বিরুদ্ধে; নিশ্চয়ই ইবলিশের চক্রান্ত একান্তই দুর্বল। (আন-নিসা: ৭৬)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: এখানে ইবলিশের পক্ষে লড়াই বলতে আল্লাহর আইনকে অস্বীকার করে কাফেরদের রচিত আইন ও রাষ্ট্রব্যবস্থাকে রক্ষা করার প্রচেষ্টাকে বোঝায়। বর্তমানে ইবলিশ কাফেরদের প্ররোচিত করে এমন এক বৈশ্বিক রাজনৈতিক ও সামরিক শক্তি গড়ে তুলতে, যা সরাসরি আল্লাহর আইনের বিরুদ্ধে অবস্থান নেয়। অর্থাৎ, আল্লাহর আইন অমান্য করে যারা কাফেরদের রাষ্ট্রব্যবস্থাকে সুরক্ষা দিবে তারা আসলে ইবলিশের সৈনিক, যেমন- আর্মি, বিজিবি। তাই মুসলিমদের বিশ্বাস রাখতে হবে যে তথাকথিত শক্তির মূল অত্যন্ত দুর্বল।

১০. ইবলিশের মুনাফিক মুসলমান বন্ধুরা সৎপথে বাধা দেয়, আর মুনাফিকরা মনে করে যে তারা সৎপথে আছে। (আজ-জুখরুফ: ৩৭)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: এখানে ইবলিশের মুনাফিক বন্ধু বলতে মূলত সেই ব্যক্তিদের বোঝানো হয়েছে যারা আল্লাহর আইন থেকে মুখ ফিরিয়ে নিয়ে ইবলিশের আইন বাস্তবায়ন করে। বর্তমানে ইবলিশের মুনাফিক বন্ধুরা সাধারণ মুসলমানদের এমনভাবে বিভ্রান্ত করে যাতে তারা কাফেরদের আইন মানে। ইবলিশ মুনাফিক মুসলমানদের এমনভাবে প্ররোচিত করে যে মুনাফিকরা মনে করে খ্রিষ্টান আইন মানার পরেও তারা সঠিক পথে আছে।

১১. কতক মানুষ অজ্ঞানতাবশত আল্লাহ সম্পর্কে বিতর্ক করে এবং প্রত্যেক অবাধ্য ইবলিশের অনুসরণ করে। (আল-হাজ্জ: ৩)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: এখানে আল্লাহ সম্পর্কে বিতর্ক বলতে আল্লাহর আইন এবং তাঁর ক্ষমতা নিয়ে সন্দেহ করাকে বোঝায়। বর্তমানে ইবলিশ মানুষকে তথাকথিত যুক্তি ও বিজ্ঞানের দোহাই দিয়ে কাফেরদের রচিত আইনের শ্রেষ্ঠত্ব প্রচার করতে প্ররোচিত করে। যারা আল্লাহর আইনের বিপরীতে মানবরচিত আইনকে শ্রেষ্ঠ মনে করে, তারা আসলে কাফেরদের গোলকধাঁধায় নিজেদের হারিয়ে ফেলে অবাধ্য ইবলিশেরই অন্ধ অনুসরণ করছে।

১২. হে মুসলমানগণ, তোমরা ইবলিশের পদাঙ্ক অনুসরণ করো না। যে মুসলমান ইবলিশের পদাঙ্ক অনুসরণ করবে, তখন তো ইবলিশ নির্লজ্জতা ও মন্দ কাজেরই আদেশ করবে। (আন-নূর: ২১)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: এখানে ইবলিশের পদাঙ্ক অনুসরণ বলতে ধাপে ধাপে আল্লাহর আইন থেকে বিচ্যুত হয়ে কাফেরদের আইন গ্রহণ করাকে বোঝায়। বর্তমানে ইবলিশ সরাসরি কাউকে ইসলাম ছাড়তে বলে না, বরং ধীরে ধীরে কাফেরদের রচিত আইন, অশ্লীল বিনোদন এবং পারিবারিক রীতিনীতিকে আধুনিকতা হিসেবে গ্রহণ করতে প্ররোচিত করে। যখন কোন মানুষ ইবলিশের এই ছোট ছোট ধাপগুলো অনুসরণ করা শুরু করে, তখন ইবলিশ মুসলমানদের দিয়ে বড় বড় নির্লজ্জতা এবং মন্দ কাজ করিয়ে নেয়। মুসলমানরা আল্লাহর সীমানা একবার অতিক্রম করলেই ইবলিশের হাতের পুতুলে পরিণত হয়ে যায়।

১৩. পক্ষান্তরে যারা কাফের ও মুনাফিক তারা ইবলিশের ভাই, ইবলিশ তার ভাইকে জাহান্নামের দিকে নিয়ে যায়, অতঃপর জাহান্নামের জন্য কোন কমতি রাখে না। (আল-আরাফ: ২০২)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: এখানে ইবলিশের ভাই বলতে সেই কাফের ও মুনাফিকদের বোঝানো হয়েছে যারা ইবলিশের আইন বাস্তবায়নে তার সহযোগী হিসেবে কাজ করে। বর্তমানে ইবলিশ তার মানুষ ভাইদের মাধ্যমে সমাজকে ক্রমাগত বিভ্রান্ত করে। যারা আল্লাহর আইনের বদলে কাফেরদের আইন গ্রহণ করে, ইবলিশ তাদের জ্ঞান ও বিবেক এমনভাবে অন্ধ করে দেয় যে তারা আর ফিরে আসার সুযোগ পায় না এবং দিন দিন তাদের ভুল বাড়তেই থাকে।

১৪. মানুষের শত্রু ইবলিশ; অতএব ইবলিশকে শত্রুরূপেই গ্রহণ করো। ইবলিশ কাফের ও মুনাফিকদের আহ্বান করে যেন তারা জাহান্নামি হয়। (ফাতির: ০৬)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: এখানে শত্রুরূপেই গ্রহণ করো বলতে ইবলিশের কোন ব্যবস্থাকে আপস না করে প্রত্যাখ্যান করাকে বোঝায়, যেমন- লালনগীতি, পহেলা বৈশাখ, বাউলগীতি। বর্তমানে ইবলিশ মানুষকে সরাসরি জাহান্নামের দিকে ডাকে না, বরং সে কাফেরদের রচিত আইন, তথাকথিত প্রগতি এবং ধর্মনিরপেক্ষ মতবাদের চাকচিক্য দেখিয়ে তার দলবল ভারী করে। যারা আল্লাহর আইন ছেড়ে খ্রিষ্টানদের আইন গ্রহণ করেছে, তারা মূলত ইবলিশের সেই আহ্বানেই সাড়া দিচ্ছে।

১৫. মানুষ কি ইবলিশ ও তার বংশধরদের অভিভাবক হিসেবে গ্রহণ করছে? অথচ মানুষের শত্রু ইবলিশ। কাফেরদের এই বিনিময় কতই না মন্দ! (আল-কাহাফ: ৫০)
ইবলিশের বর্তমান কুমন্ত্রণা: বর্তমান যুগে ইবলিশের বংশধর বলতে শুধু জিন শয়তান নয়, বরং সেই সব মতবাদ ও সংস্থাকে বোঝায় যারা বংশপরম্পরায় আল্লাহর আইনের বিরোধিতা করে। আল্লাহর আইন ছেড়ে দিয়ে মানুষ যখন খ্রিষ্টানদের আইনকে নিজেদের সংশোধনের মাধ্যম মনে করে, তখন মানুষ আসলে ইবলিশকেই অভিভাবক হিসেবে গ্রহণ করে।

# ইবলিশের মানব অনুসারী (ইহুদী ও খ্রিষ্টান)

**জাতিসংঘ** কাকে বলে?

সেই সকল দেশ খ্রিষ্টানদের গণতান্ত্রিক আইন অনুসরণ করে নিজেদের দেশের আইন তৈরি করেছে তাদের সম্মিলিত কেন্দ্রকে জাতিসংঘ বা ইউনাইটেড নেশনস বলে। জাতিসংঘের প্রধান কাজ হলো বর্তমানে খ্রিষ্টানরা গণতন্ত্রের আড়ালে যেসব অপকর্ম পরিচালনা করে, সেগুলোকে মানুষের সামনে গ্রহণযোগ্য ও সুন্দর করে উপস্থাপন করা। যেমন- আল-আকসা ইস্যু, মুসলিম জাতিকে যখন ইহুদীরা নির্বিচারে হত্যা করে তখন খ্রিষ্টানরা ইহুদীদের নিরাপত্তা নিশ্চিত করে এবং সব ধরনের অত্যাধুনিক মারণাস্ত্র সরবরাহ করে। এমনকি খ্রিষ্টানদের দেশ আমেরিকা একতরফাভাবে তেল আবিবকে ইহুদীদের রাজধানী হিসেবে স্বীকৃতি দিয়েছে। খ্রিষ্টানদের অভ্যন্তরীণ রাজনীতিতেও ইহুদীদের প্রভাব এতটাই যে, নির্বাচনের সময় যে দল ইহুদীদের বেশি নিরাপত্তা দেওয়ার প্রতিশ্রুতি দিতে পারে, তারাই ক্ষমতায় আসবে। প্রকৃতপক্ষে জাতিসংঘ মূলত ইহুদী ও খ্রিষ্টানদের সংঘ। গভীর বিশ্লেষণে দেখা যায় জাতিসংঘ সরাসরি ইবলিশের অপকর্মসমূহ বাস্তবায়ন করে। ইহুদীদের ধ্বংস নিশ্চিত করতে হলে প্রথমে মুসলমানদের ইহুদীদের মূল চালিকাশক্তি খ্রিষ্টানদেরকে ধ্বংস করতে হবে।

**জাতিসংঘের মাধ্যমে খ্রিষ্টানরা কী কী কাজ করে:**

০১. নারীদের নির্লজ্জতা শিক্ষা দেয় পোশাকের স্বাধীনতা দিয়ে।
০২. নাটক-সিনেমাকে মডেল বলে নারীদের লজ্জাস্থান দেখানোর স্বাধীনতা দেয়।
০৩. নারীর অধিকার নাম দিয়ে কর্মস্থলে নারীর সমান উপস্থিতি নিশ্চিত করে।
০৪. উন্নয়নের নামে সুদে ইসরাইলি ব্যাংক থেকে অর্থ নিতে বাধ্য করে।
০৫. আল্লাহর আইন বাদ দিয়ে খ্রিষ্টানদের আইন বাস্তবায়ন করে।
০৬. নির্বাচন পদ্ধতি দিয়ে মানুষকে বিভিন্ন দলে বিভক্ত করে।
০৭. শান্তি মিশন নাম দিয়ে এক মুসলিম ভাইকে দিয়ে অন্য মুসলিম ভাইকে হত্যা করায়।
০৮. নারী ও পুরুষের সমান অধিকার নিশ্চিত করে।
০৯. ধর্ম যার যার, উৎসব সবার বলে সকল মুসলমানকে ইবলিশের পূজা করায়।
১০. খ্রিষ্টানদের সংবিধান নিউ ওয়ার্ল্ড অর্ডার বাস্তবায়ন করে।
১১. খাজনাভিত্তিক খ্রিষ্টান গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা পরিচালনা করে।
১২. শান্তি মিশনের নামে মুসলিম দেশের সম্পদ লুট করতে সাহায্য করে।
১৩. সুদভিত্তিক ব্যবসায়িক নীতি পরিচালনা করে।

**ইবলিশের অপকর্মসমূহের স্থানে খ্রিষ্টান হলে তার বর্তমান রূপ কী হবে:**

১. খ্রিষ্টানরা পোশাকের স্বাধীনতার নামে মুসলমানদের লজ্জাস্থান প্রকাশ করতে সাহায্য করে, যা মুসলমানদের নিকট গোপন। আল্লাহকে পরিত্যাগ করিয়ে খ্রিষ্টানরা মুসলমানদেরকে শুধু নারীর আরাধনা করায় এবং নির্বাচনের মাধ্যমে অবাধ্য ব্যক্তির কথা মান্য করতে বাধ্য করায়। অবাধ্য ব্যক্তিরা নির্বাচনী ইশতেহার দিয়ে শপথ করে বলল, নিশ্চয় আমি মুসলমানদের শুভাকাঙ্ক্ষীদের একজন। হে মুসলমান জাতি, খ্রিষ্টানদের কথা মান্য করো না, নিশ্চয় খ্রিষ্টানরা আল্লাহর অবাধ্য। নিশ্চয় খ্রিষ্টানরা অপব্যয় শিক্ষা দেয়। আল্লাহর প্রতি খ্রিষ্টানরা অতিশয় অকৃতজ্ঞ। মুসলমানদের কিছু মুনাফিক দলকে খ্রিষ্টানরা নির্বাচনের মাধ্যমে বশীভূত করে নিয়েছে, অতঃপর আল্লাহর আইন ভুলিয়ে দিয়েছে। সাবধান, খ্রিষ্টানদের দলই ক্ষতিগ্রস্ত। খ্রিষ্টানরা মুসলমানদের অনেক মুনাফিক দলকে পথভ্রষ্ট করেছে। তবুও কি মুসলমানরা বুঝে না? নির্বাচন দিয়ে মুসলমানদের মধ্যে খ্রিষ্টানরা সংঘর্ষ বাধায়। নিশ্চয় মুসলমানদের প্রকাশ্য শত্রু খ্রিষ্টানরা।

২. যারা মুমিন তারা আল্লাহর জন্য জিহাদ করে। অন্যদিকে যারা শান্তি মিশনে যায় তারা খ্রিষ্টানদের পক্ষে লড়াই করে। সুতরাং মুসলমানরা জিহাদ করতে থাকো খ্রিষ্টানদের পক্ষাবলম্বনকারীদের বিরুদ্ধে, দেখবে খ্রিষ্টানদের চক্রান্ত একান্তই দুর্বল। মুসলমানদেরকে আল্লাহর আদেশ বাস্তবায়ন করতে খ্রিষ্টানরা বাধা দান করে, আর মুসলমান মনে করে যে খ্রিষ্টানরা সৎপথে রয়েছে। কতক মুনাফিক দল অজ্ঞানতাবশত আল্লাহ তায়ালা সম্পর্কে বিতর্ক করে এবং খ্রিষ্টানদের অনুসরণ করে। হে মুমিনগণ, তোমরা খ্রিষ্টানদের পথ অনুসরণ করো না। যে কেউ খ্রিষ্টানদের পথ অনুসরণ করবে, তখন তো খ্রিষ্টানরা নির্লজ্জতা ও মন্দ কাজেরই আদেশ করবে। পক্ষান্তরে যারা খ্রিষ্টানদের-ভাই, তাদেরকে সে ক্রমাগত ইবলিশের পথে নিয়ে যায়, অতঃপর তাতে কোন কমতি করে না। মুসলমানদের শত্রু খ্রিষ্টানরা; অতএব খ্রিষ্টানদেরকে শত্রু রূপেই গ্রহণ করতে হবে। খ্রিষ্টানরা তার দলবলকে আহ্বান করে যেন তারা ইবলিশের অনুসারি হয়।

৩. খ্রিষ্টানরা মুসলমানদেরকে প্রতিশ্রুতি দেয় এবং মুসলমানদেরকে আশ্বাস দেয়। খ্রিষ্টানরা মুসলমানদেরকে যে প্রতিশ্রুতি দেয়, তা সব প্রতারণা নয়। হে মানব জাতি, পৃথিবীর হালাল ও পবিত্র বস্তু-সামগ্রী ভক্ষণ করো, আর খ্রিষ্টানদের কথা শুনো না। নিঃসন্দেহে মুসলমানদের প্রকাশ্য শত্রু খ্রিষ্টানরা।

ইহুদী ও খ্রিষ্টানরা—ইবলিশের হয়ে কাজ করে অর্থাৎ ইবলিশের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি। খ্রিষ্টানরা কীভাবে গণতন্ত্রকে ব্যবহার করে মুসলমানদেরকে ইবলিশের অনুসারী করছে, তা জানতে হবে। খ্রিষ্টানদের নিয়ন্ত্রণ পদ্ধতি বের করতে পারলে মুসলমানরা তাদেরকে প্রতিহত করতে পারবে।

## মুসলমান হয়েও যারা ইহুদী ও খ্রিষ্টানদের অনুসারী (গণতন্ত্র)

**আল্লাহ** তাআলা মানুষের জন্য একমাত্র পূর্ণাঙ্গ রাষ্ট্রব্যবস্থা হিসেবে ইসলামকে মনোনীত করেছেন। ইসলাম কেবল ব্যক্তিগত ইবাদতের নাম নয়, বরং মুসলমানদের একটি রাষ্ট্রব্যবস্থা ও ইনসাফের মানদণ্ড। যখন মুসলমানরা আল্লাহর নাজিলকৃত আইন ছেড়ে মানবরচিত আইন গ্রহণ করে, তখন মুসলমানরা কার্যত আল্লাহর আইনকে অস্বীকার করে ইবলিশের আইন মেনে চলে। আল-কোরআনের ঘোষণা অনুযায়ী—যারা আল্লাহর আইন অনুযায়ী বিচার-ফয়সালা করে না, যারা আল্লাহর সাথে শিরকের ন্যায় চরম জুলুমে লিপ্ত হয় এবং যারা আল্লাহর হুকুমের অবাধ্য হয়, তারাই প্রকৃত জাহান্নামী। বস্তুত, সৃষ্টি যাঁর—নির্দেশ ও আইন দেওয়ার একমাত্র অধিকার তাঁর। সুতরাং, আল্লাহর আইন বর্জন করে মুনাফিক মুসলমানরা খ্রিষ্টানদের পথে চলে এবং সুদ, মদ ও অশ্লীলতাকে প্রশ্রয় দেয়, আল্লাহ আইন ত্যাগ করে মুনাফিকরা মূলত শয়তানের পথ অনুসরণ করে। মুসলিম হওয়ার দাবি হলো—যাবতীয় মানবরচিত আইন ত্যাগ করে সর্বস্তরে আল্লাহর আইনকে শিরোধার্য করা। (আল মায়িদাহ:৪৪, লোকমান:১৩, আল-বাকারা:২৫৪, আল আরাফ:৫৪, আল মায়িদাহ:৫০)

**খ্রিষ্টান প্রতিনিধিদের বর্তমান রূপ**: বর্তমানে যারা মুসলমান দাবি করেও আল্লাহর আইনের পরিবর্তে খ্রিষ্টানদের আইনকে প্রাধান্য দিচ্ছে, তাদের মধ্যে নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলো প্রকাশ পায়।

১. **ঈমানের মাফকাঠি**: যখন বর্তমান মুসলমানদের বলা হয়, সাহাবারা যেভাবে মুসলমান হয়েছে, তোমরাও সেভাবে মুসলমান হও, তখন মুনাফিকরা বলে, নির্বোধ সাহাবারা যেভাবে মুসলমানরা হয়েছে, আমরাও কি সেভাবে মুসলমানরা হবো? (আল-বাকারা: ১৩)

২. **বিচারের মানদণ্ড**: আল্লাহ যা আইন দিয়েছেন, তা দিয়ে যেই সকল মুসলমান বিচার করে না, বরং খ্রিষ্টানদের আইনের মাধ্যমে বিচার করে, তাদেরকে আল্লাহ সুস্পষ্টভাবে কাফের বলেছেন। (আল-মায়িদাহ: ৪৪)

৩. **পাপাচারের বৈধতা**: যে দেশের জনগণ যিনা, সুদ, মদ এবং নারীর অশ্লীলতাকে স্বাধীনতার নামে রাষ্ট্রীয় সুরক্ষা দেয়, তারা সরাসরি আল্লাহর আইন ত্যাগ করে। (বনী ইসরাঈল: ৩২, আল-বাকারা: ২৭৫-২৭৯, আল-মায়িদাহ: ৯০-৯১, আল-আরাফ: ৩৩, আন-নূর: ১৯, আল-মায়িদাহ: ৪৪)

৪. **হুকুমের অংশীদারিত্ব**: সৃষ্টি যার, হুকুম ও আইন দেওয়ার অধিকারও একমাত্র তাঁর। যারা আল্লাহর আইনের সমান্তরালে খ্রিষ্টান আইন মানে, তারা মূলত আল্লাহকে বাদ দিয়ে খ্রিষ্টানদের রব হিসেবে গ্রহণ করে। (আল আরাফ: ৫৪)

৫. **আল্লহার আইন বাস্তবায়ন**: মুসলমানরা কি সেই মুনাফিক লোকদের দেখেনি, যারা বলে, মুসলমানরা যেন এখন যুদ্ধ থেকে হাত গুটিয়ে রাখে এবং মুসলমানরা যাতে নামাজ কায়েম করে ও যাকাত প্রদান করে? (আন-নিসা: ৭৭)

আল্লাহ তাঁর রাসূলকে হেদায়েত ও সঠিক রাষ্ট্রব্যবস্থা সহ পাঠিয়েছেন, যাবতীয় রাষ্ট্রব্যবস্থার উপর একে প্রতিষ্ঠিত করার জন্য, যদিও মূর্তিপূজারিগণ অপছন্দ করে। আল্লাহর রাসূল আল্লাহ কর্তৃক রাষ্ট্রব্যবস্থা মদিনাতে ও মক্কাতে প্রতিষ্ঠা করেছেন, সাহাবীগণ বিশ্বব্যাপী তা পরিচালনা করেছেন। মুসলমানদের রাষ্ট্রব্যবস্থার এই ধারাবাহিকতা দীর্ঘকাল চলার পর উম্মাহর অনৈক্য এবং কাফেরদের ষড়যন্ত্রের ফলে রাষ্ট্রব্যবস্থার পতন ঘটে। মদিনা রাষ্ট্রব্যবস্থার পতনের পরই মুসলমান দেশগুলোতে খ্রিষ্টানদের আইন গেড়ে বসে। (আল ইমরান:১৯, আত তাওবাহ:৩৩)

# সভ্যতার সূত্র অনুসারে মানবজাতিকে পরিচালনার পদ্ধতি (পার্থক্যসমূহ)

**সভ্যতার** আলোচনায় আমরা বলছিলাম, আপনি সভ্যতার বারোটি -১২ মৌলিক বিষয়ের উপর আইন প্রণয়ন করলে দেশের মানুষ আপনার অনুসারী হয়ে যাবে; অর্থাৎ আপনি তাদের পরিচালক হবেন। মুসলমানদের সংবিধান আল-কোরআন। আল্লাহ মুসলমানদের জন্য আল-কোরআনে সভ্যতার বারোটি-১২ মৌলিক বিষয়ের উপর আইন দিয়েছেন। অন্যদিকে, খ্রিষ্টানদের সংবিধান নিউ ওয়ার্ল্ড অর্ডার গণতন্ত্রের মাধ্যমে মানুষের জন্য সভ্যতার বারোটি-১২ মৌলিক বিষয়ের উপর আইন দিয়েছে।

**সভ্যতার বারোটি -১২ মৌলিক বিষয় হলো যথাক্রমে:**
১. সরকার ২. বিচার ৩. ব্যবসা-বাণিজ্য ৪. শিক্ষা ৫. বিবাহ ৬. পরিবার ৭. মূল্যবোধ ৮. চিকিৎসা ৯. সংস্কৃতি ১০. যোগাযোগ ১১. লিখন পদ্ধতি এবং ১২. সুস্পষ্ট ধর্মীয় দর্শন।

**সরকার বা শাসক:** সভ্যতার আইনকে বাস্তবে রূপদান করার জন্য যে সুনির্দিষ্ট কর্মপন্থা ও নিয়ম-নীতি অবলম্বন করা হয়, তাকে শাসনতন্ত্র বলে। শাসনতন্ত্রের আইন অনুসারে জাতিকে পরিচালনা করার কেন্দ্রকে সরকার বা শাসক বলে। এই সরকার ব্যবস্থার যাবতীয় গঠন নীতি নিম্নে দেখানো হলো। (আন-নিসা: ৫৯)

**সরকার ব্যবস্থার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১. রাষ্ট্র ব্যবস্থার উৎস | স্বয়ং আল্লাহর পক্ষ থেকে মুসলমানদের ইসলামিক রাষ্ট্রব্যবস্থা। মুসলমানদের আইন নির্দিষ্ট সময়ের জন্য নয়, বরং কিয়ামত পর্যন্ত সর্বকালের জন্য নতুন ও ত্রুটিমুক্ত। আল্লাহ নিজেই এর আইনদাতা হওয়ায় এতে কোন ভূল বা দুর্বলতা নেই। রাসূল (সা.)-এর সুন্নাহর ভিত্তিতে পরিচালিত এই প্রাচীন রাষ্ট্রব্যবস্থা মুসলমান দের জন্য সবচেয়ে নিরাপদ ও নির্ভুল রাষ্ট্রব্যবস্থা। | পুরাতন রোমান রাষ্ট্রব্যবস্থা থেকে খ্রিষ্টানদের গণতন্ত্র তৈরি হয়েছে। গণতন্ত্র রাষ্ট্রব্যবস্থার ভিত্তি নড়বড়ে হওয়ার কারণে অকেজো ইঞ্জিনের মতো বারবার সংস্কার করতে হয়। গণতন্ত্রকে সংস্কার করে রাষ্ট্র চালাতে গিয়ে দেশের মধ্যে বড় ধরনের রক্তপাত হয়। যেমন—পিলখানা, শাপলা চত্বর, জুলাই হত্যাকাণ্ড। সংস্কার করে কখনোই স্থায়ী শান্তি আনা যায় না। |
| ২. সংবিধান | রাসূল (সা.) মক্কায় ১৩ বছর দাওয়াত দিয়েছেন। এরপর তিনি মদিনায় হিজরত করেন। সেখানে আল্লাহর পক্ষ থেকে ব্যক্তিগত ও রাষ্ট্রীয় সমস্যা সমাধানের আইন বা আয়াত নাযিল হতে শুরু করে। সেই আইনগুলোর পরিপ্রেক্ষিতে রাসূল (সা.) মদিনা রাষ্ট্র গঠন করেন এবং তখন থেকেই আল-কোরআন মদিনা রাষ্ট্রের মুসলমানদের জন্য সংবিধান হিসেবে প্রতিষ্ঠিত হয়। | মদিনা রাষ্ট্রের পূর্বে রোমানরা ছিল আধুনিক। কিন্তু রোমানদের আইন ছিল জুলুম আর নির্লজ্জতায় ভরা। যখন মদিনা রাষ্ট্র চালু হয়, তখন মদিনা রাষ্ট্রের সৌন্দর্য দেখে দলে দলে মানুষ তা গ্রহণ করে। বর্তমান খ্রিষ্টানরা সেই পুরাতন খ্রিষ্টান রোমান আইনগুলো নতুন করে গণতান্ত্রিক সংবিধান বলে চালিয়ে দেয়। আর মানুষের কাছে প্রচার করে সংসদীয় আইন বলে। |
| ৩. রাষ্ট্রীয় কার্যালয় | রাসূল (সা.)-এর সময় মদিনা রাষ্ট্রের প্রধান কার্যালয় ছিল মসজিদে নববী। সেখানে সকলে আসতেন তাদের সমস্যার ব্যাখ্যা দিতে এবং সমাধান নিয়ে যেতেন। এই ধারাবাহিকতায় পার্শ্ববর্তী অঞ্চল নিয়ন্ত্রণ করার জন্য মসজিদকে কার্যালয় হিসেবে ব্যবহার করা হতো। বর্তমানে তার আধুনিক রূপ হবে মডেল মসজিদগুলো, যার বিশাল বারান্দায় যাবতীয় সেবা প্রদান করবে। এর ফলে সেবার জন্য পৃথক কার্যালয়ের প্রয়োজন হবে না। | কাফেররা মসজিদে প্রবেশ করা পছন্দ করে না। যার কারণে খ্রিষ্টানরা তাদের কার্যক্রম পরিচালনার জন্য পৃথক কার্যালয় তৈরি করে। বর্তমানে বাংলাদেশের কোথায় সেনানিবাস, আদালত ও বিশ্ববিদ্যালয় হবে—তার সবকিছুই ব্রিটিশ নকশায় তৈরি করা হয়। খ্রিষ্টানরা বাংলাদেশে মুসলমানদের জন্য কেন্দ্রীয় কার্যালয় হিসেবে সংসদ ভবন তৈরি করেছে। এই সংসদ ভবন থেকে মুসলমানদের জন্য খ্রিষ্টান আইন পাস করা হয়। |
| ৪. রাষ্ট্র পরিচালনা | হজরত ওমর (রা.)-এর আমলে রাষ্ট্র কেবল রাজধানী কেন্দ্রিক ছিল না, বরং তা তৃণমূল পর্যন্ত বিস্তৃত ছিল। মসজিদে নববীর পাশেই ছিল আহলুস সুফফাহ-দের শিক্ষা কেন্দ্র। মসজিদে নববীতে কোন রাষ্ট্রীয় সেবা বা বিচারকার্য পরিচালিত হলে সুফফাবাসী সেখানে উপস্থিত থাকতেন। সেই কাঠামোর আধুনিক রূপ হবে কয়েকটি মসজিদ নিয়ে একটি মারকাজ মসজিদ সাথে মাদরাসা। মারকাজের সকল কার্যক্রম আহলুস সুফফাহ-দের উত্তরসূরি হিসেবে মাদরাসা পর্যবেক্ষণ করবে। পাশাপাশি সচেতন মুমিনদের একটি দল তা প্রত্যক্ষ করবে। এর ফলে প্রশাসনিক কাজে পক্ষপাতিত্ব ও ভুল সিদ্ধান্তের অবসান ঘটবে। | মুসলমানদের মসজিদভিত্তিক পরিচালনা পদ্ধতির বিপরীতে খ্রিষ্টানদের গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা দেশের ক্ষমতা কেবল রাজধানী কেন্দ্রিক কিছু প্রশাসনিক ব্যক্তির হাতে সীমাবদ্ধ রাখে। খ্রিষ্টানদের নিয়মে সাধারণ মানুষের জন্য কোন সরাসরি পর্যবেক্ষণ দল বা আহলুস সুফফাহ-এর মতো নৈতিক তদারকি প্রতিষ্ঠান নেই। ফলে রাষ্ট্রব্যবস্থায় স্বচ্ছতার পরিবর্তে পক্ষপাতিত্ব ও দলীয় প্রাধান্য পায়। TIB ও CPD প্রকাশিত তথ্য অনুসারে, আমলাতান্ত্রিক জটিলতা তৈরি করে গড়ে প্রতি বছর ১২ থেকে ১৫ বিলিয়ন মার্কিন ডলার খ্রিষ্টানদের দেশে পাচার করা হয়, যা দিয়ে প্রতি বছর ৩টি থেকে ৪টি পদ্মা সেতু করা সম্ভব হতো। |

**সরকার ব্যবস্থার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৫. প্রশাসনিক কাঠামো | রাসূল (সা.)-এর সুন্নাহ অনুযায়ী মুসলমানদের প্রাথমিক ফয়সালা মসজিদের মিম্বার থেকেই হয়। মুসলমানদের প্রশাসনিক কাঠামো অনেকটা তাবলিগ জামাতের ন্যায়। যেমন—কিছু মসজিদ নিয়ে একটি মার্কাজ মসজিদ, আবার কিছু মার্কাজ মসজিদ নিয়ে একটি কেন্দ্রীয় মসজিদ। মুসলমানদের সেবা মসজিদ থেকে হওয়ার কারণে ইসলামে কোন দুর্নীতি হয় না। যার ফলে মানুষকে সেবার জন্য মন্ত্রণালয়ের বারান্দায় বারান্দায় ঘুরতে হয় না। মসজিদ কেন্দ্রিক সেবার কারণে মানুষকে নির্দিষ্ট সময়ে গিয়ে রাষ্ট্রীয় সেবা গ্রহণ করার প্রয়োজন হয় না। আল্লাহ মুসলমানদের জন্য ইসলামকে শান্তি হিসেবে পাঠিয়েছেন। | খ্রিষ্টানদের গণতান্ত্রিক রাষ্ট্রকাঠামো (মেম্বার, চেয়ারম্যান, ইউএনও, ডিসি, কমিশনার, সচিব এবং মন্ত্রী পর্যন্ত) এক বিশাল দুর্নীতির জাল তৈরি করে। দুর্নীতিগ্রস্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন, ভাতা এবং জনপ্রতিনিধিদের সম্মানী মিলিয়ে প্রতি বছর ১.২ লক্ষ কোটি টাকা খরচ হয়। এই বিশাল অংকের অর্থ দিয়ে ৪টি পদ্মা সেতু করা যাবে। অথচ এর অর্ধেক অর্থ দিয়েই একটি ইসলামি রাষ্ট্র পরিচালনা করা যায়। খ্রিষ্টানরা মূলত প্রশাসন দিয়ে মুসলমানকে মসজিদ থেকে বিচ্ছিন্ন করে মানুষের তৈরি আইনের অধীনস্থ করে। খ্রিষ্টানদের পদ্ধতি মানুষের জীবনকে জটিল করে ইসলাম থেকে দূরে সরিয়ে রাখে। |
| ৬. দল বা সংগঠন | মদিনা রাষ্ট্রব্যবস্থা অনুযায়ী মুসলমানদের কোন রাজনৈতিক দলের অস্তিত্ব নেই। ইসলাম মুসলমানদের জন্য সরাসরি সরকার গঠন করে। মুসলমানদের প্রথম চার খলিফা—হযরত আবু বকর (রা.), ওমর (রা.), উসমান (রা.) এবং আলী (রা.)—তাঁদের কোন রাজনৈতিক দল ছিল না, তাঁরা ছিলেন সরাসরি মুসলমানদের শাসক। | খ্রিষ্টানদের গণতান্ত্রিক সংবিধান অনুযায়ী মুসলমান দের মধ্যে যত ইচ্ছা দল গঠন করা যায়। এই বহুদলীয় ব্যবস্থার কারণে মুসলমানদের মধ্যে চরম মতভেদ ও বিভক্তি সৃষ্টি হয়। খ্রিষ্টানরা মূলত দলাদলির মাধ্যমেই জনগণকে একে অপরের মুখোমুখি দাঁড় করিয়ে দেয়। যার কারণে মুসলমানদের মধ্যে এক দলের সাথে অন্য দলের মারামারি ও সংঘাত দেখা যায়। |
| ৭. নির্বাচন প্রক্রিয়া | মসজিদে নববী ছিল রাসূল (সা.)-এর মদিনা রাষ্ট্র পরিচালনার প্রধান কার্যালয়। মসজিদে নববী থেকেই আবু বকর (রা.)-কে খলিফা হিসেবে নির্বাচিত করা হয়। সেই আদর্শ অনুসরণ করেই মুসলমানদের নিয়ম হয়—সাধারণ মুসল্লিদের উপস্থিতিতে দেশের জন্য যোগ্য নেতা নির্বাচন মসজিদেই সম্পন্ন হবে। যেহেতু সমাজের মানুষ একে অপরকে খুব ভালো করে চেনেন, তাই কোন অপরাধী ব্যক্তি চাইলেই সমাজের নেতা হতে পারবে না। বাংলাদেশে মসজিদ-ভিত্তিক নির্বাচন পদ্ধতিটি বর্তমানে তাবলিগ জামাতে প্রচলিত আছে। | মুসলমানদের নিয়মে যেখানে মসজিদের মাধ্যমে ঐক্যবদ্ধ নির্বাচনের কথা বলা হয়েছে, সেখানে খ্রিষ্টানদের গণতন্ত্র ঠিক তার উল্টোভাবে কাজ করে। খ্রিষ্টানদের নিয়মে দেশের মধ্যে কয়েকটি দল থাকতে হবে। সেই দল থেকে প্রার্থী নির্বাচন করার জন্য ভোট হবে। যিনি ভোট বেশি পাবেন তিনি দেশের নেতা হবেন। খ্রিষ্টানদের ভোটের কারণে কিছু লোকের ইচ্ছার প্রতিফলন হয়, আর কিছু লোকের হয় না। খ্রিষ্টানরা নির্বাচনে মানুষ পরহেজগারিতা ও যোগ্যতার চেয়ে তার সংখ্যাকে বড় করে দেখে। |
| ৮. প্রার্থী যাচাই | রাসূল (সা.)-এর ওফাতের পর মুমিনদের সর্বসম্মতিক্রমে আবু বকর (রা.)-কে খলিফা হিসেবে নির্বাচন করা হয়। তখন থেকে মুসলমানদের জন্য নেতা নির্বাচনের ধারা সূচনা হয়। আবু বকর (রা.) হন মুসলমানদের যোগ্য নেতা নির্বাচনের মাপকাঠি। তাঁর ওপর ভিত্তি করে মুসলমানদের নিয়ম হয় যে, একজন নেতা ধর্মপ্রাণ মুসলিম বিবাহিত পুরুষ হবেন, যিনি আল্লাহর সকল আদেশ-নিষেধ নিষ্ঠার সাথে মেনে চলেন এবং সুন্নাহ মোতাবেক জীবন পরিচালনা করেন। পাশাপাশি আল-কোরআন ও হাদিসের ওপর তাঁর পরিপূর্ণ জ্ঞান থাকতে হবে। | আমরা বাংলাদেশে প্রায়ই গণতান্ত্রিক নির্বাচন দেখি। বাংলাদেশ যেহেতু মুসলিম প্রধান দেশ, এই দেশের প্রার্থী নির্বাচন ইসলাম অনুসারে হওয়ার দরকার ছিল। কিন্তু গণতন্ত্র খ্রিষ্টানদের হওয়ার কারণে প্রার্থী নির্বাচন প্রক্রিয়া খ্রিষ্টানদের নিয়ম অনুসারে হয়। মুসলমানদের মধ্যে খ্রিষ্টানদের নিয়ম থাকার কারণে মুসলমানদের ভেতরে যারা আল্লাহর আইন মানে না, তারা দেশের নেতা হওয়ার প্রার্থী হতে পারে। যেমন—সুদখোর, চাঁদাবাজ, মদখোর ও যিনাকারীরা দেখবেন নেতা হয়। খ্রিষ্টানদের গণতান্ত্রিক নিয়মে প্রার্থীর চরিত্র ও আমল দেখা হয় না। |
| ৯. নেতার পদত্যাগ | খলিফা ওমর (রা.)-এর সময় হযরত আবু উবাইদাহ ইবনুল জাররাহ (রা.) এবং হযরত মুয়াজ বিন জাবাল (রা.)-এর মতো মহান সাহাবীদের আচরণ থেকে প্রমাণিত হয় যে, ইসলামিক নিয়মে পদত্যাগ একটি নিয়মিত সংস্কৃতি। ইসলামিক নীতি অনুযায়ী একজন দায়িত্বশীল ব্যক্তি পদত্যাগ করতে বাধ্য থাকেন যদি: (১) তিনি কোন ফরজ বিধান অমান্য করেন; (২) আমিরুল মুমিনিন তাঁকে নির্দেশ প্রদান করেন; (৩) বয়স অত্যধিক হয়ে যায়; (৪) শারীরিকভাবে অক্ষম হয়ে পড়েন; অথবা (৫) মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেন। ইসলামিক রাষ্ট্রে পদের মোহের চেয়ে আমানত রক্ষা করা হলো অনেক বড় ইবাদত। | খ্রিষ্টানদের গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় সরকার বা মন্ত্রী পর্যায়ের ব্যক্তিরা জনগণের চরম অনাস্থা সত্ত্বেও স্বেচ্ছায় পদত্যাগ করতে চান না। বরং ক্ষমতা টিকিয়ে রাখার জন্য তারা বল প্রয়োগ করেন এবং পুলিশ বাহিনীকে ব্যবহার করে সাধারণ মুসলমানকে দমন করার চেষ্টা করেন। যার ভয়াবহ রূপ আমরা নব্বইয়ের গণ-অভ্যুত্থান ও জুলাই অভ্যুত্থানের মাধ্যমে দেখেছি। যেখানে ক্ষমতা ধরে রাখতে শত শত মুসলমানের প্রাণ কেড়ে নিতেও সরকার দ্বিধা করেননি। মুসলমানকে হত্যা করে টিকে থাকা মূলত পদের প্রতি লোভ এবং পরকালীন জবাবদিহিতার অভাবেরই বহিঃপ্রকাশ। খ্রিষ্টান আইনে মুসলমান কখনো শান্তি পাবে না। |

**সরকার ব্যবস্থার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১০. রাষ্ট্রীয় আয় | রাসূল (সা.)-এর সময় মদিনা রাষ্ট্রের ব্যবসানীতি ছিল সম্পদের সুষম বণ্টনের ওপর ভিত্তি করে। মদিনা রাষ্ট্রে যাকাত, উশর, জিজিয়া, খারাজ, গনিমত, সদকা, দান এবং খনিজ সম্পদ (যেমন- লবণ খনি) থেকে প্রাপ্ত অর্থ রাষ্ট্র পরিচালনার জন্য ব্যয় করত। এক কথায় বলা যায়, সম্পদশালীদের থেকে অর্থ নিয়ে দরিদ্রদের কল্যাণে ও রাষ্ট্র পরিচালনার জন্য ব্যয় করা হতো। মদিনা রাষ্ট্র জনগণের সেবক হিসেবে কাজ করত। যেমন -বর্তমান সময়ে এক প্যাকেট লবণ কিনলে গরিব যে পরিমাণ খাজনা দেয়, ধনীও ঠিক সেই পরিমাণ খাজনা দেয়; মদিনা রাষ্ট্রে এমন জুলুমের নিয়ম ছিলনা। | বর্তমানে খ্রিষ্টান নিয়ম অনুসারে সরকার দেশ পরিচালনার জন্য জনগণের আয় থেকে খাজনা নেয়। আমরা দৈনিক যেসব প্যাকেটজাত পণ্য কিনি, তা থেকেও সরকার খাজনা আদায় করে। এছাড়া পাসপোর্ট ফি, বিবাহ নিবন্ধন, ড্রাইভিং লাইসেন্স ফি, জন্ম নিবন্ধন ফি কিংবা ট্রাফিক আইন অমান্য করলে যে জরিমানা করা হয়—তা সরাসরি সরকারি খাজনা হিসেবে গণ্য হয়। জমি কেনাবেচা ও নামজারি থেকেও খাজনা গ্রহণ করা হয়। ব্যাংক, রেলওয়ে, বিমান, বিদ্যুৎ, ওয়াসা, তেল, গ্যাস, কয়লা এমনকি বাড়ি ও গাড়ি থেকেও সরকার বিভিন্নভাবে খাজনা আদায় করে। |
| ১১. আন্দলন | মদিনা রাষ্ট্রব্যবস্থায় আন্দোলন মানে হলো আল্লাহর জমিনে আল্লাহর আইন কায়েমের জন্য জিহাদ ফি সাবিলিল্লাহ। ইসলামিক আন্দোলনের মূল ভিত্তি হলো মানুষকে মানুষের গোলামি থেকে মুক্ত করে আল্লাহর গোলামিতে ফিরিয়ে আনা। ইসলামে জ্বালাও-পোড়াও বা সাধারণ মানুষের জানমালের ক্ষতি করার কোন অবকাশ নেই। সাহাবায়ে কেরাম (রা.)-এর আদর্শ অনুযায়ী, আন্দোলন একটি দাওয়াহ ও সংস্কারমূলক প্রক্রিয়া, যা মানুষকে ধ্বংসের পথ থেকে বাঁচিয়ে কল্যাণের পথে ডাকে। ইসলামিক আন্দোলনের উদ্দেশ্য ক্ষমতা দখল নয়, বরং ইনসাফ কায়েম করা। | খ্রিষ্টানদের গণতান্ত্রিক ব্যবস্থায় আন্দোলনের নামে মানুষ দেখে নৈরাজ্য, ভাঙচুর এবং হরতাল। বর্তমানে বাংলা দেশে এক রাজনৈতিক দল অন্য দলকে ক্ষমতা থেকে নামানোর জন্য সাধারণ মানুষের জীবনকে অতিষ্ঠ করে তোলে। রাজনৈতিক ক্ষমতার লোভে তারা জনগণকে রাজপথে ঢাল হিসেবে ব্যবহার করে, যার ফলে জুলাই অভ্যুত্থানের মতো রক্তক্ষয়ী সংঘর্ষ ঘটে এবং শত শত প্রাণ অকালে ঝরে যায়। খ্রিষ্টানদের আন্দোলনগুলো মূলত ব্যক্তিকেন্দ্রিক বা দলকেন্দ্রিক স্বার্থ হাসিলের জন্য হয়, যেখানে পরকালীন মুক্তি বা সাধারণ মানুষের দীর্ঘস্থায়ী শান্তির কোন লক্ষ্য থাকে না। |
| ১২. নির্বাচনী ব্যয় | মুসলমানরা দল গঠনের মাধ্যমে সরকার নির্বাচন করে না, যার কারণে নির্বাচন ব্যয় নেই। মুসলমানরা মসজিদ থেকে শুরু করে কয়েক ধাপের কঠোর যাচাই-বাছাইয়ের পর মুমিনদের দৃষ্টিতে যিনি সবচেয়ে বেশী পরহেজগার, তাঁকেই শূরা সদস্য হিসেবে মনোনীত করে। পরবর্তীতে মনোনীত যোগ্য শূরা সদস্যদের মধ্য থেকেই সরকার গঠন ও মন্ত্রী নির্বাচন করা হয়। | খ্রিষ্টানদের নিয়মে নির্বাচন করতে প্রতিবার ব্যয় হয় ২,৯৫৬ কোটি টাকা, যা দিয়ে প্রায় ১০-১২টি বড় আকারের আধুনিক ৫০০ শয্যার সরকারি হাসপাতাল তৈরি করা সম্ভব। নির্বাচনের জন্য এত বিশাল অর্থ জন গণের কাছ থেকে খাজনা হিসেবে করের মাধ্যমে নেয়। খ্রিষ্টানদের গণতান্ত্রিক পদ্ধতি আল-কোরআনের সূরা ইমরানের ১০৩ নম্বর আয়াতের বিপরীতে কাজ করে। |
| ১৩. রাষ্ট্রীয় ব্যয় | মুমিনদের দিয়ে ইসলামক রাষ্ট্র পরিচালনা করা হয়। মুমিনরা বিলাসিতা পছন্দ করে না; ওমর (রা.) প্রকৃষ্ট উদাহরণ। মুমিনরা সবসময় সাধারণ মানুষের সাথে মিশে থাকে, যার কারণে তাদের আলাদা বাড়ি-গাড়ির প্রয়োজন হয় না। তারা সাধারণ পরিবহন ব্যবহার করে, যা রাষ্ট্রীয় ব্যয় অনেক কমিয়ে দেয়। ইসলামিক ব্যবস্থায় নেতারা ক্ষমতার অপব্যবহার করে অবৈধ সম্পদ অর্জন বা বিলাসী জীবন যাপনের সুযোগ পান না। | বর্তমান খ্রিষ্টানদের রাষ্ট্রব্যবস্থা টিকে আছে বিলাসিতার ওপর। বড় বড় কর্মকর্তাদের আলাদা বাড়ি-গাড়ি দেওয়ার মাধ্যমে রাষ্ট্রীয় ব্যয় বহুগুণ বাড়িয়ে দেওয়া হয়। কর্মকর্তাদের এই বিলাসিতা তাদেরকে সাধারণ মানুষ থেকে দূরে সরিয়ে রাখে। সাধারণ মানুষের সাথে কর্মকর্তাদের এই দূরত্বের কারণে ভ্যাটের-VAT নামে মানুষের থেকে আদায়কৃত খাজনা খ্রিষ্টানদের দেশে পাচার করতে দ্বিধাবোধ করে না। |
| ১৪. অর্থ অপচয় | ইসলামিক রাষ্ট্রের মন্ত্রীরা জনগণের সম্পদকে পবিত্র আমানত মনে করেন। ইসলামিক মন্ত্রীরা বিলাসিতা বর্জন করে সাধারণ জীবন যাপন করেন, ফলে রাষ্ট্রীয় কোষাগার থেকে ব্যক্তিগত সুযোগ-সুবিধার জন্য কোন অর্থ ব্যয় হয় না। মন্ত্রীদের এই মিতব্যয়িতা ও সততার কারণে রাষ্ট্রে সম্পদের অভাব হয় না। যেহেতু দেশে দুর্নীতি নেই, তাই জনগণের ওপর ভ্যাটের মতো পরোক্ষ করের কোন প্রয়োজন হয় না। যদি রাষ্ট্রীয় অর্থ পাচার ও অপচয় বন্ধ করা যায়, তবে বর্তমানে প্রচলিত ১৫% ভ্যাট কমিয়ে সরাসরি ০% এ নামিয়ে আনা সম্ভব। এর ফলে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা বাড়বে এবং দেশের অর্থনীতি শক্তিশালী হবে। | গণতান্ত্রিক ব্যবস্থায় নেতারা ক্ষমতাকে অর্থ উপার্জনের হাতিয়ার হিসেবে ব্যবহার করেন। দুর্নীতির মাধ্যমে অর্জিত অর্থ মন্ত্রীরা আমেরিকা ও ইউরোপের মতো দেশগুলোতে পাচার করে। যাতে মন্ত্রীদের ও তার সন্তানদের বিলাসী জীবন নিশ্চিত হয়। GFI গবেষণা অনুযায়ী দেশ থেকে প্রতি বছর গড়ে ৬৪ হাজার কোটি টাকারও বেশি খ্রিষ্টানদেশে পাচার হয়। এই বিশাল অংকের অর্থ মূলত দেশের সাধারণ মানুষের ট্যাক্স এবং প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সের টাকা। মানুষের টাকা উন্নয়নে কাজে না লাগিয়ে পাচার করা হয়। মন্ত্রীদের পাচার করা অর্থ দিয়ে প্রতি বছর প্রায় ৮০ থেকে ১০০টি পূর্ণাঙ্গ ৫০০ শয্যার হাসপাতাল নির্মাণ করা সম্ভব। |

**সরকার ব্যবস্থার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১৫. ভূমির ব্যবহার | আল্লাহ নিজ কুদরতি ক্ষমতায় এই জমিনকে বিছিয়েছেন। পৃথিবীতে ভূমির পরিমাণ সীমিত, যার কারণে মুসলমানদের দায়িত্ব ভূমির সঠিক ব্যবহার নিশ্চিত করা। মসজিদ মুসলমানদের রাষ্ট্রীয় কার্যালয় হওয়ায় অতিরিক্ত ভবনের প্রয়োজন হয় না। ফলে ভূমিহীনদের ভূমি দেওয়া ইসলামিক সরকারের পক্ষে সহজ হয়। ইসলামিক এই সকল পদক্ষেপ সাধারণ মানুষের মনে ভালোবাসার সৃষ্টি করে এবং সকলকে নামাজ ও রোজার আওতায় আনাও সহজ হয়। | গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা পরিচালনা করতে বড় বড় অফিস-আদালতের প্রয়োজন হয়। কর্মীদের উচ্চ বিলাসী জীবনযাপনের জন্য বিলাসবহুল বাসাবাড়ি ও খেলার মাঠ তৈরি করা হয়। এই সকল কার্যক্রমের জন্য বর্তমান সরকার কয়েক লক্ষ একর জমি দখল করেছে। সরকারের দখলকৃত সকল জমি ও স্থাপনা যদি ভূমিহীনদের মাঝে বিলিয়ে দেওয়া হয়, তবে দেশে কোন ভূমিহীন মানুষ থাকবে না। খ্রিষ্টানদের তৈরি গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার কারণেই আজ মুসলমানরা ভূমিহীন। |
| ১৬. রাষ্ট্রের লক্ষ্য | আল্লাহ তায়ালা মুসলমানদের একমাত্র প্রভু। ইসলামিক সরকারের মূল লক্ষ্য হলো আল্লাহর সন্তুষ্টি অর্জন এবং তাঁরই আইন জমিনে বাস্তবায়ন করা। সরকার কেবল আল্লাহকে ভয় করে এবং তাঁর কাছে জবাবদিহিতার জন্য কাজ করে। আল্লাহর আদেশ মানার পাশাপাশি ইসলামিক সরকারের কাজ হলো সমাজে সঠিক বিচার ও সম্পদের সঠিক বণ্টন নিশ্চিত করা। | বাংলাদেশের গণতান্ত্রিক সরকারের লক্ষ্য হলো ইবলিশ ও দাজ্জালের আদর্শ বাস্তবায়ন করা। বাংলাদেশের সরকার আল্লাহকে বাদ দিয়ে ইবলিশকে রব হিসাবে গ্রহণ করে। যার কারণে সরকারের প্রশাসন বিদেশিদের ভয় করে। যেমন– ইউরোপ, আমেরিকা ও জাতিসংঘ। বাংলাদেশ সরকার শুধু খ্রিষ্টানদের খুশি করতে কাজ করে এবং খ্রিষ্টানদের চক্রান্ত বাস্তবায়ন করে। |

| বিষয় | মুসলমানদের রাষ্ট্রীয় মন্ত্রণালয়সমূহ- (২১) টি | বর্তমান রাষ্ট্রীয় মন্ত্রণালয়সমূহ- (৪৩) টি |
|---|---|---|
| ১৭. মন্ত্রণালয় | ১. শূরা সদস্য নির্বাচন ও পর্যবেক্ষণ বিষয়ক মন্ত্রণালয়<br>২. প্রধান আমিরের কার্যালয়<br>৩. জনপ্রশাসন বিষয়ক মন্ত্রণালয়<br>৪. আল্লাহর আইন ও বিচার বিষয়ক মন্ত্রণালয়<br>৫. ফরজ ও সুন্নাহ বিষয়ক মন্ত্রণালয়<br>৬. সৎ কাজের আদেশ ও অসৎ কাজের প্রতিরোধ বিষয়ক মন্ত্রণালয়<br>৭. অর্থ ও বাইতুল মাল বিষয়ক মন্ত্রণালয়<br>৮. ভূমি ও সম্পদ বণ্টন বিষয়ক মন্ত্রণালয়<br>৯. প্রাকৃতিক সম্পদ বিষয়ক মন্ত্রণালয়<br>১০. ব্যবসা-বাণিজ্য বিষয়ক মন্ত্রণালয়<br>১১. ইসলামিক শিক্ষা বিষয়ক মন্ত্রণালয়<br>১২. চিকিৎসা ও ওষুধ বিষয়ক মন্ত্রণালয়<br>১৩. আধুনিকীকরণ ও বিজ্ঞান বিষয়ক মন্ত্রণালয়<br>১৪. খাদ্য উৎপাদন ও ত্রাণ বিষয়ক মন্ত্রণালয়<br>১৫. যোগাযোগ বিষয়ক মন্ত্রণালয়<br>১৬. মসজিদ শূরা ও সমাজ উন্নয়ন বিষয়ক মন্ত্রণালয়<br>১৭. পরিবেশ ও নদী বিষয়ক বিষয়ক মন্ত্রণালয়<br>১৮. সংস্কৃতি ও সম্প্রচার বিষয়ক মন্ত্রণালয়<br>১৯. পররাষ্ট্র-চুক্তি বিষয়ক মন্ত্রণালয়<br>২০. স্বরাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয়<br>২১. মুজাহিদ বিষয়ক মন্ত্রণালয় | ১. রাষ্ট্রপতির কার্যালয় ২. প্রধান মন্ত্রির কার্যালয় ৩. সশস্ত্র বাহিনী বিভাগ ৪. মন্ত্রিপরিষদ বিভাগ ৫. পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ৬. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ৭. কৃষি মন্ত্রণালয় ৮. বাণিজ্য মন্ত্রণালয় ৯. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় ১০. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ১১. প্রতিরক্ষা মন্ত্রণালয় ১২. জনপ্রশাসন মন্ত্রণালয় ১৩. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ১৪. অর্থ মন্ত্রণালয় ১৫. পররাষ্ট্র মন্ত্রণালয় ১৬. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ১৭. স্বরাষ্ট্র মন্ত্রণালয় ১৮. গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় ১৯. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ২০. ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় ২১. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ২২. আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ২৩. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ২৪. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ২৫. বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ২৬. বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ২৭. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ২৮. খাদ্য মন্ত্রণালয় ২৯. শিক্ষা মন্ত্রণালয় ৩০. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ৩১. বস্ত্র ও পাট মন্ত্রণালয় ৩২. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ৩৩. ভূমি মন্ত্রণালয় ৩৪. পরিকল্পনা মন্ত্রণালয় ৩৫. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ৩৬. নৌ-পরিবহন মন্ত্রণালয় ৩৭. সমাজকল্যাণ মন্ত্রণালয় ৩৮. পানিসম্পদ মন্ত্রণালয় ৩৯. যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ৪০. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ৪১. রেলপথ মন্ত্রণালয় ৪২. বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ৪৩. শিল্প মন্ত্রণালয় |

**বিচার:** দেশ পরিচালনার জন্য সংবিধান লেখা হয়। সেই সংবিধানকে বাস্তবায়ন করার জন্য আইন প্রণয়ন করা হয়। আর সেই আইন অমান্য করলে আপনি হয়ে যাবেন অপরাধী। আপনার অপরাধ নিশ্চিত করে শাস্তি দেওয়াকে বিচার বলে। (আল-আরাফ: ৫৪)

**বিচার ব্যবস্থার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১. আইনের উৎস | রাসূল (সা.) মদিনায় হিজরত করার পর তাঁর নিকট বিভিন্ন পারিবারিক ও সামাজিক বিচারিক সমস্যা আসতে শুরু করে। তখন আল্লাহর নির্দেশনায় রাসূল (সা.) ওই সকল বিচারকার্য সম্পন্ন করতেন। সেই সময় থেকেই মুসলমানদের জন্য আল-কোরআন ও হাদিস আইনের প্রধান উৎস হিসেবে গণ্য হয়। | ব্রিটিশরা ঔপনিবেশিক যুগে মুসলমানদের বিচার করত খ্রিষ্টান আইন দিয়ে। আর খ্রিষ্টান সিভিল আইনের প্রধান উৎস ছিল পুরাতন রোমান আইনগুলো। তৎকালীন রোমানরা ছিল কাফের। বাংলাদেশ দীর্ঘ সময় ব্রিটিশ শাসনের অধীনে ছিল। যার কারণে বাংলাদেশের বর্তমান আইনগুলো খ্রিষ্টানদের থেকে নেওয়া হয়। |
| ২. আইনের ব্যবহার | রাসূল (সা.) কাফেরদের বিচারের ক্ষেত্রে অত্যন্ত ন্যায় পরায়ণ ছিলেন। অধিকাংশ ক্ষেত্রে তিনি কাফেরদের নিজস্ব ধর্মীয় আইন অনুযায়ী বিচার করার সুযোগ দিতেন। তবে রাষ্ট্রীয় শান্তি-শৃঙ্খলার প্রশ্নে রাসূল (সা.) মদিনা রাষ্ট্রের আইন প্রয়োগ করতেন। রাসূল (সা.)-মের বিচারে কোন পক্ষপাতিত্ব ছিল না। মুসলমানদের আইন কোন জাতিকে দমনের জন্য ব্যবহার করা হয় না; বরং সকলের জন্য সঠিক বিচার নিশ্চিত করে। | খ্রিষ্টানদের আইন সব সময় মুসলমানদের দমন করার জন্য ব্যবহার করা হয়। যেমন—খ্রিষ্টান আইনের কারণে দোষী অর্থের বিনিময়ে মুক্তি পায়, নির্দোষ শাস্তি পায়। অসহায় দিনের পর দিন আদালতে ঘোরে। জুলুমকারী মুক্তি পায়, প্রতিবাদকারীর ফাঁসি হয়। ইমাম হন সন্ত্রাসী, পতিতা হন ব্যবসায়ী। মুসলমান হন উগ্রবাদী, ব্যভিচারী হন সুশীল। আল্লাহর আইন লঙ্ঘনকারী হন বিচারক, আল্লাহর আইন মান্যকারী হন জঙ্গি। |
| ৩. আইনে নিষিদ্ধ | মুসলমানদের আইন অনুযায়ী দেশের সকল নারীকে পর্দা করতে হয়। সম্পদে পুরুষের দুইয়ের এক অংশ পায় নারী। সুদব্যবস্থা, নাটক, সিনেমা, মদ্যপান, নারী দিয়ে অশ্লীল বিজ্ঞাপন, প্রেম ও পরকীয়া—এইসব কাজ সম্পূর্ণ নিষিদ্ধ; যা সমাজে পবিত্রতা নিয়ে আসে। | বাংলাদেশে খ্রিষ্টান আইন সমূহ নারীর বেপর্দায় চলাফেরা, নারীর সমান অধিকার, সুদব্যবস্থা, নাটক, সিনেমা, মদ্যপান, নারীর বিজ্ঞাপন, প্রেম-পরকীয়াকে অনুমোদন প্রদান করে ব্যক্তি স্বাধীনতা বলে। খ্রিষ্টানদের এই সকল আইন যিনাকে সহজ করে দেয়। |
| ৪. আইনের প্রভাব | আল্লাহর আইনের প্রভাবে মুসলমানের মনে সবসময় এই বিশ্বাস কাজ করে যে তার বিচার সরাসরি আল্লাহর আইন অনুযায়ী হচ্ছে। এর ফলে মানুষের ভেতরে এক ধরনের আধ্যাত্মিক প্রশান্তি ও পরকালীন জবাবদিহি তার ভয় থাকে। এই ভয় মানুষকে গোপনে অপরাধ করা থেকে বিরত রাখে। যখন মানুষ মনে করে বিচার হবে দ্রুত এবং সবার সামনে, তাই সে ইনসাফ পাওয়ার ব্যাপারে নিশ্চিত থাকে এবং সমাজের ওপর তার একটা গভীর আস্থা তৈরি হয়। আল্লাহর আইন মানুষের চিন্তায় পবিত্রতা আনে এবং মানুষকে একটি সুশৃঙ্খল ও পাপাচারমুক্ত জীবন যাপনে মানসিকভাবে উদ্বুদ্ধ করে; যা সমাজে শান্তি বয়ে আনে। | বাংলাদেশে প্রচলিত খ্রিষ্টান আইনের প্রভাবে মুসলমানদের মনে বর্তমান আইন নিয়ে এক ধরনের ভীতি ও অবিশ্বাস তৈরি হয়েছে। মুসলমানরা যখন দেখে বর্তমান আইনে টাকা ও উকিলের মারপ্যাঁচে অপরাধ করে পার পাওয়া যায়, তখন ইনসাফ কমে যায় আর অপরাধী বারবার অপরাধ করার সাহস পায়। বাংলাদেশের বিচার ব্যবস্থা দীর্ঘসূত্রতার কারণে বিচারপ্রার্থীরা মানসিকভাবে ভেঙে পড়ে এবং তাদের মনে আইনের ওপর ক্ষোভ তৈরি হয়। খ্রিষ্টান আইনসমূহ ব্যক্তি স্বাধীনতার নামে অনেক অনৈতিক কাজের সুযোগ দেয়। যা মানুষের চিন্তাচেতনা থেকে পরকালীন ভয় দূর করে এবং মানুষ কেবল দুনিয়াবি স্বার্থ ও ভোগবিলাসের পেছনে ছুটে। |
| ৫. বিচারক | রাসূল (সা.)-এর পর যে ব্যক্তি আল-কোরআন ও হাদিসের ওপর বেশি জ্ঞানী ছিলেন তাকে বিচারক মানা হতো। মুসলমানদের মধ্যে মুফতি, মুহাদ্দিস ও ফকীহগণ কোরআন ও হাদিসের ওপর বেশি জ্ঞানী। যার কারণে আল্লাহর কাছে গ্রহণযোগ্য বিচারের জন্য ইসলামিক সরকার মুফতি, মুহাদ্দিস ও ফকীহগণকে বিচারক (কাযী) হিসেবে নিয়োগ প্রদান করে। তারা বিচার করায় দুনিয়ার বিচার দুনিয়াতেই শেষ হয়। | বাংলাদেশের সংসদীয় গণতান্ত্রিক আইন শেখার জন্য মুসলমানদেরকে খ্রিষ্টান দেশসমূহে গিয়ে পি.এইচ.ডি. করতে হয়। মূলত সংসদের মাধ্যমে মুসলমানদের জন্য যে সকল আইন পাস করা হয় তার অধিকাংশই খ্রিষ্টান আইন। আর খ্রিষ্টান আইন শিক্ষা গ্রহণ করে কিছু লোক মুসলমানদের বিচার করে। মুসলমানদের মধ্যে যারা পরিপূর্ণভাবে খ্রিষ্টান আইন শিক্ষা গ্রহণ করে তারা প্রমাণস্বরূপ সাদা বাঁকানো পরচুলা পরে। |

বিচার ব্যবস্থার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৬. বিচার প্রক্রিয়া | রাসূল (সা.)-এর যুগ থেকেই মুসলমানরা মসজিদের বারান্দায় প্রকাশ্যে বিচারকার্য সম্পন্ন করত। মসজিদে নববীর পাশে ছিল আহলে সুফফার অবস্থান। রাসূল (সা.)-এর ওফাতের পরে মসজিদে নববীতে যেসব সেবা ও বিচারিক কার্যক্রম পরিচালিত হতো তা দেখার জন্য আহলে সুফফার ছাত্ররা সেখানে উপস্থিত থাকত। বর্তমান সময়ে ওই বিচার প্রক্রিয়া বোঝার জন্য বলা যায়, তখন মসজিদে বিচার হতো এবং মাদ্রাসার শিক্ষার্থীরা বিচার প্রক্রিয়া প্রত্যক্ষ করত। | মধ্যযুগে খ্রিষ্টান রোমানরা নিজেদের আধুনিক মনে করত, ঠিক যেমন বর্তমান প্রেক্ষাপটে খ্রিষ্টানদের আমেরিকা মনে করে। মধ্যযুগে রোমানরা মুসলমান দের দমনের লক্ষ্যে নতুন নতুন আইন প্রণয়ন করত এবং সেই আইন অনুযায়ী বিচারকার্য পরিচালনা করত। রোমানরা বিচার করত বন্ধ কক্ষে, যার অনুসরণ করে বাংলাদেশে বিচারকরা বন্ধ কক্ষের ভেতরে বিচার করে। বন্ধ কক্ষে বিচার করার ফলে সাধারণ মানুষের পক্ষে বিচার প্রক্রিয়া দেখা সম্ভব হয় না। |
| ৭. বিচারের উদ্দেশ্য | মানুষের মধ্যে সুবিচার প্রতিষ্ঠা করতে আল্লাহর আইন দিয়ে মুসলমানরা বিচার করে। মুসলমানদের বিচার ব্যবস্থায় নির্যাতিতরা অত্যন্ত দ্রুততার সাথে সুবিচার লাভ করে এবং বিচারের মাধ্যমে কাউকে অহেতুক আইনি হয়রানি করা হয় না। আল্লাহর আইন দিয়ে বিচারের উদ্দেশ্য শুধু শাসন করা নয় বরং আল্লাহর আইনের মাধ্যমে বিচার করে প্রত্যেককে দুনিয়াবি ইনসাফ দেওয়া। আল্লাহর আইন অনুসারে একজন মন্ত্রী যেমন সম্মানিত তেমনি একজন কৃষকও তেমন সম্মানিত। আল্লাহর আইন অনুসারে ব্যক্তির মর্যাদা নির্ভর করে তার আমলের উপর। | বর্তমান বাংলাদেশে খ্রিষ্টানদের আইন দিয়ে বিচার করা হয়। মানুষ যখন মানুষের জন্য আইন ঠিক করে তখন এর উদ্দেশ্য হয় কিভাবে অপরাধ করে বাঁচা যায় তার পথ বের করা। বর্তমানে আপনি একটা মামলা করলেন, বিচারক কম হওয়ায় আপনাকে প্রতি মাসে আদালতে যেতে হয়। দেখা যায় আপনি সকল কাজ বন্ধ করে আদালতে গেলে তখন শুনলেন জজ সাহেব আজ আদালতে আসবেন না, তখন আপনাকে পরবর্তী মাসের তারিখ দেওয়া হয়। মূলত খ্রিষ্টান আইনের মাধ্যমে মানুষের গলায় রশি লাগিয়ে দেওয়া হয়, এই রশি দিয়ে তারা মানুষকে ঘুরায়। |
| ৮. বিচার ব্যবস্থার খরচ | রাসূল (সা.)-এর যুগ থেকে মুসলমানদের বিচারকার্য মসজিদে সাধারণ মানুষের সামনে সরাসরি সম্পন্ন হতো, তাই এখানে কোন উকিল বা দালালের প্রয়োজন হয় না। উকিল না থাকার ফলে একজন সাধারণ মানুষকে মামলার পেছনে কোন প্রকার মাসিক খরচ বহন করতে হয় না। মুসলমানদের সম্পূর্ণ অধিকার বিনামূল্যে বিচার পাওয়া। মহান আল্লাহর ইবাদত মনে করে মুফতি, মুহাদ্দিস ও ফকীহগণ মুসলমানদের বিচার করেন। কাযীগণ মসজিদকেন্দ্রিক বিচার করার কারণে মুসলমানদের বিচার পাওয়ার জন্য অর্থ ব্যয় করতে হয় না এবং অর্থহীন মামলা-মোকদ্দমার পেছনে দৌড়ে কাউকে দেউলিয়া হতে হয় না। | বাংলাদেশে খ্রিষ্টান আইনের কারণে বিচারপ্রার্থীদের প্রতি বছর আনুমানিক ১৫ হাজার কোটি টাকারও বেশি অর্থ মামলার পেছনে ব্যয় করতে হয়। মামলার শুরুতেই উকিলের ফি, স্ট্যাম্প কেনা এবং আদালতের নানা প্রশাসনিক খরচের নামে মুসলমানদের পকেট থেকে বিশাল অঙ্কের টাকা চলে যায়। বিচারক কম হওয়ার কারণে একটি মামলা ৫ থেকে ১০ বছর চলে। এত সময়ের কারণে যাতায়াত ও আনুষঙ্গিক খরচ মিলিয়ে সাধারণ একটি জমির মামলার পেছনেই গড়ে কয়েক লক্ষ টাকা খরচ হয়। খ্রিষ্টানদের বিচারব্যবস্থা মূলত একটি টাকার খেলা, যেখানে দরিদ্র মানুষ অর্থের অভাবে লড়াই করতে না পেরে নিঃস্ব হয়ে যায়। |
| ৯. আদালতের রায় | রাসূল (সা.)-এর সময় মাখজুম গোত্রের প্রভাবশালী এক নারী চুরি করেন। রাসূল (সা.) সেই নারীর ওপর আল্লাহর নির্ধারিত শাস্তি হাত কাটার নির্দেশ দেন। রাসূল (সা.)-এর সময় থেকে সাক্ষী ও প্রমাণ যদি তাৎক্ষণিক উপস্থিত থাকত, তবে মুসলমান বিচারকরা সাথে সাথে মামলার রায় দিয়ে দিতেন। মুসলমানদের এই ধরনের রায় দ্রুত ইনসাফ প্রতিষ্ঠা করে। | বাংলাদেশে খ্রিষ্টানদের বিচার ব্যবস্থায় আপনি যদি অপরাধী হন এবং প্রমাণসহ সাক্ষীও যদি উপস্থিত থাকে, তবুও বিচারক সাথে সাথে রায় দিতে পারে না। কারণ খ্রিষ্টানদের কিছু প্রশাসনিক কাগজপত্রের নিয়ম আছে। কাগজপত্রের নিয়মের মাধ্যমে খ্রিষ্টানরা অপরাধকে দীর্ঘায়িত করে। অপরাধ যখন দীর্ঘায়িত হয়, তখন ইনসাফ বিলম্বিত হয়। |
| ১০. রায় কার্যকর | মদিনার ইহুদী গোত্র বনু কুরাইজা খন্দকের যুদ্ধের সময় মদিনা রাষ্ট্রের বিরুদ্ধে মক্কার কুরাইশদের নিয়ে ষড়যন্ত্র ও চুক্তি লঙঘন করেছিল। যুদ্ধের পর তাদের বিচারের দায়িত্ব দেওয়া হয় সাদ ইবনে মুয়াজ (রা.)-এর ওপর। তিনি অপরাধের গুরুত্ব অনুযায়ী পুরুষদের মৃত্যুদণ্ডের রায় দেন। রাসূল (সা.) এই রায়কে সমর্থন করেন এবং বলেন, এটি আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত রায়। রায় দ্রুত কার্যকর হলে প্রমাণ মুছে যাওয়ার প্রবণতা কমে যায় এবং ইনসাফ দ্রুত প্রতিষ্ঠিত হয়। | আল্লাহ অন্যায়ভাবে হত্যাকারীকে মৃত্যুদণ্ড দিতে বলেছেন, কিন্তু খ্রিষ্টানদের আইনের ফাঁকফোকর দিয়ে হত্যাকারী মুক্তি পায়। খ্রিষ্টানরা মূলত আল্লাহর আদেশের বিপক্ষে কাজ করে। যেমন— আপনি দেখবেন, অনেক হত্যাকারী রাষ্ট্রপতির আদেশে ফাঁসি থেকে মুক্তি পায়। এই ধরনের মুক্তির কারণে মুসলমান দের মধ্যে হত্যা আরও বৃদ্ধি পায়। আর মৃত্যুদণ্ডপ্রাপ্ত অপরাধী মুক্তি পায়, অন্যদিকে মৃত ব্যক্তির পরিবার ইনসাফ পায় না। এই মুক্তি ইসলামের দৃষ্টিতে জুলুম। |

**ব্যবসা-বাণিজ্য:** ক্রয়-বিক্রয় বা কেনা-বেচাকে ব্যবসা-বাণিজ্য বলে। ব্যবসা-বাণিজ্যর মাধ্যমে অর্থের আদান-প্রদান হয়। অর্থের আদান-প্রদান সংক্রান্ত নীতিকে অর্থনীতি বলে। অর্থাৎ, অর্থ কীভাবে আসবে এবং কীভাবে ব্যয় হবে, তার নিয়ম হলো অর্থনীতি। (আল-বাক্বারাহ: ২৭৫)

**ব্যবসার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১. ব্যবসা নীতি | রাসূল (সা.) মদিনা রাষ্ট্র গঠন করার পরে মুসলমান দের জন্য সুক-এ-মদিনা নামে বাজার তৈরি করেন। রাসূল (সা.)-এর হাতে গড়া মদিনার বাজারের দিকে তাকালে দেখা যায়, মুসলমানদের ব্যবসা ছিল খাজনা মুক্ত ক্ষুদ্র ব্যবসা নীতির ওপর প্রতিষ্ঠিত। ক্ষুদ্র ব্যবসার ওপর যখন যাকাত ও মিরাস প্রয়োগ করা হয়, তখন জমাকৃত সম্পদ একটি নির্দিষ্ট সময় পর ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত হয়ে দেশে ছড়িয়ে পড়ে। ক্ষুদ্র ব্যবসা নীতিতে পারস্পরিক নির্ভরশীলতা বেশি। নির্ভরশীলতা যত বেশি হবে, সমাজে অর্থের প্রবাহ তত বৃদ্ধি পাবে। অর্থের প্রবাহ বৃদ্ধির ফলে সম্পদ কেবল গুটিকয়েক জন ধনীর হাতে জমা হতে পারবে না। | ইহুদী-খ্রিষ্টানরা সম্পদ জমা করে কারুন হতে পছন্দ করে। বর্তমান বিশ্বে সকল ধনী ব্যক্তি হয় ইহুদী না হয় খ্রিষ্টান। কারণ ব্যক্তিকে ধনী হতে হলে সম্পদ জমা করতে হয়। সম্পদ জমা করার জন্য ইহুদী-খ্রিষ্টানরা সুদভিত্তিক লিমিটেড ও গ্রুপ কোম্পানি নাম দিয়ে কারুনের মত একচেটিয়া ব্যবসার নিয়ম চালু করে। যেহেতু ইহুদী-খ্রিষ্টানদের উদ্দেশ্য সম্পদ জমা করা, তাই তারা মেমোরেন্ডাম ও অ্যাসোসিয়েশন আইন দিয়ে নিয়ম করেছে ব্যক্তি মারা গেলেও ব্যবসা প্রতিষ্ঠান মারা যাবে না। মেমোরেন্ডাম আইনে যাকাত ও মিরাস না থাকার কারণে দেশের সম্পদ গুটিকয়েক জন ধনীর হাতে জমা হতে শুরু করে। |
| ২. বৃহৎ ব্যবসা | রাসূল (সা.)-এর হাতে গড়া মদিনা বাজারে পার্শ্ববর্তী অঞ্চল সিরিয়া ও ইয়েমেন থেকে উসমান (রা.) এবং আব্দুর রহমান (রা.)-এর মতো বড় ব্যবসায়ীরা অনেক বেশি পরিমাণ পণ্য নিয়ে আসতেন। উনারা বড় আমদানি কারক হওয়া সত্ত্বেও মদিনার বাজারে খুচরা পণ্য বিক্রয় করতেন না। উনারা স্থানীয় ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীদের কাছে বড় লটে পণ্য বিক্রয় করতেন। যার বর্তমান রূপ অনেকটা এমন যে, লিমিটেড কোম্পানি গুলো নিজেরা খুচরা বিক্রয় করত না; তারা খুচরা ও পাইকারি ব্যবসায়ীদের নিকট পণ্য বিক্রয় করত। | বর্তমানে ইহুদী-খ্রিষ্টানরা ব্যবসায়িক আইন করেছে—লিমিটেড কোম্পানি হলো একজন কৃত্রিম ব্যক্তি। এই কৃত্রিম ব্যক্তি মামলা করতে পারবে, ঋণ নিতে পারবে। ফলে একজন কৃত্রিম ব্যক্তি পণ্য আমদানি করে, আরেকজন কৃত্রিম ব্যক্তি পণ্য বাজারজাত করে, আরেকজন কৃত্রিম ব্যক্তি পণ্য খুচরা বিক্রয় করে। এই সকল কৃত্রিম ব্যক্তির মালিক একজনই হয়, যাকে গ্রুপ কোম্পানি বলে। যেমন—একটি গ্রুপ কোম্পানি চাল, ডাল, তেল থেকে শুরু করে সিমেন্ট, ব্যাংক এবং মিডিয়া পর্যন্ত সব সেক্টরে ব্যবসা করতে পারে। |
| ৩. ক্ষুদ্র ব্যবসা | মুসলমানদের একক মালিকানাধীন ক্ষুদ্র ব্যবসানীতি বিশ্বের প্রাচীনতম সহজ ব্যবসানীতি। ছোট দোকান দিয়ে এই ব্যবসা শুরু করা যায়। ক্ষুদ্র ব্যবসানীতিতে একজন ব্যক্তি যত খুশি পণ্য সংগ্রহ ও বিক্রি করতে পারেন। ক্ষুদ্র ব্যবসাকে বর্তমানে আমরা খুচরা ব্যবসায়ী হিসেবে চিনি। এই ক্ষুদ্র ব্যবসা অর্থনীতিকে ভেতর থেকে শক্তিশালী করে। সম্পদের পাহাড় করা জন্য অর্থ নীতিকে দূর্বল করে ইহুদী-খ্রিষ্টানরা লিমিটেড ও গ্রুপ কোম্পানি দিয়ে ক্ষুদ্র ব্যবসায়ীদের বাজার নষ্ট করে দেয় | ক্ষুদ্র ব্যবসায়ীদের বাজার যত নষ্ট হবে, সম্পদ তত বেশি কিছু কোম্পানির হাতে জমা হবে। বর্তমানে ইহুদী-খ্রিষ্টানদের নিয়মে গড়া লিমিটেড ও গ্রুপ কোম্পানি গুলো মূলত খুচরা ব্যবসায়ীদের বাজার নষ্ট করে দেয় এবং সম্পদকে নির্দিষ্ট গণ্ডিতে আটকে রাখে। কারণ কোম্পানিগুলোর পুঁজি ও ক্ষমতা খুচরা ব্যবসায়ীদের তুলনায় অনেক বেশি। খুচরা ব্যবসায়ীরা যত দুর্বল হবে, অর্থনীতি তত বেশি কোম্পানিগুলোর হাতে নিয়ন্ত্রিত হবে। তখন কোম্পানিগুলো চাইলে দাম বাড়বে-কমবে। |
| ৪. ব্যবসার নিয়ম | রাসূল (সা.)-এর সুকে মদিনার ব্যবসানীতি থেকে মুসলমানরা জানতে পারে, যদি মুসলমানরা স্বাবলম্বী হতে চায় এবং জমাকৃত সম্পদ কয়েক প্রজন্ম পর পর সমাজে ছড়িয়ে দিতে চায়, তাহলে ব্যবসাকে তিন স্তরে ভাগ করতে হবে। ১. সাগির, ২. ওয়াসাত ৩. কাবির। এই তিন স্তরের ব্যবসার নিয়ম হবে—কাবির ব্যবসায়ীরা সাগির ও ওয়াসাত ব্যবসায়ীদের নিকট পণ্য বিক্রয় করবেন, ওয়াসাত ব্যবসায়ীরা শুধু লট ধরে পণ্য বিক্রয় করবেন। ওয়াসাত ও কাবির ব্যবসায়ীরা খুচরা বাজারে বিক্রয় করতে পারবেন না। সাগির ব্যবসায়ীরা সকল পন্য খুচরা বিক্রি করতে পারবে। এই তিন স্তরের ব্যবসা নীতি দেশের মধ্যে অর্থের সমবন্টন নিশ্চিত করবে। | বর্তমানে বাংলাদেশে ব্যবসার তিনটি নিয়ম আছে। ১. একক মালিকানা যারা ক্ষুদ্র ব্যবসায়ী। ২. পাইকারি বা ডিলার যারা লট কিনে আনে। ৩. লিমিটেড বা গ্রুপ কোম্পানি। এখানে খুচরা ও পাইকারি নিয়ম দুইটি ঠিক আছে কিন্তু লিমিটেড কোম্পানির নিয়ম ঠিক নেই। যেখানে মুসলমানদের নিয়ম লিমিটেড কোম্পানি খুচরা ও চেইন শপ খুলে বিক্রয় করতে পারবে না। যেখানে ইহুদী-খ্রিষ্টানদের নিয়ম লিমিটেড কোম্পানি খুচরা বাজারে বিক্রয় ও চেইন শপ খুলতে পারবে। আবার ইহুদী-খ্রিষ্টানদের নিয়মে একজন ব্যক্তি একাধিক কোম্পানি খুলতে পারবে এবং প্রত্যেক কোম্পানিকে একজন কৃত্রিম ব্যক্তি হিসেবে বিবেচনা করা হয়। |

**ব্যবসার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৫. ব্যবসার ভিত্তি | মুসলমানদের ব্যবসার ভিত্তি হলো যাকাত। মুসলমানরা সারা বছর ব্যবসা করে আয় করবে। আর সেই আয় থেকে রমজানের আগে গরিবদের জন্য কিছু পরিমাণ সম্পদ ব্যয় করবে। মুসলমানদের এই নিয়মের ফলে সমাজে মধ্যে ধনী-গরিবের দূরত্ব কমে আসে। | ইহুদী-খ্রিষ্টানরা মুসলমানদের যাকাতভিত্তিক ব্যবসা নিয়ম মানে না। তারা যাকাতকে জরিমানা মনে করে, আর সুদকে সম্পদ বৃদ্ধির মাধ্যম মনে করে। ইহুদীরা কারুনের মত সম্পদ গড়ার জন্য বর্তমান ব্যবসায়িক আইনের মধ্যে সুদকে সংযোগ করেছে। |
| ৬. সম্পদ বণ্টন | সূত্র: A = (S - Z) / M<br>মোট সম্পদ = (সম্পদ - যাকাত ২.৫%) / মিরাস বা উত্তরাধিকার-মালিকের মৃত্যুর পর যা সম্পদকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে ভাগ করে দেয়।<br>**ফলাফল:** সম্পদের ইনসাফভিত্তিক বণ্টন হয়, যাকে ইকুয়ালিটি বলা হয়। মুসলমানদের মধ্যে সমতা আছে, তবে সেটি ধর্মের ক্ষেত্রে নয় বরং সম্পদের ক্ষেত্রে। | সূত্র: A = P (1 + r) n<br>মোট সম্পদ = মূলধন-প্রাথমিক বিনিয়োগ (মূল পুঁজি + সুদের হার বা মুনাফা, যা মিরাস বা যাকাতের মাধ্যমে কমে না) সময় (যেহেতু প্রতিষ্ঠান মরে না, তাই এই সময় বা n অনন্তকাল চলতে পারে।<br>**ফলাফল:** সম্পদ গুটিকয়েক জন ব্যক্তির হাতে পাহাড় সমান জমা হয়। যাকে ক্যাপিটালিজম বলা হয়। |
| ৭. ব্যবসার প্রভাব | খলিফা ওমর (রা.)-এর শাসনামলে মুসলমান কর্ম চারীরা যাকাতের টাকা নিয়ে রাস্তায় রাস্তায় ঘুরতেন। কিন্তু যাকাত নেওয়ার মতো কোন অভাবী মানুষ পাওয়া যেত না। মুসলমানরা এতটাই স্বাবলম্বী হয়ে গিয়েছিল যে, তারা নিজেরাই দান করতে চাইত। মুসলমানদের যাকাতভিত্তিক ব্যবসা নীতি মানুষকে স্বাবলম্বী করে তুলেছিল। কারণ—ব্যবসায়ীরা ব্যবসার লভ্যাংশ থেকে যাকাত দিতেন এবং জমির মালিকরা ফসল থেকে যাকাত দিতেন, যাকে উশর বলা হয়। | বর্তমানে দেশের রাস্তার পাশে-রেললাইনের বস্তিতে হাজার হাজার গরিব মানুষ দেখা যায়। সুদভিত্তিক ব্যবসানীতির কারণে তারা গরিব থেকে যাচ্ছে। সুদের কারণে সম্পদ কিছু কোম্পানির হাতে জমা হয়। জমাকৃত সম্পদ থেকে এই কোম্পানিগুলো যাকাত না দেওয়ার ফলে সেই অর্থ আবার গরিবের কাছে ফিরে আসে না। ফলে গরিবের সংখ্যা দিন দিন বাড়ছে। অথচ যাকাত প্রদান করলে দেশে গরিবের সংখ্যা দিন দিন কমে আসত। |
| ৮. কর্মসংস্থান | মুসলমানদের তিন স্তরে যাকাতভিত্তিক ব্যবসানীতির কারণে দেশে অনেক ব্যবসার সুযোগ সৃষ্টি হয়। যার ফলে কর্মসংস্থান দিন দিন বাড়ে। মুসলমানদের যাকাতনীতিতে জনসংখ্যা যত বেশি হবে, ব্যবসাও তত বেশি হয়, যা জনসংখ্যাকে সম্পদে পরিণত করে। | দেশের গ্রুপ কোম্পানিগুলো যখন অর্থ দিয়ে সম্পদ না কিনে তা পাচার করে,তখনই মূল সমস্যা শুরু হয়। অর্থ পাচারের ফলে দেশে মুদ্রাস্ফীতি দেখা দেয়। মুদ্রাস্ফীতির ফলে ব্যবসার সুযোগ কমে যায়, চাকরির চাহিদা বাড়ে এবং নিত্যপণ্যের দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধি পায়। |
| ৯. আমানত ব্যবস্থা | রাসূল (সা.)-কে বিশ্বাস করে মানুষ আল-আমিন উপাধি দিয়েছিল। রাসূল (সা.) নিজে আমানত রাখতেন এবং রাসূল (সা.) মুসলমানদের শিক্ষা দিয়েছেন কী ভাবে আমানত রাখতে হয়। রাসূল (সা.) এর আমানত ব্যবস্থার বর্তমান রূপ হলো ব্যাংকিং ব্যবস্থা। রাসূল (সা.)-এর নিয়ম অনুসারে ব্যাংকের নিয়ম হবে ব্যক্তি টাকা জমা দিবে ও উত্তোলন করবে। কিন্তু ব্যক্তির জমা কৃত টাকা ব্যাংক প্রয়োজনে ব্যবহার করতে পারবে না। | বর্তমান ব্যাংকগুলো পরিচালিত হয় ইহুদী-খ্রিষ্টানদের নিয়মে। যার ফলে মানুষ যখন ব্যাংকে টাকা জমা রাখে তখন ব্যাংক জমাকৃত অর্থ সুদের বিনিময়ে ব্যবসায়ী দের ঋণ দেয়। ব্যাংক যখন অন্যের টাকা ঋণ দেয় তখন ব্যাংক চাহিদা অনুসারে গ্রাহকে টাকা ফেরত দিতে পারে না। ব্যাংক বারবার ঋণ দেওয়ার কারণে দেশে কৃত্রিম টাকার পরিমাণ বেশি হয়ে যায়। অর্থাৎ ১০ টাকার মালিক একজনের পরিবর্তে ১০০ জন হয়ে যায়। |
| ১০. বিনিয়োগ | হযরত উসমান (রা.) রুমা কূপের আশেপাশে একটি খেজুরের বাগান গড়ে তোলেন। সেই বাগানের আয় দিয়ে মদিনা রাষ্ট্রের কোষাগার সমৃদ্ধ করা হতো। তখন থেকে মুসলমানরা রাষ্ট্রীয় উন্নয়নের জন্য বিনিয়োগ ও ব্যবসার প্রথা চালু হয়। যেমন—সেতু, বন্দর ও সড়ক নির্মাণের জন্য জনগণ থেকে বিনিয়োগ নেওয়া। | বাংলাদেশের বর্তমান রাষ্ট্রব্যবস্থা হলো খ্রিষ্টানদের। তাই মুসলমানদের সকল আইন খ্রিষ্টানরা ঠিক করে দেয়। খ্রিষ্টানদের বিনিয়োগ আইন হলো সরকার হয় শেয়ার বাজার—হারাম টাকা হালাল করার বাজার থেকে অর্থ নিবে, না হয় ইহুদী-খ্রিষ্টানদের ব্যাংক থেকে নিবে। জনগণ থেকে সরাসরি অর্থ নিতে পারবে না। |
| ১১. অর্থের সাহায্য | রাসূল (সা.)-এর সময়ে হযরত আবু দাহদাহ (রা.) ৬০০ খেজুর গাছ সমৃদ্ধ একটি বিশাল বাগানের বিনিময়ে একটি খেজুর গাছ কিনে তা এক এতিম বালককে দান করেছিলেন। যার বিনিময়ে রাসূল (সা.) তাঁকে জান্নাতে বিশাল ও ভারী খেজুরের সুসংবাদ দিয়েছিলেন। মদিনা রাষ্ট্রে কারো বিপদে এভাবেই করজে হাসানা দিয়ে সাহায্য করা হতো। কিন্তু বর্তমান সময়ে একজন মুসলমান বিদেশে যাওয়ার জন্য এক হাজার টাকাও কারো কাছ থেকে ধার পায় না। | ইহুদী-খ্রিষ্টানদের অনুদানে চলা বাংলাদেশের এনজিও গুলো প্রতি বছর গড়ে ২ লক্ষ কোটি টাকা ঋণ হিসেবে বিতরণ করে। তারা প্রতি বছর সাধারণ মানুষের থেকে কেবল সুদ বাবদই প্রায় ৫০-৬০ হাজার কোটি টাকা হাতিয়ে নেয়। প্রতি বছর এই টাকা দিয়ে দেশে প্রায় ৬ লক্ষ ক্ষুদ্র ব্যবসা দাঁড় করানো সম্ভব হতো, যেখানে কোন কিস্তির চাপ থাকত না। সুদে নেওয়া এনজিও গুলোর অতিরিক্ত অর্থ পরিশোধ করতে গিয়ে সাধারণ মানুষ ইবাদত বাদ দিয়ে কেবল অর্থের পেছনে দৌড়ায়। |

**ব্যবসার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১২. রাষ্ট্রীয় সম্পদ | রাসূল (সা.) ইয়েমেনের মারেব নামক অঞ্চলের একটি লবণের খনিকে রাষ্ট্রীয় মালিকানাধীন করে দেন। তখন থেকে মুসলমানদের নিয়ম হয় মৌলিক ও অবিভাজ্য সম্পদ রাষ্ট্রের মালিকানায় থাকবে। কারণ মৌলিক সম্পদগুলো মানুষের জীবন ধারণের জন্য অপরিহার্য। জীবন ধারণের অপরিহার্য সম্পদগুলো যদি একক ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে থাকে তখন ইনসাফ ভিত্তিক বণ্টন সম্ভব হয় না। যেমন- লোহা জীবন ধারণের জন্য অপরিহার্য কিন্তু বর্তমানে কিছু কোম্পানি এই লোহার নিয়ন্ত্রণ করে। এতে কোম্পানি চাইলে দাম বাড়ে আবার কোম্পানি চাইলে দাম কমে। | বর্তমান সরকার অধিকাংশ প্রাকৃতিক সম্পদ ও খনিজ সম্পদগুলো বেসরকারি কোম্পানি এবং বিদেশি বিনিয়োগকারীদের কাছে ইজারা দেয়। যেমন- লোহা, সিমেন্ট, বালি, পাথর, তেল, কেমিক্যাল, গ্যাস, লবণ, বিরল খনিজ, বৃষ্টির পানি, কয়লা, তামা, সোনা, রুপা, অ্যালুমিনিয়াম, লিথিয়াম, ভূগর্ভস্থ পানি, বিদ্যুৎ, বনাঞ্চল, বন্দর, মহাসড়ক, রেললাইন, রেডিও ফ্রিকোয়েন্সি। এই সকল মৌলিক সম্পদগুলো কিছু ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে থাকার কারণে সম্পদ সঠিকভাবে বণ্টন হয় না বরং সম্পদ তাদের বংশপরম্পরায় তাদের মধ্যে ঘুরতে থাকে। |
| ১৩. দেশের উন্নয়ন | ইসলামিক সরকার জনগণকে স্বাবলম্বী করার জন্য দেশের উন্নয়নে জনগণকে সাথে রাখে। জনগণ উন্নয়নে অংশগ্রহণ করার কারণে দেশের সম্পদের প্রতি জনগণের মহব্বত বাড়ে। সরকার যখন জনগণ থেকে অর্থ নিয়ে দেশের উন্নয়নের কাজ করে, তখন দেশকে ঋণের ফাঁদে পড়তে হয় না। দেশ ঋণমুক্ত থাকার কারণে প্রবাসীদের রেমিট্যান্স দিয়ে সরকার তেল, গ্যাস, সার, ওষুধসহ প্রয়োজনীয় জিনিসপত্রের মজুদ নিশ্চিত করতে পারে। | বর্তমান সরকার দেশের উন্নয়নের নাম দিয়ে ইহুদী-খ্রিষ্টানদের আর্থিক প্রতিষ্ঠান থেকে সুদের বিনিময়ে ঋণ নেয়। এই ঋণের সুদ দেওয়ার জন্য সরকার প্রতি বছর জনগণ থেকে খাজনা নিয়ে ১.২২ লক্ষ কোটি টাকার রেমিটেন্স ইহুদী-খ্রিষ্টানদের দেয়। এক বছরের এই পরিমাণ রেমিটেন্স দিয়ে সরকার আগামী ২২ বছরের জন্য ১১৩ কোটি ব্যারেল তেল মজুদ করতে পারতো। আমরা ইহুদীদের যত সুদ দেই তার প্রতিটি অর্থ বুলেট রূপে ফিলিস্তিনি ভাইদের বুকে ফিরে আসে। |
| ১৪. খাজনা | মুসলমানদের স্বর্ণযুগে সরকার ছিল জনগণের সেবক। সরকার জনগণের মধ্যে মৌলিক সম্পদের সুষম বণ্টন নিশ্চিত করত। সরকার মৌলিক সম্পদ থেকে প্রাপ্ত আয় দিয়ে, রুমাকুফের বিনিয়োগ দিয়ে, সাদাকা ও যাকাত আদায়ের অর্থ দিয়ে প্রশাসনিক ব্যয় মিটাতো। মুসলমানদের এই আইনের ফলে জনগণ থেকে খাজনা আদায় করে দেশ চালাতে হতো না। মুসলমানদের আইনে আল্লাহ ভূমির সৃষ্টিকর্তা আর সাধারণ জনগণ তার মালিক। তাই ভূমি থেকে খাজনার পরিবর্তে ফসলের যাকাত-উশর আদায় করে সরকার তা দরিদ্রদের মাঝে বিলিয়ে দিত। | বর্তমান রাষ্ট্র চলে খ্রিষ্টানদের আইন দিয়ে। রাষ্ট্র খ্রিষ্টানদের আইন দিয়ে চলার কারণে আমরা মুসলমানরাও খ্রিষ্টানদের আইন মেনে চলি। খ্রিষ্টানদের আইনে সরকার হলো জনগণের নিয়ন্ত্রক। আগেরকার ব্রিটিশ রাজারা জনগণ থেকে যেভাবে খাজনা নিয়ে রাষ্ট্র চালাত এখনও সেই নিয়মে চলে। তবে এখন খাজনার পরিবর্তে ভ্যাট, ট্যাক্স, ফি, রেজিস্ট্রেশন, বিয়ের খাজনা, বাজার লিজ নাম দেওয়া হয়েছে। ভ্যাটের বড় সমস্যা হলো ধনী-গরিব সবাইকে সমান টাকা দিতে হয়। যেমন- ৫০ টাকার লবণে একজন রিকশাচালক ও কোটিপতি সমান ভ্যাট দেয়। |
| ১৫. সিন্ডিকেট | মুসলমানদের সমতা ও সম্প্রীতির তিন স্তরের ব্যবসা নীতির ফলে ব্যবসায়ীদের সিন্ডিকেট গোড়া থেকে বন্ধ হয়ে যায়। তার পরেও রাসূল (সা.) মুসলমানদের নিত্যপ্রয়োজনীয় খাবার মজুদ করতে নিষেধ করেছেন এবং প্রয়োজনের অতিরিক্ত কিনতেও নিষেধ করেছেন। যার কারণ হলো—চাহিদা যখন বেশি হবে, অসাধু ব্যবসায়ীরা তার দাম বাড়িয়ে দেবে। | বর্তমানে আমদানি-রপ্তানি ও মৌলিক সম্পদসহ সবকিছুই ব্যবসা প্রতিষ্ঠানের মাধ্যমে নিয়ন্ত্রিত হয়। যার কারণে ব্যবসায়ীরা চাইলে পণ্যের দাম বাড়ে-কমে। যেমন—প্রাণ, বেক্সিমকো, স্কয়ার, ব্র্যাক, বসুন্ধরার মত গ্রুপগুলো নিজেদের মধ্যে গোপন চুক্তি করে সবকিছুর দাম বাড়াতে পারে। দেশের মধ্যে এরাই হলো বড় সিন্ডিকেট যারা দেশ ও জনগণকে নিয়ন্ত্রণ করে। |
| ১৬. বিজ্ঞাপন | খলিফা ওমর (রা.)-এর সময় এক মা তার মেয়েকে বলে ছিলেন দুধের সাথে পানি মেশানোর জন্য, কিন্তু মেয়ে বলেছিল খলিফা নিষেধ করেছেন দুধে পানি মেশাতে। মা বলে ছিলেন খলিফা তো এখন দেখছেন না, মেয়ে বলেছিল খলিফা না দেখলেও খলিফার রব আমাদের দেখছেন। মুসলমানদের আদর্শ হলো তৈরি পণ্যের গুণগত মান প্রকাশ করা। যাতে ক্রেতারা সবকিছু যাচাই-বাছাই করে উন্নত ও প্রয়োজনীয় পণ্য কিনতে পারে। তবে পণ্যের মান প্রচারের ক্ষেত্রে কোন প্রকার নারী বা অশ্লীল কোন উপায় অবলম্বন করা যাবে না। | বর্তমানে আমরা পণ্যের অনেক প্রচারণা দেখতে পাই। কোম্পানি গুলো পণ্যের প্রচারণা করে ঠিকই, কিন্তু গুণগত মানের প্রচারণা না করে লোক দেখানো প্রচারণা করে। কোম্পানিগুলো লোক দেখানো প্রচারণার জন্য ব্যবহার করে মিডিয়া ও সংবাদ মাধ্যম গুলোকে। মিডিয়া ও সংবাদ মাধ্যম গুলো পুরুষদের আকৃষ্ট করতে নারী দিয়ে পণ্যের লোক দেখানো প্রচার করে। আর মিডিয়ার নারীরা পুরুষদের আকৃষ্ট করতে এমন নির্লজ্জ ও পতিতাদের পোশাক পরে যা মুসলমানদের ঈমানের জন্য হুমকি। |

**শিক্ষা:** মানুষ অজ্ঞ অবস্থায় জন্মগ্রহণ করে। জন্মের পরে মানুষকে পৃথিবী-উপযোগী প্রশিক্ষণ দেওয়া হয়। এই প্রশিক্ষণ দেওয়াকেই শিক্ষা বলে। পৃথিবী-উপযোগী প্রশিক্ষণ নেওয়ার কেন্দ্রকে শিক্ষাপ্রতিষ্ঠান বলে। শিক্ষার মাধ্যমে মানুষের জ্ঞানের পরিবর্তন করা যায়। শিক্ষা ইসলাম-কেন্দ্রিক হলে মানুষ আল্লাহ্ তাআলার কথা বলবে, আর শিক্ষা পৃথিবী-কেন্দ্রিক হলে মানুষ ইবলিশের কথা বলবে।

**শিক্ষার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১. শিক্ষাব্যবস্থা | মুসলমানদের মূল প্রতিষ্ঠান শিক্ষা শুরু হয় আহলুস সুফ্ফাহ থেকে, যার সর্বোচ্চ বিকাশ ঘটেছিল বায়তুল হিকমাহ পর্যন্ত। বায়তুল হিকমাহ ধ্বংসের প্রায় ৬০৮ বছর পরে খ্রিষ্টানদের নির্যাতন বন্ধ করতে দেওবন্দ মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়। তখন থেকে দেওবন্দ শিক্ষা ব্যবস্থা আহলুস সুফ্ফাহর আদর্শ অনুসরণ করার চেষ্টা করে। বর্তমানে দেওবন্দ ব্যবস্থাকেই মুসলমানদের মূল ধারার ইসলামি শিক্ষা ব্যবস্থা হিসেবে গণ্য করা হয়। মুসলমানদের তৎকালীন আহলুস সুফফাহতে আল-কোরআন ও হাদিসের পাশাপাশি আধুনিক সামরিক রণকৌশলের শিক্ষা ছিল, কিন্তু বর্তমানে মুসলমানদের শিক্ষাব্যবস্থাকে টিকিয়ে রাখার জন্য দেওবন্দ শিক্ষায় আধুনিক শিক্ষার সংযোগ ঘটানো হয়নি। | মুসলমানদের দেওবন্দ শিক্ষাব্যবস্থাকে বন্ধ করতে খ্রিষ্টান ব্রিটিশরা বিভিন্ন কৌশল অবলম্বন করে। তাদের সেই কৌশলের অন্যতম রূপ হলো খ্রিষ্টান ধাঁচের স্কুল-কলেজ ও আলিয়া মাদ্রাসা তৈরি করা। এ ছাড়া তারা কাদিয়ানি নামক ভণ্ড সৃষ্টি করে কাদিয়ানি মতবাদ আলিয়া মাদ্রাসায় হাদিস হিসেবে প্রচার করে। তাতেও সফল না হয়ে তারা ইসলামিক শিক্ষার শেকড়বিহীন মওদুদী মতবাদ প্রচার করে। মওদুদী অনুসারীদের বাইরে থেকে কঠোর মুসলমান মনে হলেও তাদের চিন্তা-চেতনায় খ্রিষ্টান আর্দশ প্রাধান্য পায়। ব্রিটিশদের কৌশল আজ অনেকাংশেই সফল, কারণ বর্তমানে সাধারণ জনগণের একটি বড় অংশ মওদুদী অনুসারীদের ইসলামিক মূল ধারার মনে করে। |
| ২. শিক্ষার উদ্দেশ্য | আল্লাহ নির্দেশ দিয়েছেন—পাঠ করুন মানুষের প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন। মানুষ জন্মগতভাবে অজ্ঞ হয়। মানুষকে শান্ত, নমনীয় এবং আল্লাহভীরু হিসেবে গড়ে তুলতে হয়। এই জন্য মুসলমানদের শিক্ষা হয় আল-কোরআন ও হাদিস কেন্দ্রিক। মুসলমানদের শিক্ষা আল-কোরআন ও হাদিসকেন্দ্রিক হওয়ার কারণে এখানে স্কুল, কলেজ, মাদ্রাসা বা ডিপ্লোমার মতো বিভক্তির প্রয়োজন হয় না। বরং একমুখী শিক্ষার মাধ্যমে একটি ইনসাফপূর্ণ শিক্ষা ব্যবস্থা গড়ে ওঠে, যেখানে মাদ্রাসা শিক্ষাকে ছোট করে স্কুল শিক্ষাকে উন্নত দেখানোর কোন সুযোগ থাকে না। | বর্তমানে দেশে ধর্মনিরপেক্ষতার নামে খ্রিষ্টান মডেলে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, কারিগরি ও সরকারি মাদ্রাসা তৈরি করা হয়েছে। এই সকল কিছু তৈরি করা হয়েছে দেওবন্দ শিক্ষা ব্যবস্থাকে দুর্বল করতে এবং ব্রিটিশ মতাদর্শের কিছু কেরানি তৈরি করতে। পরবর্তী তে ব্রিটিশদের এই শিক্ষা ব্যবস্থাকে ব্যবহার করে আমেরিকা মুসলমানদের মধ্যে খ্রিষ্টান মতবাদ, সুদ ও সমকামিতার বিস্তার ঘটায়। ব্রিটিশদের শিক্ষা ব্যবস্থার মাধ্যমে খ্রিষ্টানরা মুসলমানের বিপক্ষে মুসলমানকেই দাঁড় করিয়ে দিয়েছে এবং জাতীয় ঐক্য নষ্ট করে আদর্শিক বিভেদ ও বহুরূপী মানুষ সৃষ্টি করেছে। |
| ৩. প্রাতিষ্ঠানিক কাঠামো | মদিনা রাষ্ট্রে মসজিদে নববীর পাশে ছিল পুরুষদের শিক্ষাপ্রতিষ্ঠান আহলে সুফফা, আর নারীগণ আম্মা জান আয়েশা (রা.) ও ফাতেমা (রা.)-এর তত্ত্বাবধানে শিক্ষা গ্রহণ করতেন। খলিফা ওমর (রা.)-এর সময়ে পুরুষ ও নারীদের জন্য পৃথক শিক্ষার বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছিল। তিনি নারীদের ইসলাম শিক্ষার পাশা পাশি প্রয়োজনীয় বিষয় শিক্ষার জন্য আলাদা স্থান ও সময়ের ব্যবস্থা করে ছিলেন এবং মসজিদে নববীতে মহিলাদের যাতায়াতের জন্য পৃথক দরজা নির্ধারণ করে দিয়েছিলেন। সেই ধারাবাহিকতায় মুসলমানরা পুরুষ ও নারীর জন্য পৃথক শিক্ষাপ্রতিষ্ঠান চালু করে। এতে পুরুষ-নারীর মধ্যে পর্দার বিধান বজায় থাকে এবং সমাজে ধর্ষণ ও যিনা কমে যায়। | ১৮৩৫ সালে লর্ড মেকলে তাঁর কুখ্যাত নীতিতে স্পষ্টভাবে বলেছিলেন যে, এমন একটি শিক্ষা ব্যবস্থা দরকার যা রক্তে-মাংসে ভারতীয়-মুসলমানদেরকে চিন্তায় ও রুচিতে ব্রিটিশ-খ্রিষ্টান করে দেবে। তাঁর সেই নীতি বাস্তবায়ন করার জন্য ব্রিটিশরা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে খ্রিষ্টান নিয়মে পুরুষ ও নারীর অবাধ মেলামেশা স্বাভাবিক করে দিয়েছে। খ্রিষ্টানরা এই মেলামেশার নাম দিয়েছে সহশিক্ষা। খ্রিষ্টানদের সহশিক্ষার ফলে মুসলমান পুরুষ ও নারীর মধ্যকার আদর্শিক ও পারিবারিক দূরত্ব কমে যায়। আদর্শিক দূরত্ব কমিয়ে খ্রিষ্টানরা সহশিক্ষার মাধ্যমে তাদের নৈতিকভাবে দেউলিয়া ও নির্লজ্জ সমাজব্যবস্থাকে মুসলমানদের উপর চাপিয়ে দেয়। |
| ৪. শিক্ষার লক্ষ্য | আল্লাহ মুসলমানদের জন্য সুদকে হারাম করেছেন, ব্যবসাকে হালাল করেছেন। অর্থাৎ ব্যবসা থেকে সুদকে বের করে দিয়েছেন। আর যাকাতকে ব্যবসার সাথে সংযোগ করে দিয়েছেন। তাই যেই সকল শিক্ষা প্রতিষ্ঠান যাকাতের নীতি শিক্ষা দেয়, সেই সকল শিক্ষা প্রতিষ্ঠান হলো মুসলমানদের শিক্ষা প্রতিষ্ঠান। | ইহুদী-খ্রিষ্টানরা সুদকে হালাল মনে করে, যাকাতকে জরিমানা মনে করে। অর্থাৎ ইহুদী-খ্রিষ্টানরা ব্যবসার সাথে সুদকে সংযোগ করেছে। আর যাকাতকে ব্যবসার সাথে বাদ দিয়েছে। তাই যেই সকল শিক্ষা প্রতিষ্ঠান সুদ নীতি শিক্ষা দেয়, সেই সকল শিক্ষা প্রতিষ্ঠান হলো ইহুদী-খ্রিষ্টানদের শিক্ষা প্রতিষ্ঠান। |

**শিক্ষার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৫. শিক্ষার পদ্ধতি | মদিনা রাষ্ট্রে আহলে সুফফার ছাত্রগণ প্রথমে আল-কোরআন, তারপর হাদিস এবং সবশেষে যুদ্ধের কৌশল শিক্ষা গ্রহণ করতেন। তৎকালীন সময়ে যুদ্ধের কৌশলই ছিল সবচেয়ে আধুনিক শিক্ষা। মুসলমানদের সেই ধারাবাহিকতায় বর্তমান ইসলামি শিক্ষা তিনটি স্তরে বিভক্ত হতে পারে। প্রথমে সকলে আল-কোরআন শিখবে; দ্বিতীয় স্তরে হাদিস ও সাধারণ শিক্ষা গ্রহণ করবে; আর তৃতীয় স্তরে থাকবে রাষ্ট্রের জন্য কর্মমুখী শিক্ষা। যেমন— বিচারক-মুফতি, চিকিৎসক-ডাক্তার, প্রকৌশলী-ইঞ্জিনিয়ার, সামরিক-মুজাহিদ এবং রাষ্ট্রীয় দাপ্তরিক কাজের জন্য প্রশিক্ষিত জনবল। গভীর গবেষণার জন্য থাকবে উচ্চতর শিক্ষা। ইসলামিক শিক্ষার মাধ্যমে দেশের সবাই একই মানের আদর্শিক ব্যক্তি হিসেবে গড়ে উঠবে। ইসলামিক শিক্ষা পদ্ধতিতে যাকাত-ভিত্তিক ক্ষুদ্র ব্যবসানীতি থাকার কারণে শিক্ষা শেষে অধিকাংশ শিক্ষার্থী ব্যবসা-মুখী হয়। | খ্রিষ্টানদের শিক্ষা কাঠামোতে প্রথমে প্রাথমিক, দ্বিতীয় স্তরে মাধ্যমিক, তৃতীয় স্তরে উচ্চ মাধ্যমিক এবং চতুর্থ স্তরে কর্মমুখী শিক্ষা রয়েছে। মুসলমানদের মধ্যে খ্রিষ্টানদের স্কুল-কলেজ কেন্দ্রিক দ্বিমুখী শিক্ষা দেশকে দুটি মেরুতে ভাগ করে দিয়েছে। দেশে এক পক্ষ আধুনিক জ্ঞান জানলেও মুসলমানদের আদর্শ থেকে দূরে সরে যাচ্ছে, অন্য পক্ষ মুসলমানদের আদর্শ জানলেও আধুনিক শিক্ষায় পিছিয়ে পড়ছে। দ্বিমুখী কাঠামোর ফলে প্রথম পক্ষের মুসলমান শিক্ষার্থীদের মধ্যে খ্রিষ্টান মতাদর্শ প্রবেশ করছে। খ্রিষ্টান মতাদর্শের কেরানিরা বর্তমান রাষ্ট্র ব্যবস্থার সমস্যাগুলো চিহ্নিত না করে বরং ইসলামের মৌলিক বিষয়গুলো নিয়ে বেশি প্রশ্ন তোলে। তারা খ্রিষ্টান মতাদর্শে এতই প্রভাবিত যে বর্তমান রাষ্ট্র ব্যবস্থার যে বড় পরিবর্তন প্রয়োজন তা করার সাহস কেরানিদের নেই। এই কেরানি হওয়ার জন্য সরকারি একটি পদে শত শিক্ষার্থী পরীক্ষা দেয়। |
| ৬. শিক্ষার সময়কাল | ইসলামিক রাষ্ট্র মুসলমানদেরকে ৫-১০ বছরের মধ্যে আল-কোরআন ও প্রাথমিক শিক্ষা দেয়। যার কারণে প্রাথমিকভাবে সকল মুসলমান ইসলামিক শিক্ষায় শিক্ষিত হতে পারে। প্রাথমিক শিক্ষার পরে ১১-১৭ বছরের মধ্যে মুসলমানদেরকে সাধারণ (মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) শিক্ষা দেয়। সাধারণ শিক্ষার পরে ১৮-২০ বছরের মধ্যে মুসলমানদেরকে কর্মজীবনমুখী শিক্ষা দেয়। কর্মজীবনমুখী শিক্ষার পরে মুসলমানরা ২১-২৩ বছরের মধ্যে উচ্চতর গবেষণা শিক্ষা নেয়। মুসলমানদের শিক্ষা কার্যক্রম আহলে সুফফার অনুসারী দেওবন্দকে ভিত্তি করে পরিচালনা করা হয়। | মুসলমানরা কি কখনো চিন্তা করেছে, বর্তমান শিক্ষা ব্যবস্থা কোথা থেকে এসেছে? বর্তমান শিক্ষা ব্যবস্থায় একজন মুসলমানের শিক্ষা কার্যক্রম শেষ করতে সময় লাগে— (প্রাথমিকে ৫ বছর, মাধ্যমিকে ৫ বছর, উচ্চ মাধ্যমিকে ২ বছর, স্নাতক ৪-৫ বছর, স্নাতকোত্তর ২-৩ বছর) মিলিয়ে প্রায় ২০ বছর। এই ২০ বছর পরে একজন শিক্ষার্থীর বয়স দাঁড়ায় ২৫ থেকে ২৬ বছর। এরপর চাকরি খুঁজে, বিয়ে করতে সময় লাগে ৩০-৩৫ বছর। খ্রিষ্টানদের এই দীর্ঘমেয়াদি শিক্ষার কারণে প্রতিটি মুসলমান পরিবার ক্ষতির সম্মুখীন হয় পাশাপাশি মুসলমান পরিবার হয় খ্রিষ্টান মতাদর্শের। |
| ৭. সম্প্রীতির শিক্ষা | মুসলমানদের মধ্যে সম্প্রীতি আছে শুধু অর্থের ক্ষেত্রে, আর কিছুতে মুসলমানরা কাফেরদের সাথে সমতা বা সম্প্রীতিতে যায় না। যেহেতু আহলুল জিম্মাহরা দেশের নাগরিক, তাই আহলুল জিম্মাদের জন্য পৃথক শিক্ষা প্রতিষ্ঠান থাকবে। তারা নিজেদের ধর্ম অনুসারে শিক্ষা গ্রহণ করবে এবং তাদের নিজেদের তৃণমূল প্রশাসনিক কার্যক্রম শিক্ষা গ্রহণ করবে। | সূরা ফাতিহার শেষ আয়াতে মুসলমান দোয়া করে ইহুদী ও খ্রিষ্টানদের পথ থেকে দূরে থাকার জন্য, কিন্তু বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে মুসলমান ও কাফেরদের একসাথে শিক্ষা দেওয়া হয়। খ্রিষ্টানরা এই শিক্ষাকে বলে সম্প্রীতির শিক্ষা। বাস্তব অর্থে এই শিক্ষাব্যবস্থা সম্প্রীতির নয় বরং মুসলমানদের মধ্যে কাফেরদের মতাদর্শ প্রবেশ করানোর কৌশল। |
| ৮. ব্যাকরণের ব্যবহার | মুসলমানরা যখন ইসলামের কথা বলে, তখন মুসলমানদের মুখের ভাষা হয়ে যায় অতীতবাচক। যেমন- আমাদের গৌরব ছিল, ইসলাম এমন এক সমাজ প্রতিষ্ঠা করেছিল, মুসলমানদের স্বর্ণযুগ না বলে ইসলামের স্বর্ণযুগ ছিল। এই ছিল বা করেছিল শব্দ গুলো মুসলমানদের মস্তিষ্ককে বোঝায় যে, সব ভালো তো আগেই হয়ে গেছে, এখন আর কিছু করার নেই। এটি একটি বিশাল ষড়যন্ত্র, যা মুসলমানদেরকে বর্তমান ইসলামিক দায়িত্ব থেকে সরিয়ে স্রেফ অতীতের স্মৃতি চারণকারী বানিয়ে রাখে। | মুসলমানদের কাছে ইসলাম এমন এক জান্নাত যা মরার পরে পাওয়া যাবে; কিন্তু যে ইসলাম দিয়ে বর্তমান পৃথিবীকে জান্নাত বানানোর কথা ছিল, সেটাকে মুসলমানরা ব্যাকরণ দিয়ে দূরে ঠেলে দিয়েছে। আমরা যদি ইসলামকে শান্তি বলার মোহ ত্যাগ করে ইসলামকে মুসলমানদের পরিচালনার জন্য রাষ্ট্রব্যবস্থা হিসাবে গ্রহণ করতাম, তবে ইহুদী-খ্রিষ্টান জাতি আজ মুসলমানদের ইসলামকে জঙ্গি বলার সাহস পেত না। কারণ মানুষ প্রয়োজনীয় জিনিসকে গালি দেয় না বরং সম্মান করে। |

**শিক্ষার মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৯. সর্বনাম | বাংলায় একটা প্রবাদ আছে, সর্বনাম মানুষের চিন্তার সর্বনাশ করে দেয়। এই সর্বনামের অধিক ব্যবহারের কারণে আজ মুসলমানরা আল-কোরআন থেকে অনেক দূরে। কারণ বিশেষ্য-নাম বা শ্রেণি মানুষকে জাগিয়ে তোলে, তাকে চ্যালেঞ্জ করে। সর্বনাম মানুষকে নিরাপদ অনুভব করায় এবং ঘুম পাড়িয়ে দেয়। যেমন— আমরা, তোমরা, তোমাদের, তাদের, তারা। যখন আল-কোরআন অনুবাদের ক্ষেত্রে নাম বা শ্রেণি উল্লেখ না করে সর্বনাম শব্দগুলো ব্যবহার করা হয়, তখন মানুষের চিন্তায় বাস্তব চিত্রের পরিবর্তে ধোঁয়াশা তৈরি হয়। যেমন— তোমরা মুমিনরা আহলে কিতাবদের বন্ধুরূপে গ্রহণ করো না। এখানে সর্বনাম ব্যবহার করার কারণে বাস্তব চিত্রে ধোঁয়াশা তৈরি হয়। যখন নাম বা শ্রেণি দিয়ে অনুবাদ করা হতো তখন অনুবাদ হতো— তোমরা মুসলমানরা পূর্ববর্তী কিতাবধারী ইহুদী ও খ্রিষ্টানদের বন্ধুরূপে গ্রহণ করো না। এই অনুবাদ মানুষের চিন্তায় বাস্তব চিত্র তুলে ধরে এবং আল্লাহর আদেশসমূহ মুসলমানদের নিকট স্পষ্ট করে তোলে। | আল-কোরআন ঘুমন্ত মানুষকে জাগানোর জন্য সর্বনামকে অস্ত্র হিসেবে ব্যবহার করেছে, আর মুসলমানরা সেই সর্বনামকে বালিশ বানিয়ে ঘুমিয়ে পড়েছে। সর্বনাম মানুষকে ঘুম পাড়িয়ে দেয়। কিন্তু সরাসরি বিশেষ্য-নাম বা শ্রেণি দিয়ে ডাকলে মস্তিষ্কের সতর্কতা কেন্দ্র দ্রুত সক্রিয় হয়। ভাষার ওপর যাদের দখল ছিল, তারা বুঝে গিয়েছিল যে সরাসরি আল-কোরআনের বিরোধিতা করে লাভ নেই। জালেমরা মুসলমানদের ঘুম পাড়ানোর জন্য কৌশলে ভাষার মোড়ক বদলে দিল। এই জালেমদের কৌশল সম্পর্কে মুসলমানদের জানানোর জন্য আল্লাহ সূরা নিসার ৪৬ নং আয়াতে বলেন, ইহুদীদের মধ্যে কিছু লোক ধর্মীয় শব্দগুলোকে মূল অর্থ থেকে বিকৃত করে ফেলে। যেমন-মানুষ, মুসলমান ও ইহুদী-খ্রিষ্টান শব্দগুলোর জায়গায় তোমাদের, মুমিনদের, আহলে কিতাবদের— এই ধরনের অদৃশ্য সর্বনামগুলো ব্যবহার করা। যখনই সত্যকে তোমাদের-আমাদের বলা হয়, তখনই তা ব্যক্তিগত ও জাতিগত দায় থেকে দূরে চলে যায়। |
| ১০. বলার ভাষা | আল-কোরআন যা মুসলমানদের দিকনির্দেশনা দেওয়ার জন্য নাজিল হয়েছে। আল-কোরআন আল্লাহর ওপর বিশ্বাসীদের নির্দেশ দেয় তারা যেন পূর্ববর্তী আসমানি কিতাবধারীদের মতো না হয়। মুসলমানরা যখন এই আল-কোরআন অনুসারে জীবনযাপন করবে তখন তা সারা বিশ্বের মানুষের জন্য কল্যাণকর হবে। কিন্তু যখনই এই আল-কোরআনকে নির্দিষ্ট জাতিকে বাদ দিয়ে মানবতার কল্যাণের জন্য বলা হয় তখন মুসলমান জাতি আল-কোরআন অনুসারে জীবনযাপন করা থেকে দূরে সরে যায়। তখন মুসলমানের চিন্তায় আসে আমি একা আল-কোরআনের অনুসারী নয়। আর অনেক অনুসারী আছে তারা আল-কোরআন মানলে আমিও মানবো। | বর্তমান সময়ে অতিরিক্ত ভক্তি দিয়ে সত্যকে আড়াল করা হয়। আমরা যখন বলি মহাপবিত্র কোরআন, মহান দায়িত্ব বা ইসলামিক জীবনব্যবস্থা—তখন এই মহা, মহান বা ইসলামিক শব্দগুলো সত্যকে অনেক উঁচুতে তুলে দেয়। এত উঁচুতে যে, সাধারণ মানুষ মনে করে—এটা তো অনেক বড় বিষয়, এটা আমার মতো সাধারণ মানুষের কাজ নয়। যদি আমরা বলতাম মুসলমানদের আল-কোরআন বা মানুষের জন্য আল-কোরআন বা মুসলমানদের রাষ্ট্রব্যবস্থা তখন সকল মানুষের মনে চিন্তা আসত—এর ভেতরে কী আছে জানা দরকার। কিন্তু অতিরিক্ত ভক্তি ও জাতিগত দায়বদ্ধতা উল্লেখ না করার কারণে সত্য আড়াল হয়। |
| ১১. শিক্ষার প্রভাব | মুসলমানদের দেওবন্দ শিক্ষাব্যবস্থার প্রভাব বুঝতে হলে প্রথমে ইসলামকে রাষ্ট্রব্যবস্থা হিসেবে প্রতিষ্ঠিত করতে হবে। যখন রাষ্ট্রব্যবস্থায় মুসলমানদের ইসলাম আসবে তখন দেওবন্দ কেন্দ্রিক ছাত্ররা রাষ্ট্রীয় কর্মকর্তা-কর্মচারী হিসেবে নিয়োগ পাবে। কারণ ইসলামিক রাষ্ট্রব্যবস্থা দেওবন্দের ছাত্র ছাড়া অন্যরা পরিচালনা করতে পারবে না। ইসলামিক রাষ্ট্রব্যবস্থার আইন-কানুন দেওবন্দ অনুসারী ছাত্ররাই পাঠ করে। ইসলামিক রাষ্ট্রব্যবস্থা চালু হলে ডাক্তার, ইঞ্জিনিয়ার, বিজ্ঞানী ও রাষ্ট্রীয় সকল কর্মকর্তারা দেওবন্দ কেন্দ্রিক শিক্ষিত ছাত্রদের থেকে নেওয়া হবে। তাই প্রত্যেক দেওবন্দ কেন্দ্রিক ছাত্রের প্রয়োজন মুসলমানদের ইসলামিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা করার চেষ্টা করা। | বর্তমানে বাংলাদেশে যে রাষ্ট্রব্যবস্থা আছে তা হলো ইহুদী-খ্রিষ্টানদের তৈরি করা। যার কারণে রাষ্ট্রীয় যত কর্মকর্তা-কর্মচারী নিয়োগ দেওয়া হয় তা সব স্কুল-কলেজ পড়ুয়া ছাত্রদের থেকে নেওয়া হয়। কারণ রাষ্ট্রব্যবস্থার সাথে শিক্ষা কাঠামো জড়িত। আর যেহেতু স্কুল-কলেজের শিক্ষা কাঠামো ইহুদী-খ্রিষ্টানদের, তাই গণতান্ত্রিক রাষ্ট্র পরিচালনার জন্য প্রয়োজন তাদের শিক্ষা কাঠামো থেকে বের হওয়া ছাত্র। এই কারণে আমরা বর্তমানে দেখি সকল ডাক্তার, ইঞ্জিনিয়ার, বিজ্ঞানী ও রাষ্ট্রীয় সকল কর্মকর্তারা খ্রিষ্টান নিয়মে তৈরি স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় থেকে বের হওয়া। যখন মুসলমানদের রাষ্ট্রব্যবস্থা চালু হবে তখন এরা ব্যবসায়ি হবে। |

**বিবাহ**: অবিবাহিত নারীর জন্য হালাল পুরুষের উপর নির্ধারিত অর্থের বিনিময়ে নারীর অভিভাবকত্ব হস্তান্তর করাকে বিবাহ বলে। আল্লাহ তাআলা এটি বৈধ করেছেন পবিত্র সম্পর্কের জন্য, অবৈধ সম্পর্কের জন্য নয়। (আন-নিসা: ২৪)

**বিবাহের মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১. বিবাহর উদ্দেশ্য | মুসলমানদের জন্য বিবাহ একটি পবিত্র ইবাদত ও সামাজিক বন্ধন। ইসলামের দৃষ্টিতে মুসলমানদের সমাজের মূল ভিত্তি হলো পারিবারিক শৃঙ্খলা। এই শৃঙ্খলা পারিবারিক বন্ধনকে শক্তিশালী করে। এ সম্পর্কে আল্লাহ তাআলা বলেন, পুরুষ নারীর জন্য পোশাকস্বরূপ এবং নারী পুরুষের জন্য পোশাকস্বরূপ। রাসূল (সা.) স্পষ্ট ঘোষণা করেছেন যে, বিবাহ হচ্ছে ঈমানের অর্ধেক। মুসলমানদের স্বর্ণযুগে বিবাহের প্রধান উদ্দেশ্য ছিল কুদৃষ্টি এবং যিনা-ব্যভিচার থেকে সমাজকে মুক্ত রাখা। ইসলাম বিবাহিত জীবনকে একটি মাদ্রাসা হিসেবে দেখে, যেখানে স্বামী-স্ত্রী একে অপরকে অশ্লীলতা থেকে দূরে রাখতে সহায়তা করবে। আল্লাহ বিবাহকে অত্যন্ত সহজ করেছেন এবং বিবাহের পরে সন্তান জন্ম দেওয়াকে বরকতময় করেছেন। | ইহুদী-খ্রিষ্টানদের জন্য বিবাহ একটি সামাজিক চুক্তি। কাফেরদের দৃষ্টিতে বিবাহ ব্যক্তির স্বাধীনতাকে নষ্ট করে। ব্যক্তির স্বাধীনতা পারিবারিক বন্ধনকে দুর্বল করে। দুর্বল বন্ধনের ফলে মানুষের স্বাভাবিক জৈবিক চাহিদা হালাল পথে পূরণ করার সুযোগ সংকুচিত হয়ে যায়। এই সংকুচিত সুযোগ কাজে লাগিয়ে পর্নোগ্রাফি, ডেটিং অ্যাপ এবং অশ্লীল বিনোদনের একটি বিশাল বাজার তৈরি হয়। একজন অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি যখন অল্প বয়সে এইসব কিছুর মধ্যে জড়িয়ে যায় তখন সমাজে বাল্য যিনা বৃদ্ধি পায়। বাল্যকাল থেকে যখন একজন ব্যক্তি যিনা করে তখন তার কাছে বিবাহ একটি চুক্তি ছাড়া আর কিছু মনে হয় না। ফলে ওই ব্যক্তি বিবাহ করলেও তার বিবাহবিচ্ছেদ দ্রুত হয় এবং সন্তানকে তারা অতিরিক্ত বোঝা মনে করে। |
| ২. বিবাহের নিয়ম | রাসূল (সা.) ও আম্মাজান আয়েশা (রা.)-এর বিবাহ মধ্যে মুসলমানদের জন্য বিশেষ শিক্ষা রয়েছে। এই বিবাহের মাধ্যমে মুসলমানরা জানতে পারে ইসলামে বিবাহের নিয়ম হলো শারীরিক ও মানসিক পরিপক্কতা এবং পারিবারিক সম্মতিক্রমে। রাসূল (সা.)-এর সময় বিবাহ হতো মসজিদে এবং ওয়ালিমা হিসেবে খেজুর ও যবের রুটি দেওয়া হতো। তখন মোহরানা এত সহজ সাধ্য ছিল যে, শুধু টাকা না দিয়ে আল-কোরআন শিক্ষা দেওয়া বা কোন ইসলামিক জ্ঞান অর্জনকেও শর্ত করা হতো। এই সকল শর্তের মাধ্যমে ঘরে ঘরে ইসলামের সঠিক শিক্ষা পৌঁছে যেত। | বাংলাদেশে গণতন্ত্রের নামে ইহুদী-খ্রিষ্টানদের নিয়ম দিয়ে মুসলমানদের বিবাহকে একটি আইনি চুক্তি হিসেবে রূপান্তর করা হয়েছে। কাফেরদের আইন অনুসারে বিবাহের পূর্বে মুসলমানদের কিছু শর্ত পালন বাধ্যতা মূলক। যেমন—ছেলের বয়স ন্যূনতম ২১ বছর এবং মেয়ের বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে। এই শর্তের বাইরের বিবাহকে বাল্যবিবাহ হিসেবে গণ্য করা হয়, যা শাস্তিযোগ্য অপরাধ। বিবাহের নিয়মে আইনি শাস্তি থাকার কারণে বিবাহ বিলম্বিত হয়। ফলে শারীরিক জৈবিক চাহিদা পূরণের জন্য ছেলে-মেয়ে হারাম পথসমূহ অবলম্বন করে। |
| ৩. বিবাহের অনুমতি | মুসলমানদের স্বর্ণযুগে খলিফা উমর (রা.) এবং আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.)-এর সময়ে ওলির অনুমতি ছাড়া বিবাহসমূহকে কাজিগণ বিচ্ছেদ ঘটিয়ে দিতেন এবং সেই বিয়েকে অবৈধ ঘোষণা করে পুনরায় অভিভাবকের অধীনে বিয়ে দেওয়ার নির্দেশ দিতেন। যেমন—আয়েশা (রা.)-এর ভাই আবদুর রহমান যখন সিরিয়ায় ছিলেন, তখন আয়েশা (রা.) তাঁর ভাইয়ের মেয়ে হাফসা বিনতে আবদুর রহমানের বিয়ে আল-মুনজির ইবনে জুবায়েরের সাথে ঠিক করেন। কিন্তু মেয়ের বাবার আপত্তির কারণে পরবর্তীতে পুনরায় অভিভাবকের সম্মতি নিয়ে নতুন করে বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হয়েছিল। | বর্তমানে বাংলাদেশে খ্রিষ্টানদের আইনে ব্যক্তির বয়স ১৮ বছর হলে সে নিজের সিদ্ধান্ত নিজে নিতে পারে। অভিভাবক চাইলে তার কোন সিদ্ধান্তের ওপর হস্তক্ষেপ করতে পারবে না। যার ফলে নারী যখন উচ্চশিক্ষিত হয়, তখন ওই নারীর চাহিদা ও স্বাধীনতার পরিধি বৃদ্ধি পায়। নারীর চাহিদা ও স্বাধীনতা বৃদ্ধি পাওয়ার কারণে পরিবারের অনুমতি ব্যতীত নারীরা বিবাহ করতে কোন দ্বিধাবোধ করে না। যেহেতু সৃষ্টি গতভাবে নারীর মন নরম হয়, তাই নারীর স্বসিদ্ধান্তে বিবাহ হলে ওই বিবাহে বিচ্ছেদের প্রবণতা বেশি হয়। এই সকল কারণে মুসলমানদের নিয়মে নারীর বিবাহের ক্ষেত্রে পুরুষ ওলি থাকা বাধ্যতামূলক। |
| ৪. বিবাহের সময় | খলিফা উমর (রা.)-এর সময় এক অল্প বয়সী যুবতী নারীর বিবাহ অনেক বয়স্ক ব্যক্তির সাথে সম্পন্ন হয়। কিছুদিন পর সেই নারী উমর (রা.) কাছে এসে অভি যোগ করেন যে, তিনি এই বিবাহে সুখী নন; কারণ স্বামী ও তাঁর বয়সের ব্যবধান ও পরিপক্কতার পার্থক্য অনেক বেশি। তখন থেকে মুসলমানদের নিয়ম হয় বিবাহ হবে নারী-পুরুষের পরিপক্কতার ওপর ভিত্তি করে। | বর্তমানে বাংলাদেশে বিবাহের বয়স নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। বিবাহ যখন শারীরিক ও মানসিক পরিপক্কতার ওপর ভিত্তি করে না হয়ে বয়সের ওপর নির্দিষ্ট করে হয়, তখন সমাজে ব্যভিচার ও বাল্য যিনা বৃদ্ধি পায়। যখন সমাজে বাল্য যিনা বৃদ্ধি পায়, তখন বিবাহের গড় বয়স দাঁড়ায় ২৫ থেকে ৩০ বছর। ফলে অধিক বয়সি নারীরা ১–২ জনের বেশি সন্তান গ্রহণ করতে পারে না। |

**বিবাহের মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৫. বিবাহের বয়স | ইবনে সিনা মনে করতেন, মানুষের হাড়ের গঠন এবং স্নায়বিক বিকাশ ১৬ থেকে ২১ বছরের মধ্যে সবচেয়ে মজবুত হয়। তিনি বিবাহের ক্ষেত্রে কেবল প্রজনন ক্ষমতা নয়, বরং শরীরের গঠনগত দৃঢ়তা এবং মানসিক স্থিরতাকেও গুরুত্ব দিয়েছেন। ইমাম শাফেয়ী, ইমাম আহমদ এবং ইমাম ইউসুফ (রহ.)-এর মতে, পুরুষ-নারী উভয়ের ক্ষেত্রেই পরিপক্কতার সর্বোচ্চ বয়স ১৫ বছর। যদি পুরুষ-নারীর বয়স ১৫ বছর পূর্ণ হয়, তবে তাকে পরিপক্ক হিসেবে গণ্য করা হবে। | মুসলমান পুরুষের জন্য বিবাহ হলো চোখের যিনা বন্ধ করার হাতিয়ার। কিন্তু বর্তমান সময়ে পুরুষ-২১ ও নারীর–১৮ বছর হওয়ার পূর্বে মিডিয়ার মাধ্যমে মানুষকে চোখের যিনায় লিপ্ত করা হয়। মানুষ যখন পরিপক্ক তার পূর্বে যিনা করা শুরু করে, তখন পারিবারিক শৃঙ্খলা নষ্ট হয়ে যায়। ফলে সমাজে বেড়ে যায় ছেলে-মেয়ে পালিয়ে বিবাহ করা, রক্তের সম্পর্কের সাথে যিনা করা ও বালেগ হওয়ার পূর্বে যিনা করা-সহ নানা রকম বিবাহবহির্ভূত কার্যক্রম দেখা যায়। |
| ৬. বিবাহের দেনমোহর | আনসারী সাহাবী আবু তালহা (রা.) যখন উম্মে সুলাইম (রা.)-কে বিয়ের প্রস্তাব দেন, তখনও তিনি ইসলাম গ্রহণ করেননি। উম্মে সুলাইম ছিলেন অত্যন্ত দৃঢ়চেতা একজন মুসলিম নারী। উম্মে সুলাইম আবু তালহাকে বলেন, আপনার মতো মানুষকে ফিরিয়ে দেওয়া যায় না, কিন্তু আপনি তো কাফের, আর আমি মুসলিম। আপনি যদি ইসলাম গ্রহণ করেন, তবে সেটাই হবে আমার মোহর। এর বাইরে আমি আর কোন টাকা-পয়সা বা সম্পদ চাই না। আবু তালহা (রা.) এতে মুগ্ধ হয়ে ইসলাম গ্রহণ করেন এবং তাঁর ইসলাম গ্রহণই উম্মে সুলাইমের মোহর হিসেবে গণ্য হয়। | মুসলমান পুরুষরা দেনমোহরের বিনিময়ে বিবাহ করে। ইসলামে দেনমোহর হলো নারীর প্রতি সম্মান এবং তার অধিকার নিশ্চিত করা। কিন্তু বর্তমান সময়ে দেনমোহর শুধু অর্থ হওয়ার কারণে একজন পুরুষ পড়াশোনা শেষ করে উপার্জনের পর্যায়ে যেতে জীবনের ৩০-৩৫ বছর পার করে দেয়। পুরুষ যখন ৩৫ বছর পার করেও বিবাহের খরচ মেটাতে সক্ষম হয় না, তখন ওই ব্যক্তি ব্যাংক থেকে চড়া সুদে ঋণ নেয়। এর ফলে ব্যাংকিং সেক্টরের একটি স্থায়ী গ্রাহক তৈরি হয়, যে আগামী ৫-১০ বছর সুদের ঘানি টানে। যেহেতু সুদ হারাম, তাই এই বিবাহের পর পারিবারিক অশান্তি বেশি দেখা যায়। |
| ৭. তালাকের পদ্ধতি | মুসলমানদের কাছে তালাক অত্যন্ত অপছন্দনীয় হলেও একে যায়েজ করা হয়েছে। তালাকের মাধ্যমে স্বামী-স্ত্রীর পারিবারিক বিবাহবন্ধনের অবসান হয়। তবে ইদ্দত পালনের বাধ্যবাধকতা এবং রাগের মাথায় হুট করে সিদ্ধান্ত না নেওয়ার যে নিয়মগুলো আছে, তা মূলত পরিবারকে টিকিয়ে রাখার শেষ সুযোগ দেয়। তবে চূড়ান্ত তালাকের পূর্বে বরের পরিবার থেকে একজন সালিশ এবং কনের পরিবার থেকে একজন সালিশ উপস্থিত করে বর-কনে উভয়েই নিষ্পত্তি চাইবে। কিন্তু ঝগড়া চলাকালীন যদি স্বামী হুশ-জ্ঞান হারিয়ে সম্পূর্ণ উন্মাদ না হয়ে যায়, তবে রাগের মাথায় দেওয়া তিন তালাকও তিন তালাক হিসেবেই গণ্য হবে। মানুষ সাধারণত রাগের মাথায়ই তালাক দেয়, তাই রাগ তালাক না হওয়ার কোন কারণ হতে পারে না। | ইবলিশ প্রতিদিন তার দলবলের মধ্যে পুরস্কার বিতরণ করে। ইবলিশের দলের মধ্যে ওই ব্যক্তি সবচেয়ে উচ্চ পুরস্কার পায় যে স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া ও বিচ্ছেদ করাতে পারে। ইবলিশ যখন স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া লাগায় তখন কাফেরদের আইনগুলো বিবাহবিচ্ছেদকে সহজ করে দেয়, যাতে অল্পতেই স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ হয়। বিচ্ছেদের কারণে পরিবার যখন ভেঙে যায় তখন সন্তানরা মানসিকভাবে ভেঙে পড়ে, যা পরবর্তী প্রজন্মের অপরাধপ্রবণতা বৃদ্ধিতে সহায়তা করে। অন্যদিকে কাফেরদের কারণ ব্যতীত বিবাহ বিচ্ছেদের আইনের প্রভাবে তুচ্ছ কারণে সংসার ভেঙে যায়। সংসার ভাঙার পরে আইনজীবী এবং বিচ্ছেদের প্রক্রিয়া শেষ করতে বিশাল অঙ্কের অর্থ ব্যয় হয়, যা কাফেরদের আইনকে আয়ের উৎস বানিয়ে দেয়। |
| ৯. বিবাহের প্রভাব | মুসলমানদের যাকাতভিত্তিক ব্যবসানীতি থাকায় কিছু লোকের হাতে সম্পদ জমতে পারে না, বরং সম্পদ সাধারণ মানুষের মধ্যে আবর্তিত হয়। এর ফলে যুবকেরা খুব অল্প বয়সেই অর্থনৈতিকভাবে সচল ও স্বাবলম্বী হওয়ার সুযোগ পায়। সাহাবায়ে কেরামদের যুগে প্রাপ্তবয়স্ক হওয়ার পরপরই বিবাহ করা ছিল একটি স্বাভাবিক নিয়ম। সেই ঐতিহাসিক ধারা অনুসরণ করে মুসলমানরা বর্তমানেও দ্রুত বিবাহকে উৎসাহিত করে। যার ফলে সমাজ থেকে ধর্ষণ ও যিনা-ব্যভিচারের মতো অপরাধ কমে যায়। অপরাধ কমার কারণে পরিবার হয় মজবুত আর সমাজ হয় সুশৃঙ্খল। | বর্তমানে বাংলাদেশে ইহুদী-খ্রিষ্টানদের আইনের কারণে বিবাহ বিলম্বিত হয়। বিবাহ বিলম্বিত হওয়ার কারণে বাণিজ্যিক প্রসব পদ্ধতি সিজার দেশে বৃদ্ধি পায়। সিজার পদ্ধতির কারণে নারী হয় পঙ্গু আর সন্তান হয় দুর্বল। দেশে নারী ও শিশুদের পঙ্গু করার জন্য ইওসি গর্ভবতী ভাতার নামে বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। ইওসি প্রকল্পগুলো নারীদের স্বাভাবিক সন্তান প্রসব ক্ষমতা কমিয়ে আনে যা পরোক্ষভাবে হাসপাতাল সমূহের আয় ৫-১০ গুণ বাড়িয়ে দেয়। এবং দেশে আইভিএফ-টেস্টটিউব বেবি সেন্টার ও ফার্মাসিউটিক্যালস গুলোর ব্যবসা রমরমা করে তুলে। |

**পরিবার**: বিবাহের মধ্য দিয়ে যে সম্পর্কের সৃষ্টি হয়, তাকে পরিবার বলে। পরিবার থেকেই একজন শিশু ভালো-মন্দ ও ঠিক-ভুল সম্পর্কে প্রাথমিক ধারণা পায়। (আর-রূম: ২১)

**পরিবারের মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৩. মুসলমান থেকে ইসলাম | মুসলমান এটি মূলত ফারসি শব্দ থেকে উদ্ভূত, যা ব্যক্তিকে নির্দেশ করে। আমাদের এই অঞ্চলে একসময় ফারসির প্রভাব বেশি থাকায় মুসলমান শব্দটিই ছিল প্রধান। ৯/১১ এর পর খ্রিষ্টান মিডিয়া ও রাজনীতিতে ইসলাম শব্দটি একটি কেন্দ্রীয় আলোচনায় পরিণত হয়। সেখানে একজন ব্যক্তির চেয়ে তার ধর্মীয় আদর্শকে বিশ্লেষণ করার প্রবণতা বেশি ছিল। এর প্রভাবে মুসলিম বিশ্বেও আত্মরক্ষামূলক বা আদর্শিক কারণে ইসলাম শব্দটি বেশি ব্যবহার করে। | ব্রিটিশ ঔপনিবেশিক শাসনামলে ধর্মীয় পরিচয়কে একটি প্রাতিষ্ঠানিক ক্যাটাগরি হিসেবে দেখার প্রবণতা শুরু হয়। আগে যেখানে মুসলমান শব্দটি দিয়ে কেবল একদল মানুষকে বোঝানো হতো, সেখানে ব্রিটিশরা ইসলাম শব্দটিকে একটি সুনির্দিষ্ট সিস্টেম বা রিলিজিয়ন হিসেবে সংজ্ঞায়িত করতে শুরু করে। বিশেষ করে ১৮৮১ সালের আদমশুমারির পর থেকে ধর্মকে একটি স্বতন্ত্র রাজনৈতিক ও সামাজিক পরিচয় হিসেবে দেখার চল বাড়ে। |
| ৪. শব্দের রাজনীতি | বাংলা সাহিত্যের আদি ও মধ্যযুগে মুসলমান বা মোসলমান শব্দের প্রাধান্য ছিল অনেক বেশি। এমনকি কাজী নজরুল ও ফররুখ আহমদের কবিতাতেও মানুষের পরিচয়ই মুখ্য ছিল। কিন্তু বর্তমান সময়ে ধর্মীয় শিক্ষা এবং গণমাধ্যমের প্রচারের ফলে ইসলামিক আইন, ইসলামিক সংস্কৃতি বা ইসলামিক ব্যাংকিং-এর মতো শব্দগুলো দৈনন্দিন ভাষায় এত বেশি মিশে গেছে যে, মুসলমান শব্দের চেয়ে ইসলাম শব্দের ব্যবহার এখন অনেক বেশি দৃশ্যমান। | বর্তমানে খ্রিষ্টানরা মুসলমানদের আইন না বলে ইসলামিক আইন বলে। যার কারণে মুসলমানদের মধ্যে যারা খ্রিষ্টান পন্থি তারা ইসলামিক আইন বলে অহেতুক বিতর্ক করে। যখন মুসলমান ব্যবহার না করে ইসলাম ব্যবহার করা হয়, তখন ইসলাম একটি সিস্টেম হয়ে যায়। ইসলাম সিস্টেম হওয়ার কারণে অনেক ব্যক্তি নিজেকে মুসলমান দাবি করেও ইসলামের আইনকে মানবতা বিরোধী বলে তর্ক করে। আবার অনেকে মুসলমান হয়েও নিজের দায়বদ্ধতা এড়িয়ে যায়। |
| ৫. উচ্চারণের পরিবর্তন | আল্লাহ বলেছেন, তোমরা একে অন্যকে বিকৃত নামে ডেকো না; এই কাজ করা গুনাহ। কোন শব্দের মূল উচ্চারণ যখন বদলে দেওয়া হয়, তখন সেই শব্দের আধ্যাত্মিক ওজন কমে যায়। যদি বাংলা ভাষা আরবি হরফে লেখা হতো, তখন আমরা সরাসরি আল-কোরআনের শব্দগুলো আরবিতে লিখতে পারতাম; এতে শব্দের উচ্চারণ ও বানান ঠিক থাকত, যা মুসলমানদের আধ্যাত্মিক শক্তি বৃদ্ধি করত। পাশাপাশি আমরা এক উম্মাহতে পরিণত হতাম। | আরবিকে বাংলা উচ্চারণ করা অনেক কঠিন। বাংলা একাডেমি এই সুযোগ কাজে লাগিয়ে প্রকৃত আরবি উচ্চারণকে বিকৃত করছে। বাংলা একাডেমি উচ্চারণ গত পরিবর্তন করে। সুকৌশলে মুসলমানদেরকে মূল আল-কোরআন থেকে মানসিকভাবে দূরে সরিয়ে দেয়। যেমন— কোরআন-এর পরিবর্তে কুরআন ব্যবহার, ইসলামিক-এর পরিবর্তে ইসলামী ব্যবহার, যাকাত-এর পরিবর্তে জাকাত ব্যবহার করা, কিংবা যিনা-এর পরিবর্তে জেনা ব্যবহার করা। |

**লিখন পদ্ধতি মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৬. শব্দের রূপ | শব্দের রূপ পরিবর্তনটি কেবল ভাষাগত নয় বরং এটি একটি গভীর মনস্তাত্ত্বিক এবং রাজনৈতিক পরিবর্তনের অংশ। আগে ধর্মীয় নেতাদের সম্মানসূচক সম্বোধন ছিল মৌলভী বা মোল্লা। কিন্তু পরবর্তী সময়ে খ্রিষ্টানরা ধর্ম বিহিন রাজনীতিতে মোল্লা শব্দটিকে কিছুটা তুচ্ছার্থে ও ব্যাকডেটেড বোঝাতে ব্যবহার শুরু করে। এর ফলে খ্রিষ্টান আদর্শে শিক্ষিত মুসলমানরা মোল্লার পরিবর্তে ইসলামিক স্কলার বা আলেম শব্দটি ব্যবহার করতে পছন্দ করেন। বর্তমানে এই স্কলারা মাদ্রাসার পরিবর্তে ইসলামিক স্কুল বা একাডেমি শব্দগুলো ব্যবহার করে। | কাফেররা শব্দের রূপ পরিবর্তন করে মুসলমানদেরকে চেনা রূপ থেকে বের করে নতুন রূপে নিয়ে আসে। যেমন— আগে যিনা লেখা দেখলে আপনি বুঝে যেতেন এই ব্যক্তি অনেক খারাপ কাজ করেছে যা ঘৃণার যোগ্য। কিন্তু যখন যিনা না লিখে জিনা লেখা হয়, তখন আপনার মনে আগের সেই ঘৃণাটা কাজ করে না। একইভাবে হিজড়া শব্দটি গালি বা তুচ্ছার্থে ব্যবহৃত হতো। বর্তমানে তাদের সামাজিক মর্যাদা ফিরিয়ে আনার জন্য খ্রিষ্টানরা দাপ্তরিক কাজে এখন তৃতীয় লিঙ্গ বা ট্রান্সজেন্ডার শব্দগুলো ব্যবহার করে। |
| ৭. শব্দার্থের ব্যবহার | মুসলমানরা ব্যবসার ক্ষেত্রে অর্থনীতি না বলে ব্যবসা নীতি বলে, ব্যাংক না বলে আমানত বলে। এই শব্দ গুলো মানুষের মনে ও মাথায় বেশি প্রভাব বিস্তার করে। যেমন— যখন বলা হয় আমেরিকা কিউবার ওপর ব্যবসায়িক নিষেধাজ্ঞা দিয়েছে, তখন মানুষের মনে ক্ষোভ জন্মাবে। আর যখন বলা হয় আমেরিকা অর্থনৈতিক নিষেধাজ্ঞা দিয়েছে, তখন এই শব্দটি কঠোর সত্যকে নরম শব্দে ঢেকে দেয়। | খ্রিষ্টানরা যখন ব্যবসায়িক নিষেধাজ্ঞা না বলে অর্থ নৈতিক নিষেধাজ্ঞা বলে। তখন মানুষ নিষেধাজ্ঞার ভেতরের শোষণ বা কঠোরতা সহজে বুঝতে পারে না। খ্রিষ্টানরা প্রকৃত সত্য লুকানোর জন্য নিজস্ব শব্দের ব্যবহার করে, যাতে মানুষ তার নিজের লাভ-ক্ষতি সরাসরি অনুভব করতে না পারে। খ্রিষ্টানরা সুদভিত্তিক অর্থনীতির কথা বলে সুদভিত্তিক ব্যবসানীতি এই সত্য কথাটিকে লুকায়। |
| ৮. শব্দের ব্যবহার | বর্তমানে খিলাফত শাসন শব্দটিকে মানুষের কাছে পুরাতন বা সেকেলে হিসেবে উপস্থাপন করা হয়। অন্যদিকে, শরিয়াহ শব্দটিকে স্বাধীনতার বিপক্ষে দাঁড় করানো হয়। সমান্তরালভাবে এই প্রচার চালানোর কারণে সাধারণ মানুষ ইসলামিক শাসনব্যবস্থা চাইতে ভয় পায়। বর্তমান সময়ে খিলাফত শব্দের ব্যবহার কমিয়ে যদি কর বা খাজনামুক্ত শাসন বলা হয়, তখন তা সাধারণ মানুষের মনে বেশি প্রভাব ফেলবে। | মুসলমানদেরকে বইয়ে ও মিডিয়ার মাধ্যমে খ্রিষ্টান শাসন না শিখিয়ে গণতান্ত্রিক শাসন শেখানো হয়। কারণ খ্রিষ্টান শাসন বললে আমরা মুসলমানরা তা গ্রহণ করতাম না। ফলে বর্তমানে খ্রিষ্টানদের শাসনব্যবস্থাকে পশ্চিমা সভ্যতা বা গণতন্ত্র নাম দিয়ে আমাদের ওপর চালিয়ে দেওয়া হচ্ছে। এই শব্দ দুটি মুসলমানদের মনকে শীতল রাখতে কাজ করে। যার কারণে মুসলমানরা আজ কাফেরদের আইনে চলে। |
| ৯. শব্দ গোপন | মুসলমানদের আধুনিক ইসলামিক স্কলার আলেমগণ ওয়াজে বলেন মুসলমানরা যাকাতভিত্তিক অর্থনীতি দিয়ে রাষ্ট্র পরিচালনা করবে। অথচ এই শব্দের প্রকৃত অর্থ হবে মুসলমানরা সুদ মুক্ত যাকাতভিত্তিক ব্যবসা নীতি দিয়ে রাষ্ট্র পরিচালনা করবে। আলেমগণ যদি যাকাতভিত্তিক ব্যবসানীতি এই শব্দটি ব্যবহার করে তাহলে ইহুদী-খ্রিষ্টানদের মনে আতঙ্ক সৃষ্টি হবে। | বর্তমান সময়ে আমরা অর্থনীতি শব্দটির সাথে বেশি পরিচিত। মূলত অর্থনীতি ও ব্যাংক—এই দুটি শব্দ দিয়ে আমাদের চোখের সামনে প্রকৃত ব্যবসানীতিকে আড়াল করছে। এই শব্দ দুটির কারণে আমরা ব্যবসানীতির দিকে দৃষ্টি দেই না। অথচ গ্রুপ ও লিমিটেড কোম্পানি নামে যে ব্যবসায়িক কাঠামো তৈরি করা হয়েছে, তার প্রধান উদ্দেশ্য হলো সুদ ব্যবস্থাকে প্রতিষ্ঠা করা। |
| ১০. শব্দের সংস্কৃতি | মুসলমানরা সব সময় আল-কোরআনের সবগুলো ব্যবহার করে। আল-কোরআনের শব্দগুলো কাফের দের মনে ভয় সৃষ্টি করে। আর কাফেররা মুসলমানদের আল-কোরআনের শব্দকে পরিবর্তন করে দেয়। যেমন- ঐতিহাসিকভাবে পুঁথি সাহিত্যে বিদ্যমান ছিল। পুঁথি সাহিত্যে মুছে ফেলার উদ্দেশ্য হলো মুসলিমদেরকে শেকড় থেকে বিচ্ছিন্ন করা। মুসলমানরা শেকড় থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে মসজিদে ইমমা সাহেব জুমার খুতবা দিলে সাধারণ মুসলমান আরবি খুতবার কিছুই বুঝে না। খুতবার না বুজার কারণে দিন দিন মুসলমান দের মন থেকে ইসলাম দূরে সরে যায়। মনের এই শূন্য স্থানে জায়গা পায় খ্রিষ্টানদের ইংরেজি শব্দগুলো। | বাম দিক থেকে লেখা এবং ইংরেজির ব্যাপক ব্যবহারের প্রধান উদ্দেশ্য হলো মানুষের অবচেতন মনে এটি গেঁথে দেওয়া যে—খ্রিষ্টানদেশ গুলো হলো শ্রেষ্ঠ। যখন একটি শিশু ছোটবেলা থেকেই শুকরান-এর বদলে থ্যাংকস শেখে, তখন সে মানসিকভাবে মুসলমানদের স্বর্ণযুগ থেকে বিচ্ছিন্ন হয়ে খ্রিষ্টানদের ভোগবাদী নিয়মের অনুসারী হয়ে পড়ে। খ্রিষ্টানরা ইংরেজিকে আভিজাত্যের প্রতীক বানিয়ে দিয়েছে, এতে মুসলমানরা নিজের ধর্মীয় ঐতিহ্যের চেয়ে খ্রিষ্টানদের জীবনধারাকে বেশি পছন্দ করে। খ্রিষ্টানদের কারণে মুসলমানরা আজ বলে আস্তাগফিরুল্লাহ পরিবর্তে সরি বলে, ইনশাআল্লাহ পরিবর্তে ওকে বলে। |

**লিখন পদ্ধতি মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১১. লিখার রাজনীতি | মুসলমানদের কার্যক্রম আল-কোরআন অনুসারে কেমন হবে তা নির্ণয়ের জন্য একটি সংস্থা থাকা দরকার। এই সংস্থার নাম হবে MSO- মুসলমান মান নির্ণয় সংস্থা। এই সংস্থা শুরার গঠন ঠিক করবে, পণ্যের গায়ে আরবির ব্যবহার বৃদ্ধি করবে, খাদ্যের মান ও পুষ্টি নিশ্চিত করবে এবং মুসলমানদের আল-কোরআনের আলোকে পথ প্রদর্শন করবে। মুসলমান দের এই ধরনের সংস্থা থাকলে খ্রিষ্টানদের ISO আজ মুসলমানদের ওপর প্রভাব বিস্তার করতে পারত না। | বর্তমানে ISO শব্দটি বেশি দেখা যায়। ISO-কে বলা হয় আন্তর্জাতিক মান নির্ণয় সংস্থা। ISO-এর কাজ হলো সকল দেশের প্রতিষ্ঠান থেকে শুরু করে পণ্যের গায়ে লেখা ও খাবারের উপাদানের মান ঠিক করা। এই আন্তর্জাতিক মান নির্ণয় সংস্থা ISO-এর নিয়ম ঠিক করা হয় খ্রিষ্টান দেশসমূহের ওপর ভিত্তি করে। ISO মূলত খ্রিষ্টানদের বাণিজ্যিক স্বার্থ রক্ষা করে। খ্রিষ্টানরা ISO দিয়ে লেখার সেন্সরশিপ দেয়, যা মুসলমানদের আরবি থেকে বের করে ইংরেজিতে প্রবেশ করায়। |
| ১২. লিখার যুদ্ধ | আরবি লিখন পদ্ধতি ও বর্ণমালা অত্যন্ত বৈজ্ঞানিক। আরবি লেখা একটি শিশু খুব দ্রুত আয়ত্ত করতে পারে। যেমন—মসজিদের হুজুর একটি বাচ্চাকে কয়েক পারা আল-কোরআন শিক্ষা দিলে বাকি অংশটুকু সে নিজে নিজে পড়তে পারে। আমরা মুসলমানরা যদি দৈনন্দিন ব্যবহৃত শব্দগুলো আল-কোরআন থেকে ব্যবহার করি, তখন দেখবেন একটি বাচ্চা নিজেই আল-কোরআনের অনুবাদ করতে পারবে। পাশাপাশি মসজিদের আরবি খুতবা বোঝাও সহজ হবে। | ইংরেজি একটি কঠিন ও জটিল ভাষা। ইংরেজি শিখতে গিয়ে একজন ছাত্র ছোট থেকে কোচিং ও প্রাইভেট করে। শুধু খ্রিষ্টানদের এই ভাষার গ্রামার শিখতে একজন ছাত্রকে জীবনের অনেক সময় ও অর্থ ব্যয় করতে হয়। অথচ জীবনের এই সময় ও অর্থ দিয়ে একজন ছাত্র আধুনিক বিজ্ঞান শিখতে পারত। বিজ্ঞান শিখতে হলে যে ইংরেজি জানতে হবে এই ধরনের চিন্তা ঠিক না। মূলত মুসলমান জাতিকে মেধাগতভাবে অলস করার জন্য খ্রিষ্টানরা বিজ্ঞানকে জটিল করেছে। |
| ১৩. লিখার আর্দশ | আল্লাহ বলেন আমি প্রথমে আদমকে সৃষ্টি করেছি পরে তার সঙ্গিনীকে। সৃষ্টির এই ধারাবাহিকতায় মুসলমান দের লেখার আদর্শ হয় পুরুষ-নারী এইভাবে। অর্থাৎ আল্লাহ প্রদত্ত সৃষ্টিতত্ত্বের ক্রম অনুসারে আগে পুরুষ এবং পরে নারীকে উল্লেখ করা হয়। লেখার এই আদর্শ একটি সুশৃঙ্খল ও ভারসাম্যপূর্ণ পারিবারিক গঠনের পদ্ধতি বর্ণনা করে। | আল্লাহর সাথে ইবলিশ ওয়াদা করেছে যে সে আদম সন্তানকে সমূলে ধ্বংস করবে। আদম সন্তানকে ধ্বংস করতে ইবলিশ নারীকে ঢাল হিসেবে ব্যবহার করে। ইবলিশের আদর্শ অনুসারে খ্রিষ্টানরা লেখার সময় আগে নারী এবং পরে পুরুষকে উল্লেখ করে। খ্রিষ্টানদের নারী-পুরুষ লেখার এই ধরনের আদর্শ পারিবারিক কাঠামোর ভারসাম্য নষ্ট করে। |
| ১৪. AI লিখা | আল্লাহ নির্দেশ দিয়েছেন মুসলমানরা যাতে এতিম দেরকে তাদের পিতৃপরিচয়ে ডাকে। আল্লাহর এই নির্দেশ পরিচয়কে অধিক স্পষ্ট করে। ঠিক তেমনিই মুসলমানরা যখন AI-কে AI সফটওয়্যার বা কোড হিসেবে উল্লেখ করবে, তখন এই পরিচয় বস্তুর মূল ভিত্তিকে অধিক স্পষ্ট করবে। বস্তুর পরিচয় যখন স্পষ্ট থাকবে, তখন মানুষের অবচেতন মন AI-কে রবের সমকক্ষ মনে করবে না। | ইবলিশের আদর্শ হলো প্রকৃত পরিচয়কে গোপন করা। বর্তমান সময়ে ইবলিশের আদর্শের অনুসারীরা AI সফটওয়্যারকে AI বা কৃত্রিম বুদ্ধিমত্তা বললে মানুষের অবচেতন মনে AI-কে রবের সমকক্ষ বানিয়ে দেয়। তারা কৃত্রিম বুদ্ধিমত্তাকে এমনভাবে উপস্থাপন করে যাতে মানুষ এর ওপর অতিমাত্রায় নির্ভরশীল হয়ে পড়ে এবং নিজের বিবেক ও খোদভীতি হারিয়ে AI-কেই চূড়ান্ত সমাধানদাতা মনে করে। |
| ১৫. লিখার প্রভাব | মুসলমানদের কাছে লেখা কেবল তথ্য আদান-প্রদান নয়, বরং লেখা একটি আমানত এবং রুহানি শক্তি। আল-কোরআনের লিখন পদ্ধতি ও শব্দচয়ন এমন যে, এটি পাঠ করলে বা দেখলে মানুষের অন্তরে প্রশান্তি নাজিল হয়। আল-কোরআনের লেখার প্রভাব সরাসরি মানুষের আত্মাকে স্পর্শ করে, যা মানুষকে দুনিয়ার মোহ থেকে বের করে আখেরাতমুখী করে তোলে। আরবি হরফ দিয়ে লেখা আরব মুসলমানদের মধ্যকার ভাষাগত দেয়াল ভেঙে বাঙালি মুসলমানদের ইসলামের আদলে এক দেহে পরিণত করে। | আল্লাহ সূরা নিসার ৪৬ নং আয়াতে বলেছেন ইহুদীদের মধ্যে কিছু লোক ধর্মীয় শব্দগুলোকে মূল অর্থ থেকে বিকৃত করে ফেলে। যেমন—তারা জিহাদকে সন্ত্রাসবাদ, পর্দাকে নিপীড়ন এবং সুদকে ইন্টারেস্ট নাম দিয়ে শব্দের আধ্যাত্মিক ও আইনি গুরুত্বকে মানুষের মন থেকে মুছে ফেলে। লেখার এই প্রভাব দিয়ে ইবলিশের অনুসারীরা মুসলমানদের স্বর্ণযুগকে অন্ধকার যুগ হিসেবে তুলে ধরে। তারা বই-পুস্তকে সুকৌশলে এমন শব্দ ব্যবহার করে যাতে নতুন প্রজন্মের মনে নিজের ধর্ম ও পূর্বপুরুষদের প্রতি ঘৃণা জন্মায়। |

**সুস্পষ্ট ধর্মীয় দর্শন**: ইহকালীন ও পরকালীন সফলতার জন্য আসমানি গ্রন্থের সঠিক অনুসরণ করাকে ধর্ম বলে। মানুষ অজ্ঞ অবস্থায় জন্মগ্রহণ করার কারণে তাকে পৃথিবী উপযোগী শিক্ষা গ্রহণ করতে হয়। পৃথিবী উপযোগী শিক্ষার জন্য ব্যক্তির সঠিক অনুসরণ করাকে সুস্পষ্ট ধর্মীয় দর্শন বলে। আর মুসলমান জাতি মুহাম্মদ (সা.)-এর অনুসরণ করে। -আল-আহযাব: ২১

**ধর্মীয় দর্শনের মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:**

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ১. ধর্মীয় কিতাব | আল্লাহ তাআলা আল-কোরআন হজরত মুহাম্মদ (সা.)-এর ওপর নাজিল করেন। আল্লাহর নির্দেশ বাদ দিয়ে মানুষ যখন পূজা ও অশ্লীলতায় মগ্ন হয়ে গিয়েছে, তখন মানুষকে সঠিক ও শান্তির পথে নিয়ে আসার জন্য রাসূল (সা.) ইসলাম নিয়ে আসেন। এই ইসলামের মাধ্যমে মুসলমানগণ তাদের মধ্যে শান্তি ফিরিয়ে আনেন। মুসলমানগণ ইসলাম ব্যতীত যদি ইহুদীদের ও খ্রিষ্টানদের অশ্লীল আইন মানে, তাহলে মুসলমানরা কোন দিন শান্তি পাবে না। ইসলামের জন্য মুসলমান নয় বরং মুসলমানদের জন্য ইসলাম; যখন মুসলমানরা ইসলাম মানবে, তখন মানবজাতির কল্যাণ হবে। মানবজাতির কল্যাণের জন্য মুসলমানদের আল্লাহর আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করতে হবে। | হজরত মুহাম্মদ (সা.)-এর পূর্বে ইবরাহিম (আ.)-এর অনুসারীদের মধ্যে আল্লাহ তাআলা আসমানি কিতাব পাঠান। আসমানি কিতাব আসে ইহুদী ও খ্রিষ্টানদের ওপর, কিন্তু এই দুই জাতি আল্লাহর আসমানি কিতাবের আইন লঙঘন করে এবং আসমানি কিতাবকে বিকৃত করে তাদের মনগড়া অশ্লীল আইন বানায়। ইহুদী-খ্রিষ্টানদের এই সকল আইন ইবলিশের অপকর্ম হিসাবে আল-কোরআন বর্ণনা করেছে। যার কারণে আল্লাহ ইহুদী ও খ্রিষ্টানদেরকে গজবপ্রাপ্ত ও পথভ্রষ্ট জাতি বলেছেন এবং মুসলমানদেরকে এদের থেকে দূরে থাকার জন্য সূরা ফাতিহার শেষ আয়াতে দোয়া শিক্ষা দিয়েছেন। অথচ আজ মুসলমানরা আল্লাহর আইন ছেড়ে ইহুদী ও খ্রিষ্টানদের আইনের অনুসরণ করছে। |
| ২. ধর্মীয় বিশ্বাস | আল-কোরআনের বর্ণনা অনুসারে আল্লাহর পক্ষ থেকে মানুষের রিজিক ও জীবিকা নির্ধারিত। মানুষ যখন মনে করে জীবিকা আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত তখন মানুষ অন্য কারো দাসত্ব মেনে নিতে চায় না। অন্যের দাসত্ব ত্যাগ করে আল্লাহর ওপর ভরসা করাকে তাওয়াক্কুল বলে। আল্লাহর ওপর মানুষ যখন তাওয়াক্কুল করা শুরু করে তখন মানুষকে অন্য কেউ শোষণ ও নির্যাতন করতে পারে না। যেমন—মানুষ যখন নিজের রিজিকের জন্য নিজ ব্যবসার ওপর নির্ভরশীল হয় তখন মানুষ আল্লাহর ওপর তাওয়াক্কুল করে এবং সেই মানুষ কারো চাপ ও শোষণ মেনে নিতে চায় না। | মানুষকে ইবলিশ দারিদ্র্যের ভয় দেখায় এবং অশ্লীলতার নির্দেশ দেয় যাতে মানুষ আল্লাহর উপর ভরসা না করে নিজের কর্মের উপর নির্ভর করে। বর্তমানে ইহুদী-খ্রিষ্টানরা ইবলিশের দর্শন প্রচার করার জন্য ব্যবসার পরিবর্তে চাকরিকে সামনে নিয়ে আসে। চাকরিকে সামনে আনার পেছনে পুঁজিবাদী বাজারের বিশাল অর্থনৈতিক শোষণ রয়েছে। যেমন—মানুষ যখন রিজিকের ভয়ে অস্থির থাকে তখন সেই অস্থির ব্যক্তি চাকরি হারাবার ভয়ে তার মালিকের চাপ ও শোষণ মেনে নিতে মানসিকভাবে প্রস্তুত হয়ে যায়। এই মানসিক ভয় মানুষকে মানুষের গোলামিতে পরিণত করে। |
| ৩. ধর্মীয় মাপকাঠি | আল্লাহর পক্ষ থেকে নাজিলকৃত আল-কোরআন অনুসারে রাসূল (সা.) মদিনার সাহাবী দলকে প্রশিক্ষণ দিতে শুরু করেন। মদিনায় প্রশিক্ষণপ্রাপ্ত সাহাবীগণ পরবর্তীতে সকল মুসলমানের জন্য ইসলাম পালনের মাপকাঠি হয়ে যান। সাহবীগণকে মাপকাঠি হিসেবে নির্ধারণ করার কারণে পরবর্তী মুসলমানরা আল-কোরআনের আয়াতের ভুল ব্যাখ্যা করতে পারে না। যেমন—আল্লাহ বলছেন তোমরা ঢিলেঢালা পোশাক পরিধান করো। এই ঢিলেঢালা পোশাক কেমন হবে, তা রাসূল (সা.) সাহাবাদেরকে প্রশিক্ষণ দিয়েছেন। তাই মুসলমানদের মধ্যে কেউ যদি ঢিলেঢালা পোশাক নিয়ে বিতর্ক করে তখন ওই ব্যক্তি রাসূল (সা.)-এর প্রশিক্ষণ নিয়ে বিতর্ক করছে বলে গণ্য হয়। | ইবলিশের পক্ষ থেকে নাজিলকৃত অশ্লীলতার অনুসরণ করে ইহুদী-খ্রিষ্টানরা। ইবলিশ তার অশ্লীলতার মাপকাঠি হিসেবে নির্ধারণ করেছে খ্রিষ্টান দেশগুলোকে। অশ্লীলতার মাপকাঠি খ্রিষ্টান দেশগুলো হওয়ার কারণে মুসলমানদের মধ্যে যারা ইহুদী-খ্রিষ্টানদের অনুসারী তারা খ্রিষ্টান দেশগুলোর পোশাক পরিধান করে এবং খ্রিষ্টান পোশাককে মুসলমানদের মধ্যে স্বাভাবিক করার জন্য ঢিলেঢালা পোশাক নিয়ে বিতর্ক করে। যেমন—আপনি দেখবেন বর্তমান রাষ্ট্র যারা পরিচালনা করে তাদের প্রায় সকলে খ্রিষ্টান ধাঁচের কোট-টাই ও শার্ট-প্যান্ট পরিধান করে এবং সকল সরকারি চাকরিজীবী এই খ্রিষ্টান মডেলকে প্রাতিষ্ঠানিক মাপকাঠি হিসেবে মেনে চলে। কারণ খ্রিষ্টানরা এই পোশাক পছন্দ করে। |

ধর্মীয় দর্শনের মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৪. ধর্মীয় দল | আল্লাহ তাআলা বলেন, তোমরা মুসলমানরা নিজেদের মধ্যে মতভেদ তৈরি করো না। আল্লাহর নির্দেশের কারণে ইসলামের শুরুতে মুসলমানদের মধ্যে কোন দলাদলি ছিল না। কিন্তু ইবলিশের প্ররোচনায় সাহাবায়ে কেরামের সময় মুসলমানরা দুই ভাগে বিভক্ত হয়ে যায়। মুসলমানদের দুই দলের মধ্যে একদল মদিনা রাষ্ট্রের প্রকৃত ইসলামকে অনুসরণ করে, আর অন্য দল মদিনা রাষ্ট্রের প্রচলিত ইসলামের মধ্যে কিছু পরিবর্তন নিয়ে আসে। মদিনা রাষ্ট্রের ইসলামিক নিয়মের মধ্যে পরিবর্তন হওয়ার কারণে পরবর্তীতে মুসলমানরা ছোট ছোট দলে বিভক্ত হয়ে যায়। | মুসলমানদের এই বিভক্তিকে কাজে লাগিয়ে ইহুদী-খ্রিষ্টানরা মদিনা রাষ্ট্রের ইসলামকে আরও খণ্ডিত করতে শুরু করে। যার ফলে সাধারণ মুসলমানরা দ্বিধাদ্বন্দ্বে পড়ে গেছে যে, প্রকৃত ইসলাম কোনটি। মুসলমানদের দ্বিধাদ্বন্দ্বে রাখতে খ্রিষ্টানরা কাদিয়ানি মতবাদের সৃষ্টি করে। ইসলামিক শিক্ষার শিকড় থেকে বিচ্যুত মাওলানা মওদুদীর মতবাদকে ইহুদী-খ্রিষ্টানরা ইসলামিক দল বলে উৎসাহিত করে এবং পীরের নামে মাজার পূজাকে প্রশ্রয় দেয়। ইহুদী-খ্রিষ্টানদের এই সকল চক্রান্তের কারণে বর্তমান সময়ে মুসলমানদের মধ্যে আমরা নানা ফেরকা ও মতাদর্শ দেখি। |
| ৫. ধর্মীয় সম্প্রীতি | সম্প্রীতি হলো মিলেমিশে থাকা, যা ইসলাম সমর্থন করে। কিন্তু বর্তমানে সম্প্রীতিকে এমনভাবে প্রচার করা হয় যেন সব ধর্মই সমান এবং সব ধর্মই সত্য। ধর্মীয় এই সম্প্রীতির ফলে মুসলমানদের মনে নিজ ধর্মের শ্রেষ্ঠত্ব নিয়ে সন্দেহ তৈরি হয়। ধর্মীয় শ্রেষ্ঠত্বের মধ্যে সন্দেহ থাকার কারণে মুসলমান আর কাফেরের যে দূরত্ব আল-কোরআন তৈরি করে দিয়েছে তা কমে যায়। ধর্মীয় দূরত্ব কমার কারণে মুসলমানরা কাফেরের ধর্মীয় অনুষ্ঠানে যায় আবার কাফেররা মুসলমানদের ধর্মীয় অনুষ্ঠানে আসে। সম্প্রীতির নামে মেলামেশা মুসলমানদের আদর্শিক শ্রেষ্ঠত্ব দূর করে দেয়। ফলে কাফেররা মনে করে মুসলমানরা তো আমাদের মতো। | আল্লাহ মুসলমানদের অবস্থান জান্নাত আর কাফেরদের অবস্থান জাহান্নাম নির্ধারণ করেছে। আল্লাহ জান্নাত-জাহান্নাম নির্ধারণের মাধ্যমে মুসলমান আর কাফেরের মধ্যে চিরস্থায়ী দূরত্ব সৃষ্টি করে দিয়েছে। চির স্থায়ী দূরত্বের ফলে মুসলমান আর কাফের এক হতে পারে না এবং তাদের অবস্থান জাহান্নাম হওয়ার কারণে তাদের ধর্ম সত্য হতে পারে না। কিন্তু ইবলিশ চায় মুসলমানদেরকে কাফের বানাতে যাতে সবাই জাহান্নামী হয়ে যায়। ইবলিশের এই সম্প্রীতি বাস্তবায়ন করার জন্য মুসলমানদের মধ্য থেকে কিছু আলেমকে খ্রিষ্টানরা বিশেষ সুবিধা দেয় যাতে এই আলেমরা বাকি মুসলমান দেরকে সম্প্রীতির নামে ইবলিশের অনুসারী করে। |
| ৬. ধর্ম নিরপেক্ষ | ধর্মনিরপেক্ষতা অর্থাৎ ধর্মীয় আদর্শ থেকে বের হয়ে এমন কিছুকে আদর্শ হিসেবে গ্রহণ করা যাতে কোন ধর্মীয় ছোঁয়া নেই। কিন্তু যে ব্যক্তি নিজেকে মুসলমান বলে দাবি করবে তার জীবনের প্রতিটি পদক্ষেপে রাসূল (সা.)-এর আদর্শের ছোঁয়া থাকবে। মুসলমানদের প্রধান বৈশিষ্ট্য হলো মুসলমানরা অন্য ধর্মের প্রতি সহনশীল; কিন্তু নিজের ধর্মের শ্রেষ্ঠত্ব এবং আদর্শের ব্যাপারে আপসহীন। যার কারণে ধর্ম যার যার, উৎসব সবার বলে ধর্ম নিরপেক্ষ যে প্রচার করা হয় তা মুসলমানদের নিকট গ্রহণযোগ্য নয়। মুসলমানদের জন্য ইসলাম স্পষ্টভাবে সত্য ও মিথ্যার পার্থক্য তুলে ধরেছে। আল্লাহর আইন মানাকে মুসলমানরা আদর্শ মনে করে। | ইহুদী-খ্রিষ্টানরা যখন সম্প্রীতির নাম দিয়ে সকল ধর্মের লোকজনকে এক করে ফেলে, তখন ধর্মনিরপেক্ষতা নাম দিয়ে তারা ভিন্ন এক আদর্শ নিয়ে আসে। মানুষ যেহেতু মানুষের জন্য আদর্শ ঠিক করতে পারে না, তাই ইহুদী-খ্রিষ্টানরা ধর্মনিরপেক্ষতা নামে ইবলিশের আদর্শ দিয়ে মানুষকে পরিচালনা করে। ইবলিশের আদর্শ হলো ধর্ম কেবল ব্যক্তিগত বিষয়, রাষ্ট্রীয় জীবনে ধর্মের কোন প্রয়োজন নেই। যখন মুসলমানরা রাষ্ট্রীয় জীবনে ইবলিশের ধর্মনিরপেক্ষ আদর্শ ও আইন গ্রহণ করে, তখন তারা সরাসরি আল্লাহর আইনকে অস্বীকার করে। আর ইবলিশের অনুসারী ইহুদী-খ্রিষ্টানরা চায় মুসলমানরা যাতে আল্লাহর আইন অমান্য করে। |
| ৭. ধর্মীয় কেন্দ্র | মসজিদ হলো মুসলমানদের প্রাণকেন্দ্র। মসজিদে মুসলমানরা বিচার করে ও যুদ্ধের সিদ্ধান্ত নেয়। রাসূল (সা.)-এর সময় থেকে মুসলমানরা বিপদে-আপদে মসজিদমুখী হয়। মুসলমানদেরকে মসজিদ থেকে বের করার জন্য কাফেররা মসজিদকে শুধু নামাজ পড়ার ঘর বানিয়ে দেয়। মসজিদে নামাজ পড়া ব্যতীত রাজনীতি ও যুদ্ধ নিয়ে কথা বলাকে তারা উগ্রবাদ বলে। যেহেতু মুসলমানরা মসজিদে কাফেরদের বিরুদ্ধে যুদ্ধের সিদ্ধান্ত নেয়, সেহেতু কাফেরদের দৃষ্টিতে এটি উগ্রবাদ। তবে যে সকল মুসলমান এটিকে উগ্রবাদ বলবে, তারা কাফেরদের অনুসারী হয়ে যাবে। | রাসূল (সা.)-এর সময় বাইতুন নাদওয়া ছিল কাফেরদের প্রাণকেন্দ্র। আল্লাহ বলেন কাফেরা বাইতুন নাদওয়াতে মিলিত হয়ে মুসলমানদের বিরোধী চক্রান্ত করে এবং যুদ্ধের সিদ্ধান্ত নেয়। রাসূল (সা.)-এর সময়ের সেই বাইতুন নাদওয়াকে বর্তমান কাফেরা নাম দিয়েছে জাতিসংঘ। যত দেশ ইবলিশের ধর্মনিরপেক্ষ আইন দিয়ে রাষ্ট্র পরিচালনা করে, এই জাতিসংঘ হলো তাদের সকলের মিলনকেন্দ্র। এই জাতিসংঘের নির্দেশ অনুসারে প্রতিটি দেশ জুমার খুতবা ও ওয়াজ মাহফিল নিয়ন্ত্রণ করে, যাতে কাফেরদের চক্রান্তের বিরুদ্ধে মুসলমানরা কোন বিদ্রোহ করতে না পারে। |

ধর্মীয় দর্শনের মাধ্যমে মানবজাতিকে পরিচালনা করার পদ্ধতি:

| বিষয় | মুসলমানদের নিয়ম | খ্রিষ্টানদের নিয়ম |
|---|---|---|
| ৮. ধর্ম ব্যবসা | যখন কোন ধর্মীয় আদর্শকে পুঁজি করে আয় করা হয় তখন তাকে ধর্ম ব্যবসা বলে। বাংলাদেশে মাজার কেন্দ্রিক ধর্ম ব্যবসাকে ইহুদী-খ্রিষ্টানরা পরোক্ষভাবে সমর্থন দেয়। মানুষ যখন কবরে সিজদা করে বা মৃত মানুষের কাছে সাহায্য চায়, তখন তার শিরক হয়। আর শিরককারী জাতি কখনোই আল্লাহর সাহায্য পায় না। ফলে শিরককারী মানুষকে গোলাম বানিয়ে রাখা সহজ হয়। অনেক মুসলমান এই শিরকে ইসলাম বলে। | বাংলাদেশের টিভি চ্যানেল ও অনলাইন সমূহ ইহুদী-খ্রিষ্টানদের নিয়ন্ত্রণে। ইহুদী-খ্রিষ্টানরা অনলাইনের জন প্রিয়তার নাম দিয়ে কিছু মুসলমানকে ইসলামিক স্কলার হিসেবে তৈরি করে। এই ইসলামিক স্কলাররা অন লাইনে নিজেদের জনপ্রিয়তা ধরে রাখতে ইসলামের কঠোর ও বিপ্লবী আইনগুলো এড়িয়ে কেবল মিষ্টি কথা বলে। ইহুদী-খ্রিষ্টানদের তৈরি ইসলামিক স্কলাররা মূলত ধর্মের নামে কাফেরদের অনলাইন ব্যবসা চাঙ্গা রাখে। |
| ৯. মডারেট মুসলমান | মুসলমানদের মধ্যে ইহুদী-খ্রিষ্টানদের তৈরি কিছু মুসলমান আছে যারা নামাজ-রোজা করবে কিন্তু সুদের বিরুদ্ধে বলবে না। কাফেরদের তৈরি মডারেট মুসলমা নরা সুদকে পরিস্থিতি হিসেবে মেনে নিতে বলে। এই মডারেটরা সুদকে বাদ দিয়ে কীভাবে যাকাত আসবে সেই ফতোয়া দেয় না; বরং সুদের মধ্যে কীভাবে চলবে তার ফতোয়া দেয়। ফলে সাধারণ মুসলমান সুদের মারপ্যাঁচে পড়ে সুদের সাথে জড়িয়ে পড়ে। মডারেট মুসলমানরা পর্দা নিয়ে ছাড় দেবে এবং ইহুদী-খ্রিষ্টানদের সংস্কৃতি মেনে নেয়। আর ইহুদী-খ্রিষ্টানদের আদর্শ নিয়ে পরিচালিত মানুষকে ইহুদী-খ্রিষ্টানদের মিডিয়া ভালো মুসলমান হিসেবে প্রমোট করে। | ইহুদী-খ্রিষ্টানরা যেই মুসলমানকে ভালো মুসলমান হিসেবে প্রমোট করবে মনে করতে হবে সেই মুসলমান ইসলামের ক্ষতি করেছে। যেমন— আপনি দেখবেন আফগানিস্তানের কোন আলেম খ্রিষ্টান দেশে ওয়াজ করতে পারে না। কিন্তু অনেক আলেম খ্রিষ্টান দেশের কাছে সম্মানিত। যারা কোরআনের প্রতিটি আইন হুবহু মানতে চায়, তাদেরকে ইহুদী-খ্রিষ্টানরা উগ্রবাদী হিসেবে মডারেট মুসলমান দিয়ে প্রচার করে। ফলে সাধারণ মানুষের মনে ভয় ঢুকে যায়। এতে সাধারণ মানুষ ইসলামের পূর্ণাঙ্গ আইন মানতে গেলেই মনে করে তারা উগ্র হয়ে যাচ্ছে। ফলে সাধারণ মানুষ ভয়ে নিজের ইসলাম ধর্মকেই ছোট করতে শুরু করে। |
| ১০. মানবাধিকার | আল্লাহ মানুষকে সৃষ্টি করেছেন। যিনি সৃষ্টি করেছেন তিনিই ভালো জানেন মানুষকে কীভাবে শাস্তি দিলে তারা পৃথিবীতে শান্তিপূর্ণভাবে জীবন যাপন করবে। মানুষ যাতে পৃথিবীতে শান্তিপূর্ণভাবে জীবন যাপন করে তার জন্য আল্লাহ বেতের আঘাত ও অঙ্গকর্তন করার মতো শাস্তি রেখেছেন। আল্লাহর দৃষ্টিতে এই সকল শাস্তি সঠিক ন্যায়বিচার আর পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার একমাত্র উপায় যা মানবজাতির কল্যাণ বয়ে আনবে। | আল্লাহর আইনের উপর মানবাধিকারের নামে যখন মানুষের তৈরি আইনকে স্থান দেওয়া হয়, তখন মানুষের আইন একটি সূক্ষ্ম শিরক হয়ে দাঁড়ায়। মানবাধিকারের মাধ্যমে আপনাকে বোঝানো হয়— চোরকে শাস্তি দেওয়া নিষ্ঠুরতা, এর চেয়ে মানবিক তাকে সংশোধন করা। মানবিকতার নাম দিয়ে আল্লাহর আইনকে অমানবিক প্রমাণ করে কাফেররা মানুষের মগজ থেকে আল্লাহর ভয় সরিয়ে দেয়। |
| ১১. ধর্মীয় দোয়া | আল্লাহর কাছে আমরা সবাই নিজের প্রয়োজন অনুসারে চাই। এই চাওয়ার জন্য সূরা ফাতিহার মাধ্যমে আল্লাহ দোয়া করার কৌশল মুসলমানদেরকে শিক্ষা দিয়েছেন। যেমন— সূরা ফাতিহার তিনটি অংশ আছে। প্রথম অংশ হলো আল্লাহর প্রশংসা করা। দ্বিতীয় অংশ হলো আল্লাহর সাথে মানুষের সম্পর্ক। তৃতীয় অংশ হলো নিজের প্রয়োজন অনুসারে চাওয়া। এই সূত্র অনুসারে মানুষ যখন বলবে—হে আল্লাহ আপনি আসমান-জমিনের সৃষ্টিকর্তা, আপনি আসমান থেকে বৃষ্টি বর্ষণ করেন। হে আল্লাহ আমি আপনার সৃষ্টি, আপনি আমাকে দুনিয়াতে পাঠিয়েছেন। হে আল্লাহ আপনি আমাকে সুস্থতা দান করুন, আমাকে সচলতা দান করুন—এইভাবে দোয়া করলে মানুষের মনে হবে সৃষ্টিকর্তার কাছে মানুষ চাইতেছে। | বাংলাদেশের মানুষ গণতান্ত্রিক রাজনীতির মাধ্যমে নেতাকে খুশি করার জন্য আল্লাহ যে পদ্ধতি শিখিয়ে দিয়েছেন, ঠিক সেই পদ্ধতিতেই নেতার কাছে চায়। মানুষ নেতার কাছে চাওয়ার ফলে নেতা সৃষ্টিকর্তার সমকক্ষ হয়ে যায়। যেমন—আমরা নেতাকে বলি, আপনার জনপ্রিয়তা বেশি, আপনি অনেক উন্নয়ন করেছেন। আমি আপনার কর্মী, আমি আপনার প্রচারণা করি। হে নেতা, আমার ফ্যামিলি কার্ড লাগবে, আমার একটা ব্যবসা লাগবে। এখানে খ্রিষ্টানদের গণতন্ত্র নেতাকে প্রভু বানিয়ে দেয়। এই সকল মানুষের ব্যাপারে আল্লাহ সূরা আদিয়াতে বলেন—একটি ঘোড়াকে তার মালিক শুধু খাওয়ায়, তাতেই সে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে; অথচ মানুষ তার পালনকর্তার প্রতি কতই না অকৃতজ্ঞ! |
| ১২. ধর্মীয় প্রভাব | আল্লাহর নির্দেশের প্রভাব হলো মানুষের বিবেক ও রুচির পরিবর্তন করা। যখন একজন মানুষ প্রকৃত ইসলামিক আদর্শ দ্বারা প্রভাবিত হয়, তখন মানুষের মধ্যে এই বিশ্বাস গেঁথে যায় যে, কেউ না দেখলেও আল্লাহ দেখছেন। ফলে নির্জনেও সে আমানত রক্ষা করে এবং ঘুষ ও দুর্নীতির মতো কাজে লিপ্ত হয় না। | ইবলিশের দর্শনের প্রভাব হলো মানুষের পাশবিক স্বার্থপরতাকে উসকে দেওয়া। ইবলিশের বস্তুবাদী ব্যবস্থার প্রভাবে মানুষের জীবনে দুনিয়াটাই সব, তাই যতটা পারো ভোগ করো। ভোগের নেশায় মানুষ অন্ধ হয়ে যায়। ফলে মানুষের নৈতিকতার চেয়ে নিজের ক্যারিয়ার এবং ব্যাংক ব্যালেন্স বড় হয়ে দাঁড়ায়। |

# বাংলাদেশ থেকে মুসলিম বঙ্গ গঠনের রূপরেখা (মদিনা রাষ্ট্র)

**ইসলামিক** রাষ্ট্র গঠনের জন্য মুসলমানরা আল্লাহ কর্তৃক যে নির্দেশ পায়, তা হলো-রাসূল (সা.) যেন মানুষের মাঝে আল্লাহর নাযিলকৃত আইন অনুযায়ী বিচার-ফয়সালা করেন এবং রাসূল (সা.) যেন মানুষের খেয়াল-খুশির অনুসরণ না করেন; আর রাসূল (সা.) যেন মানুষের ব্যাপারে সতর্ক থাকেন যাতে মানুষেরা রাসূল (সা.)-কে আল্লাহর নাযিলকৃত কোন আইন থেকে বিচ্যুত করতে না পারে। অতঃপর যদি মানুষেরা আল্লাহর আইন থেকে মুখ ফিরিয়ে নেয়, তবে রাসূল (সা.)-এর জেনে রাখা উচিত যে, আল্লাহ মানুষের কিছু পাপের কারণে মানুষকে শাস্তি দিতে চান; আর মানুষের মধ্যে অধিকাংশ আল্লাহর আইন ত্যাগী।আল-মায়িদাহ: ৪৯

আল্লাহর নির্দেশ অনুসারে বাংলাদেশ থেকে মুসলিম বঙ্গ পরিচালিত হবে। মুসলিম বঙ্গ কোন ব্যক্তির খেয়ালখুশির অনুসরণ করবে না। আমরা উপরে সভ্যতার বারোটি বিষয়ের আলোকে মুসলমানদের নিয়মের সাথে খ্রিষ্টানদের নিয়মের পার্থক্য দেখেছি। এখন সভ্যতার বারোটি-১২ বিষয়ের উপর ভিত্তি করে বাংলাদেশ থেকে মুসলিম বঙ্গ গঠনের একটি প্রাথমিক বাস্তব চিত্র নিচে দেখবো। মুসলমানরা চৌদ্দশত বছর আগের মদিনা রাষ্ট্রের ইতিহাস জানে। বর্তমান সময়ে মদিনা রাষ্ট্রভিত্তিক ইসলামিক রাষ্ট্র কেমন হবে এবং কোন কোন বিষয়গুলো মিল রেখে পরিবর্তন আনা হবে, পরিবর্তনের পরে নতুন মদিনা রাষ্ট্র কেমন হবে তার সংক্ষিপ্ত বর্ণনা করা হলো।

মুসলিম বঙ্গের জন্য মুসলমানদের এখন থেকেই রাষ্ট্রব্যবস্থার কার্যক্রম শুরু করতে হবে। যুদ্ধে বিজয়ের পরে সকল কার্যক্রম একসঙ্গে শুরু করা সম্ভব হবে না। বিজয়ের পরে কার্যক্রম শুরু করতে বিলম্ব হলে জনগণ নিজ মন মতো পরিচালিত হবে; যার ফলে জনগণ নতুন রাষ্ট্রব্যবস্থা মেনে নিতে চাইবে না।

**মজলিস-উস-শূরা (সরকার):** রাসূল (সা.) মসজিদে নববী থেকে রাষ্ট্র পরিচালনা করতেন। এই জন্য মসজিদভিত্তিক প্রশাসনিক কাঠামোর মাধ্যমে রাষ্ট্র পরিচালনা করার কেন্দ্রকে ইসলামিক সরকার বলে। মুসলমানরা মসজিদ ভিত্তিক প্রশাসনিক কাঠামোর মাধ্যমে রাষ্ট্র পরিচালনা করে। মুসলমানরা সরকার নির্বাচন করে শূরা পদ্ধতিতে। আল-কোরআনে শূরা নামে একটি সূরা আছে, যার কারণে মুসলমানরা এই পদ্ধতিটি গ্রহণ করে। মুসলমানরা শূরা সদস্য নির্বাচনের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেয়। কারণ নির্বাচিত শূরা সদস্যগণ রাষ্ট্রব্যবস্থা পরিচালনা করে।

**ইসলামিক আমিরাত মুসলিম বঙ্গের মুসলমানদের শূরা সদস্য নির্বাচনের মাপকাঠি:** -সহিহ বুখারি: ৬৭৮

১. মুসলিম বিবাহিত পুরুষ হতে হবে, যাঁর থাকবে পাঞ্জাবি, দাড়ি, পাগড়ি।
২. দেওবন্দকেন্দ্রিক শিক্ষাব্যবস্থায় আল-কোরআন ও হাদিসের ওপর পরিপূর্ণভাবে শিক্ষিত হতে হবে।
৩. আল্লাহর সব আদেশ, নিষেধ ও উপদেশ মানতে হবে।
৪. ব্যক্তির মধ্যে সুন্নাহসমূহ থাকতে হবে।
৫. মুজাহিদ হতে হবে। নিজ সন্তান বা পিতা মৃত মুজাহিদ হলে তিনি অগ্রাধিকার পাবেন।
৬. ব্যক্তির মধ্যে দানশীল মনোভাব থাকতে হবে।
৭. সপ্তাহে দুটি রোজা, তাহাজ্জুদ ও একাধিক বিবাহের আমল যাঁর মধ্যে পাওয়া যাবে, তিনি অগ্রাধিকার পাবেন।

**ইসলামিক আমিরাত মুসলিম বঙ্গের মুসলমানদের মসজিদ ভিত্তিক প্রশাসনিক-সরকার কাঠামো:** -তাবলীগ

১. শূরা সদস্য নির্বাচনের মাপকাঠি দিয়ে প্রতিটি মসজিদের জন্য পাঁচ-৫ জন করে শূরা সদস্য নির্বাচিত হবে। নির্বাচিত শূরা সদস্যদের পদবিগুলো হবে যথা:
   ক. মসজিদ আমির ও প্রাথমিক বিচারক-ইমাম সাহেব।
   খ. সহকারী আমির-একজন সমাজি।
   গ. অর্থবিষয়ক আমির-মুয়াজ্জিন সাহেব।
   ঘ. সমাজ উন্নয়ন আমির-একজন সমাজি।
   ঙ. নামায কায়েম আমির-একজন সমাজি।

২. পঁয়ত্রিশ-৩৫ টি মসজিদ নিয়ে একটি মারকায গঠিত হবে। মারকায মসজিদের শূরা সদস্য সংখ্যা হবে সাত-৭ জন।
৩. সাত-৭ টি মারকায নিয়ে একটি মডেল মসজিদ হবে। মডেল মসজিদের শূরা সদস্য সংখ্যা হবে এগার-১১ জন।
৪. এগার -১১ টি মডেল মসজিদ নিয়ে একটি কেন্দ্রীয় মসজিদ হবে। কেন্দ্রীয় মসজিদের শূরা সদস্য সংখ্যা হবে পনেরো-১৫ জন।

৫. সকল কেন্দ্রীয় মসজিদের শূরা সদস্যগণের মধ্য থেকে যাচাইবাছাই করে মন্ত্রণালয়ের জন্য মন্ত্রী নিয়োগ দেওয়া হবে। মন্ত্রণালয়ে সর্বোচ্চ মন্ত্রীর সংখ্যা তেত্রিশ-৩৩ জন হবে। মন্ত্রণালয়ের মন্ত্রীর সংখ্যার নির্দিষ্ট কোন সীমা নেই, কিন্তু রাষ্ট্রীয় ব্যয়ের কথা চিন্তা করে মন্ত্রীর সংখ্যা নির্দিষ্ট করা যায়।
৬. মন্ত্রীগণ নিজেদের মধ্যে পারস্পরিক মুজাকারা করে রাষ্ট্রীয় প্রধান আমির নির্বাচন করবেন।
৭. মন্ত্রীগণ আমিরুল মুমিনীন-এর হাতে বাইয়াত গ্রহণ করবেন।
৮. মন্ত্রীগণ দায়িত্ব গ্রহণের পূর্বে বা পরে রাষ্ট্রীয় খরচে হজ বা ওমরাহ পালন করবেন।
৯. মন্ত্রণালয় কম হলে এবং মন্ত্রী বেশি হলে, অতিরিক্ত মন্ত্রীগণ সহকারী হিসেবে দায়িত্ব পালন করবেন।
১০. প্রতিটি মন্ত্রণালয় তার কার্যক্রম মসজিদ, মাদ্রাসা ও মুসাফিরখানার মাধ্যমে পরিচালনা করবে।
১১. প্রত্যেক মারকায মসজিদ, মডেল মসজিদ ও কেন্দ্রীয় মসজিদ এক একটি মাদ্রাসার তত্ত্বাবধানে থাকবে এবং মাদ্রাসার বিচার বিভাগ জনগণের বিচারকার্য পরিচালনা করবে। যাতে মুমিনদের একটি দল বিচার প্রত্যক্ষ করতে পারে।
১২. প্রাথমিক বিচারে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তির চূড়ান্ত বিচার কেন্দ্রীয় মসজিদের তত্ত্বাবধানে থাকা মাদ্রাসা করবে।
১৩. এক মসজিদের শূরা সদস্য অন্য মসজিদের শূরা সদস্য হতে পারবে না।
১৪. প্রয়োজনে মসজিদ শূরা সদস্যের সংখ্যা কমানো-বাড়ানো যাবে।

১৫. যে সকল কারণে বিদ্যমান মন্ত্রী বা শূরা সদস্যকে অবসর প্রদান করা হবে এবং নতুন মন্ত্রী বা শূরা সদস্য দায়িত্ব গ্রহণ করবেন, মন্ত্রী বা শূরা সদস্যের অবসরের কারণ: -তাবলীগ

১. মন্ত্রী বা শূরা সদস্য কোন ফরজ আইন অমান্য করলে।
২. আমিরুল মুমিনিন নির্দেশ প্রদান করলে।
৩. সদস্যের বেশি বয়স হলে বা ১০০ বছর অতিক্রম করলে।
৪. মন্ত্রী বা শূরা সদস্য শারীরিকভাবে অক্ষম হলে।
৫. মন্ত্রী বা শূরা সদস্য পাগল হলে।
৬. মন্ত্রী বা শূরা সদস্য সুন্নাহসমূহ ত্যাগ করলে।

মন্ত্রী বা শূরা সদস্যকে সঠিক কারণে অবসর প্রদান করলে দেশ কখনো মুনাফিক দ্বারা পরিচালিত হবে না। বয়সের কারণে অবসর গ্রহণকারী সকল মন্ত্রী বা শূরা সদস্যগণ রাষ্ট্রের পরামর্শক হিসেবে দায়িত্বে পালন করবেন।

**বাস্তবিক প্রভাব:** মসজিদভিত্তিক মন্ত্রণালয়ের কার্যকর হলে নতুন সচিবালয়, অফিস, বিলাসবহুল গাড়ি ও প্রটোকলের প্রয়োজন হবে না। মসজিদ ও মাদ্রাসাকে কেন্দ্র করে প্রশাসন চলায় প্রতি বছর প্রশাসনিক খরচ ৮০ হাজার কোটি টাকা, নির্বাচন ব্যয় ৫ বছরে প্রায় ৫ হাজার কোটি টাকা, এডিপির-ADP উন্নয়ন খরচ ১ লক্ষ কোটি টাকা এবং মন্ত্রী ও উচ্চপদস্থ কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ ও আবাসন খরচ ২০ হাজার কোটি টাকা মিলে, মোট আনুমানিক প্রতি বছর ২ লক্ষ কোটি টাকা রাষ্ট্রের সাশ্রয় হবে। সাশ্রয়কৃত টাকা দিয়ে প্রতি বছর ৫টি পদ্মা সেতু নির্মাণ করা যাবে। এবং প্রোটোকল জ্বালানি, যাতায়াত, জেনারেটর, এসি মিলে প্রতি বছর ১২৯ কোটি লিটার তেল বেঁচে যাবে। এই তেল দিয়ে প্রায় ১ কোটি একর জমিতে সম্পূর্ণ বিনামূল্যে সেচ দেওয়া যাবে। পাশাপাশি সমাজে কোন গরিব থাকবে না। যেমন—প্রতিটি মসজিদের অর্থবিষয়ক আমির-মুয়াজ্জিন সাহেব স্থানীয় যাকাত, ওশর এবং সদকা সংগ্রহ করে স্থানীয় উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন করতে পারবেন। এতে রাষ্ট্রীয় অর্থ আত্মসাতের প্রবণতা ব্যাপকভাবে কমে যাবে। প্রতিটি মাদ্রাসায় বিচার বিভাগ থাকার কারণে স্থানীয় মামলাগুলো স্থানীয়ভাবেই মীমাংসা হবে। এতে কয়েক বছরের মামলার বিচার হবে কয়েক দিনে, যা মানুষের ভোগান্তি ও উকিল খরচ কমিয়ে দেবে। নামাজ কায়েম আমির এবং সমাজ উন্নয়ন আমির সরাসরি জনগণের সাথে মিশে থাকার কারণে সমাজে মাদক, জুয়া ও যিনা বন্ধ হয়ে যাবে। সর্বোপরি, মসজিদ-মাদ্রাসাভিত্তিক প্রশাসন একটি আধ্যাত্মিক ও সামরিকভাবে শক্তিশালী ইনসাফপূর্ণ মদিনা রাষ্ট্র উপহার দেবে। আর মসজিদভিত্তিক প্রশাসনিক কাঠামো হলে প্রায় ১৫ লক্ষ কওমি মাদ্রাসা পড়ুয়া ছাত্র নতুন করে চাকরি পাবে।

**আদল (বিচার)**: আল্লাহর আইন দিয়ে রাসূল (সা.) রাষ্ট্র পরিচালনা করতেন। এই জন্য মুসলমানদের সংবিধান আল-কোরআন এবং মুসলমানদের আইন সুন্নাহ সমূহ। আল-কোরআনের আইনের আলোকে অপরাধী ব্যক্তির অপরাধ নিশ্চিত করে শরিয়ত অনুসারে শাস্তি প্রদান করাকে ইসলামিক বিচার বলে। আল-কোরআনের আইন দিয়ে বিজ্ঞ ফকিহ, মুফতি ও মুহাদ্দিসগণ মুসলমানদের বিচার করেন। বিজ্ঞ বিচারকগণ মুসলমানদের রাষ্ট্রীয় বিচার বিভাগ পরিচালনা করেন। এককথায় বিজ্ঞ মোল্লাগণ মুসলমানদের বিচারক ও আইনজীবী হন।

**ইসলামিক আমিরাত মুসলিম বঙ্গের মুসলমানদের বিচার ব্যবস্থার আইন সমূহ:**

১. সুদ- রিবা: মুসলমানদের জন্য হারাম সুদের লেনদেন করা। যে মুসলমান সুদের লেনদেন করবে সেই মুসলমান আল্লাহ ও রাসূল (সা.)-এর সাথে যুদ্ধ করছে বলে গণ্য হবে। আল্লাহ ও রাসূলের (সা.) সাথে যুদ্ধ করার শাস্তি মৃত্যুদণ্ড। -বাকারা: ২৭৫-২৭৯

২. ইসলাম অবমাননাকারী-শাতেম: কোন মুসলমান যদি আল্লাহকে নিয়ে বা রাসূল (সা.)-কে নিয়ে খারাপ কথা বলে তখন সেই মুসলমান ব্যক্তির জন্য শাস্তি হিসেবে মৃত্যুদণ্ড নির্ধারিত হয়। এবং মুসলমান শাতেমের তওবা গ্রহণ করা হয় না। -আহজাব: ৫৭, হাদিস

৩. ইসলাম ত্যাগী-মুরতাদ: কোন মুসলমান যদি আল্লাহকে ত্যাগ করে বা শিরক করে তখন আল-কোরআনের আইন তাকে মুরতাদ বলে। ইসলাম ত্যাগী মুরতাদ ব্যক্তির শাস্তি হলো মৃত্যুদণ্ড। -নিসা: ৪৮, মায়িদা: ৭২, সহীহ বুখারী: ৩০১৭

৪. মূর্তি-আওসান: মুসলমানদের জন্য সম্পূর্ণ হারাম মূর্তি, ভাস্কর্য ও প্রতিকৃতি তৈরি করা। মুসলমানদের উপর নির্দেশ রয়েছে ইব্রাহিম (আ.)-এর ন্যায় ভাস্কর্য ভেঙে ফেলার। -হজ্জ: ৩০, আল-আম্বিয়া: ৫৮, আন-নাহল: ১২৩, সহীহ মুসলিম: ৯৬৯

৫. প্রতিশোধ-কিসাস: কোন মুসলমান যদি অন্য কোন মুসলমানকে আঘাত করে। তখন আল-কোরআনে সমপরিমাণ আঘাত ফেরত দেওয়ার ইসলামিক আইন রয়েছে। এবং কোন মুসলমান যদি অন্যায়ভাবে অন্য কোন মুসলমানকে হত্যা করে, তখন আল-কোরআনে জীবিত ব্যক্তির শাস্তির রায় হলো মৃত্যুদণ্ড; তবে নিহতের পরিবার চাইলে রক্তমূল্য-দিয়াত গ্রহণ করতে পারবে অথবা ক্ষমা করে দিতে পারবে। -আল-বাকারা: ১৭৮-১৭৯

৬. চুরি ও ডাকাতি-সারিকা ও হিরাবাহ: কোন মুসলমান যদি চুরি করে, তখন আল্লাহর আইন অনুসারে মুসলিম বিচারকগণ চুরির কারণ ও ধরনের উপর নির্ভর করে হাত কাটার শাস্তি দিতে পারবেন। এবং কোন মুসলমান যদি ডাকাতি করে তখন অপরাধের ধরন অনুযায়ী মৃত্যুদণ্ড বা বিপরীত দিক থেকে হাত-পা কেটে দেওয়ার শাস্তি দিতে পারবেন। -মায়িদাহ: ৩৮, ৩৩

৭. ব্যভিচার-যিনা: মুসলিম অবিবাহিত পুরুষ-নারী যিনা করলে, ১০০টি বেত্রাঘাত করতে বলেছেন। এবং মুসলিম বিবাহিত পুরুষ-নারী যিনা করলে, পাথর নিক্ষেপ-রজম করে মৃত্যুদণ্ড দিতে বলেছেন। -নূর: ২, সহীহ বুখারী: ৬৮৭৮

৮. নারীর অশ্লীলতা-তাবাররুজ: আল্লাহ মুসলমান নারীদের পর্দা করার নির্দেশ দিয়েছেন। যে মুসলমান নারী পর্দার আইন অমান্য করবে, তাকে মুসলমান বিচারকগণ শাস্তি জরিমানা-বেত্রাঘাত দিতে পারবেন। -নূর: ৩১, আহজাব: ৩৩, ৫৯

৯. পোশাক-লিবাস: রাসূল (সা.) নির্দেশ দিয়েছেন মুসলমানদের পোশাক স্বচ্ছ ও সংকীর্ণ হতে পারবে না। মুসলমানদের পোশাক অবশ্যই সতর আবৃত করবে। কোন মুসলমান পোশাকের আইন লঙ্ঘন করলে বিচারক অশ্লীলতার ধরন অনুসারে শাস্তি দিতে পারবেন। মুসলমান পুরুষের ক্ষেত্রে গোড়ালির নিচে পোশাক পরা হারাম। -আরাফ: ২৬

১০. নেশা-খামর: মুসলমানদের জন্য হারাম নিজের ক্ষতি করা। মাদক শারীরিক ক্ষতি করে। যদি কোন মুসলমান মাদক সেবন করে তখন আল্লাহ নির্দেশ দিয়েছেন সেই মুসলমানকে হদ্দে শরব ৮০ টি বেত্রাঘাত করার। সিগারেট যেহেতু স্বাস্থ্যের জন্য ক্ষতিকর ও অপচয় তাই সিগারেট হারাম। -মায়িদা: ৯০, বাকারা: ১৯৫

১১. কষ্ট-উফ: আল্লাহ পিতা-মাতাকে উফ শব্দও বলতে নিষেধ করেছেন। তাই মুসলমানদের জন্য হারাম পিতা-মাতাকে মারধর করা। কোন মুসলমান যদি মারধর করে তখন বিচারক অপরাধের ধরন অনুসারে শাস্তি দিতে পারবেন। -বনী ইসরাঈল: ২৩

১২. উত্তরাধিকার-ফারায়েজ: আল্লাহ মৃত মুসলমানের সম্পদ বণ্টনের আইন দিয়েছেন। মুসলমানদের জন্য কবিরা গুনাহ আল্লাহর নির্দেশ অনুসারে সম্পত্তির নির্ধারিত অংশ না দেওয়া। সম্পত্তি দখল করার জন্য মুসলিম বিচারক শাস্তি-জরিমানা ও দখলকৃত সম্পত্তি ফিরিয়ে দেওয়ার নির্দেশ দিতে পারবেন। -নিসা: ৭,১১-১২, ১৭৬

১৩. সমকামিতা-ফাহিশাত: মুসলমানদের জন্য হারাম পুরুষ-পুরুষ ও নারী-নারী যিনা করা। সমকামিতার শাস্তি হিসেবে হানাফী ফকীহগণ মৃত্যুদণ্ডের পক্ষে রায় দিয়েছেন। তবে মুসলমান বিচারক পাপের ধরন অনুসারে কঠোর শাস্তি দিতে পারবেন। -আরাফ: ৮০

১৪. সম্পদ আত্মসাৎ-আকলুল মাল: আল্লাহ এক মুসলমানের সম্পদ অন্য মুসলমানের আত্মসাৎ করা হারাম করেছেন। মুমিন ব্যক্তি যেন অন্য মানুষের ধন-সম্পত্তির অংশ আছে জেনেও বিচারকদের কাছে মিথ্যা মামলা নিয়ে না যায়। যদি আত্মসাৎ প্রক্রিয়া চুরি-ডাকাতির শর্তাবলি পূরণ করে তবে মুসলমান বিচারক চুরি-ডাকাতির শাস্তি দিতে পারবেন। -বাকারা: ১৮৮

১৫. ওজনে কম-তাতফীফ: আল্লাহ মুসলমানদের জন্য ওজনে কম দেওয়া হারাম করেছেন। ওজনে কম দেওয়ার মাধ্যমে এক মুসলমান অন্য মুসলমানের হক নষ্ট করে। যে মুসলমান এই কাজ করবে তাকে মুসলমান বিচারক শাস্তি দিতে পারবেন এবং ক্ষতিপূরণ ফিরিয়ে দেওয়ার নির্দেশ দিতে পারবেন। -আল-মুতাফ্ফিফীন

১৬. মিথ্যা অপবাদ-কযফ: আল্লাহ সচ্চরিত্রবান মুসলমানের ওপর মিথ্যা অপবাদ দেওয়াকে হারাম করেছেন। যদি কোন মুসলমান অন্য মুসলমানের নামে অপবাদ দেয় এবং চারজন সাক্ষী প্রমাণ হিসেবে পেশ করতে না পারে, তবে আল্লাহর নির্দেশ অনুসারে অপবাদদানকারীকে মুসলমান বিচারক ৮০টি বেত্রাঘাত করবে এবং পরবর্তীতে ওই ব্যক্তির সাক্ষ্য দেওয়ার অধিকার হারাম হয়ে যাবে। -আন-নূর: ৪

১৭. এতিমের সম্পদ-আকলু মালিল ইয়াতীম: আল্লাহ মুসলমানদের জন্য এতিমের সম্পদ অন্যায়ভাবে ভোগ করাকে হারাম করেছেন। যেই মুসলমান এতিমের সম্পদ আত্মসাৎ করবে সেই মুসলমান নিজের পেটে আগুন ভর্তি করবে। মুসলমান বিচারক এতিমের সম্পদ আত্মসাত করার অপরাধে মুসলমান অপরাধীকে কঠোর শাস্তি দিতে পারবেন। -নিসা: ১০

১৮. বিশৃঙ্খলা সৃষ্টি—ফাসাদ ফিল আরদ: কোন মুসলমান যদি সমাজে বিশৃঙ্খলা, বিপর্যয় ও রাষ্ট্রীয় নিরাপত্তার বিঘ্ন ঘটায়, তখন মুসলমান বিচারক অপরাধের ধরন অনুযায়ী তাকে শাস্তি দিতে পারবেন। -মায়েদাহ: ৩৩

১৯. দাম্পত্য বিচার-লিআন: যদি কোন স্বামী তার স্ত্রীর বিরুদ্ধে ব্যভিচারের অভিযোগ আনে কিন্তু চারজন সাক্ষী দিতে না পারে, তবে আল্লাহর আইন অনুসারে বিচারকের সামনে স্বামী ও স্ত্রীকে নির্ধারিত পদ্ধতিতে শপথ করতে হবে। এই বিচারিক প্রক্রিয়ার পর তাদের মধ্যে স্থায়ীভাবে বিবাহবিচ্ছেদ ঘটে যাবে এবং তারা একে অপরের জন্য চিরতরে হারাম হয়ে যাবে। -নূর: ৬-৯

২০. যাকাত অস্বীকার-মানিউয যাকাত: আল্লাহর নির্দেশিত যাকাত দিতে কোন সামর্থ্যবান মুসলমান যদি অস্বীকার করে, তখন মুসলমান বিচারক তার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। -তওবা: ৫, ১০৩

**বিঃ দ্রঃ এখানে উল্লিখিত আইন ছাড়াও ফিকহি কিতাব অনুসারে মুসলমানদের জন্য আরও কিছু আইন রয়েছে।**

**বাস্তবিক প্রভাব:** যে ব্যক্তি নিজেকে মুসলমান দাবি করবে তার ওপর আল্লাহর আইন মানা ফরজ হয়ে যায়। মুসলমানদের জন্য নামাজ যেমন আল্লাহর নির্দেশ, তেমনি উপরোক্ত আইন মানাও আল্লাহর নির্দেশ। কোন ব্যক্তি নামাজকে অস্বীকার করলে যেমন কাফের হয়ে যায়, তেমনি আল্লাহর আইন অস্বীকার করলে সেই ব্যক্তি কাফের হয়ে যায়। কিন্তু বর্তমানে বাংলাদেশে মুসলমানদেরকে সংসদীয় আইন বলে যে সকল আইন মানতে বাধ্য করা হয়, তার সব আইনই খ্রিষ্টানদের তৈরি করা। যেমন—রোমানদের জাস সিভিল থেকে ১৮৭২ সালের চুক্তি আইন, সম্পত্তি হস্তান্তর আইন ও অর্পিত দায়িত্ব আইন নেওয়া হয়েছে। ইংল্যান্ডের কমনল থেকে দণ্ডবিধি-১৮৬০, ফৌজদারি, টর্ট ও সাক্ষ্য আইন নেওয়া হয়েছে। খ্রিষ্টান বাইবেল থেকে ক্যাননল বিবাহবিচ্ছেদ আইন-১৮৬৯, উইল আইন ও শপথ গ্রহণ আইন নেওয়া হয়েছে। মানুষের তৈরি সংসদীয় আইন হলো ডিজিটাল নিরাপত্তা আইন এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন। বাংলাদেশের আইনগুলো খ্রিষ্টানদের থেকে নেওয়ার কারণে মুসলমানরা আল্লাহর আইন বাস্তবায়ন করতে গেলে খ্রিষ্টান আইনে মুসলমানরা জঙ্গি হয়ে যায়। বর্তমানে বাংলাদেশে উচ্চ আদালত ও নিম্ন আদালত মিলিয়ে ২ হাজার মুসলমান খ্রিষ্টানদের আইনে বিচার করে। বাংলাদেশে এই অল্প সংখ্যক বিচারকের কারণে প্রায় ৪২-৪৫ লক্ষ মামলা ঝুলে আছে। একজন বিচারকের ওপর গড়ে ২ হাজার -এর বেশি মামলার চাপ থাকার কারণে মামলার রায় হতে ১০-১৫ বছর পর্যন্ত সময় লাগে। যদি মুসলমানদের আইনে বিচার করা হতো, তখন প্রতিটি মসজিদে ইমাম সাহেব প্রাথমিক বিচারক হতেন এবং প্রতিটি মারকাজ, মডেল ও কেন্দ্রীয় মসজিদের সাথে মাদ্রাসাভিত্তিক বিচার বিভাগ থাকার কারণে বাংলাদেশে প্রায় ৩ লক্ষ বিচারক থাকত। ফলে এখন যে বিচার পেতে ১০ বছর লাগে, তখন তা ১০-১৫ দিনে বা বড়জোর কয়েক মাসে শেষ হয়ে যেত।

**তিজারা (ব্যবসা-বাণিজ্য)**: আল্লাহ মুসলমানদের জন্য ব্যবসাকে হালাল করেছেন, সুদকে হারাম করেছেন। মুসলমানরা প্রতি বছর ব্যবসার অংশ থেকে যাকাত প্রদান করে। যাকে যাকাত ভিত্তিক ব্যবসানীতি বা যাকাত ভিত্তিক অর্থনীতি বলে। আর কাফেররা যাকাত দেওয়াকে জরিমানা মনে করে। কাফেররা যাকাত ভিত্তিক ব্যবসানীতি মানে না। মুসলমানরাও সুদভিত্তিক ব্যবসানীতি মানে না। রাসূল (সা.) পরবর্তী মুসলমানদের জন্য সুখে মদিনার যাকাত ভিত্তিক ব্যবসানীতি রেখে গেছেন। নিচে মুসলমানদের যাকাত ভিত্তিক ব্যবসানীতি সম্পর্কে আলোচনা করা হলো।

**ইসলামিক আমিরাত মুসলিম বঙ্গের মুসলমানদের ব্যবসানীতি বা অর্থনীতি**:
**১. আল্লাহ তিনটি আইন দিয়েছেন মুসলমানদের মধ্যে সম্পদের সুষম বণ্টন নিশ্চিত করতে**:
**ক. সম্পদ জমা করার আইন সূরা হাশর-৭**: আল্লাহ সর্বপ্রথম সূরা কাসাসে কারুনের গল্প বলে মুসলমানদের বুঝিয়েছেন সম্পদ জমা করার পরিণতি কী হবে। পরবর্তীতে আল্লাহ সূরা হাশরের ৭ নম্বর আয়াতে নির্দেশ দিয়েছেন সম্পদ যেন ধনী মুসলমানদের মধ্যে ঘুরপাক না খায়। কিন্তু বাংলাদেশে ইহুদী-খ্রিষ্টানদের গ্রুপ ও লিমিটেড কোম্পানির সুদভিত্তিক ব্যবসানীতির কারণে সম্পদ গুটি কয়েকজন ব্যক্তির কাছে ঘুরপাক খায়। -কিয়াস

**খ. উত্তরাধিকার সম্পদ বণ্টন আইন সূরা আন-নিসা-১১,১২**: আল্লাহ মৃত মুসলমানের সম্পদ বণ্টন করার জন্য আইন দিয়েছেন। বাংলাদেশের মুসলমান ব্যক্তির মৃত্যুর পরে তার সম্পদ বণ্টন করে। কিন্তু বাংলাদেশে ইহুদী-খ্রিষ্টানদের যে সুদভিত্তিক গ্রুপ ও লিমিটেড কোম্পানির আইন আছে তাতে আল্লাহর সম্পদ বণ্টন আইন প্রয়োগ হয় না। কারণ খ্রিষ্টানদের আইন অনুসারে কোম্পানি একটি কৃত্রিম ব্যক্তি। কোম্পানি কৃত্রিম ব্যক্তি হওয়ার কারণে প্রতিষ্ঠাতা মৃত্যুবরণ করলেও কোম্পানি মৃত্যুবরণ করে না। কোম্পানি মৃত্যুবরণ না করার কারণে মানুষের মধ্যে অর্থের প্রবাহ কমে যায়। -কিয়াস

**গ. যাকাত দেওয়ার আইন সূরা আল-বাকারা-৪৩**: আল্লাহ মুসলমানদের জন্য যাকাত দেওয়ার আইন দিয়েছেন। মুসলমানরা প্রতিবছর তার ব্যবসা থেকে যাকাত দান করে। আর কাফিররা যাকাত দেওয়াকে জরিমানা মনে করে। বর্তমানে বাংলাদেশে কাফিরদের সুদভিত্তিক ব্যবসায়িক আইন থাকার কারণে মুসলমানদের মধ্যে কিছু কোম্পানি ও ব্যক্তি দিন দিন ধনী হচ্ছে, আর দেশের বাকি মুসলমানরা দিন দিন গরিব হচ্ছে। -কিয়াস

**২. উপরের তিনটি আইনের উপর ভিত্তি করে সুখে মদিনার নিয়মে মুসলমানদের ব্যবসানীতি দেখানো হলো**:
ক. সাগির: খুচরা বিক্রেতা একই দোকানে চাল, ডাল, তেলসহ সকল প্রকার নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রি করতে পারবেন। খুচরা বিক্রেতার সীমাবদ্ধতা, তারা ব্যবসার পরিধি বাড়াতে পারবেন অর্থাৎ দোকান বড় করতে পারবেন, কিন্তু শাখা বিস্তৃত করে চেইন শপ করতে পারবেন না। এতে স্থানীয় ক্ষুদ্র ব্যবসায়ীরা টিকে থাকবে। -সুনানে ইবনে মাজাহ: ২২৩৭

খ. মুতাওয়াসসিত: পাইকারি বিক্রেতা পণ্য উৎপাদন করবেন না, শুধু নির্দিষ্ট একটি পণ্যের ব্যবসা করবেন-যেমন- চাল বা তেল। পাইকারি বিক্রেতার সীমাবদ্ধতা, পাইকারি বিক্রেতা একাধিক পণ্যের পাইকারি ব্যবসা করতে পারবেন না। তবে পাইকারি বিক্রেতারা একটি নির্দিষ্ট বিভাগের অধীনে জেলাগুলোতে ব্যবসা বিস্তার করতে পারবেন। -আল-বিদায়া ওয়ান নিহায়া: খণ্ড ৭-৯১

গ. কাবির: উৎপাদনকারী বিক্রেতা পণ্য উৎপাদন করবেন এবং সারাদেশে তা সরবরাহ করবেন। উৎপাদনকারী বিক্রেতাদের সীমাবদ্ধতা হলো একজন ব্যক্তির একটি প্রতিষ্ঠান হবে, এবং প্রতিষ্ঠান কেবল একটি নির্দিষ্ট পণ্যগুচ্ছ উৎপাদন করতে পারবে। যেমন- ধান থেকে উৎপন্ন চাল ও তুষ বিক্রয় করতে পারবে, ডিম নয়। উৎপাদনকারী বিক্রেতা লট ধরে পাইকারি ব্যবসায়ীদের নিকট পণ্য বিক্রয় করবে। এতে খুচরা বাজার নষ্ট হবে না এবং বড় কোম্পানির একাধিপত্য ভাঙতে সাহায্য করবে। সহিহ মুসলিম: ১৬০৫

**৩. ব্যাংক**: রাসূল নিজে আমানত রাখতেন আবার তা ফিরিয়ে দিয়ে ব্যংকের কাজ করতেন। মুসলিম দেশে ১টি মাত্র সুদবিহীন আমানত ব্যাংক থাকবে যা নিয়ন্ত্রণ করবে ইসলামিক সরকার। আধুনিক ব্যাংক ব্যবস্থার সুবিধা নেওয়ার জন্য ফি প্রযোজ্য হবে। সরকার ব্যাংক থেকে আয়কৃত অর্থ রাষ্ট্র পরিচালনার কাজে ব্যয় করবে। -সীরাতে ইবনে হিশাম: ১ম খণ্ড

**৪. ব্যক্তিগত বিনিয়োগ**: কোন ব্যক্তির উদ্বৃত্ত সম্পদ থাকলে তিনি বিলাসবহুল জীবনযাপনে তা নষ্ট না করে সরাসরি রাষ্ট্রীয় মেগা প্রজেক্টে বিনিয়োগ করতে পারবেন। যেমন- সেতু, বন্দর, সড়ক। -সহিহ বুখারি: ২৭৭৮

**৫. বাজার তদারকি**: সরকার কাবির ব্যবসায়ি গণের পণ্য সরবরাহ ব্যবস্থা-সাপ্লাই চেইন সম্পূর্ণ নিয়ন্ত্রণ করবে এবং এর মাধ্যমে অর্জিত রাজস্ব রাষ্ট্র পরিচালনার কাজে ব্যয় করবে। -সহিহ বুখারি: ২১৬২

**৬. রেমিটেন্স**: আন্তর্জাতিক সুদি ব্যাংকিং ব্যবস্থার কারণে ইসলামিক সরকার হুন্ডির মাধ্যমে রেমিটেন্স আদান-প্রদান করবে। অর্থাৎ, সকল দেশে ইসলামিক সরকারের এজেন্ট থাকবে; প্রবাসীরা তাদের কাছে অর্থ দিলে তারা দেশের ব্যাংককে জানিয়ে দেবে এবং ব্যাংক সেই পরিমাণ অর্থ গ্রাহকের অ্যাকাউন্টে জমা করে দেবে। অন্যদিকে, সরকারি এজেন্টের ওই দেশের ব্যাংক অ্যাকাউন্টে জমাকৃত রেমিটেন্স দিয়ে দেশের জন্য প্রয়োজনীয় পণ্য আমদানি করবে। -সহিহ বুখারি: ২২০১

**৭. মুদ্রানীতি**: বর্তমান সময়ে আমরা বিনিময় প্রথা কিংবা স্বর্ণ ও রৌপ্য প্রথায় ফিরে যেতে পারছি না। তবে মুসলমানরা সম্পদ ও স্বর্ণের ওপর ভিত্তি করে কাগজের টাকার মান নির্ধারণ করবে। -সুনানে আবু দাউদ: ৩৪৪৭

**৮. রাষ্ট্রীয় সম্পদ**: সকল প্রাকৃতিক সম্পদ ও বিভাজন-অযোগ্য ব্যবসা ইসলামিক সরকার পরিচালনা করবে এবং এর মাধ্যমে অর্জিত রাজস্ব রাষ্ট্র পরিচালনার কাজে ব্যয় করবে। যেমন- লোহা, বালু, পাথর, সিমেন্ট, সকল প্রকার তেল, গ্যাস, বিদ্যুৎ, পানি, মোবাইল কল, কেমিক্যাল, বন্দর, বিমান, রেল ও গণপরিবহন। -সুনানে আবু দাউদ: ৩০৬৪

**৯. যাকাত বণ্টন**: মুয়াজ্জিন সাহেব মসজিদকেন্দ্রিক যাকাত ও উশর আদায় করে উক্ত সমাজে তা বণ্টন করে দেবেন। যে মসজিদে উদ্‌বৃত্ত থাকবে, তা অন্য মসজিদে হস্তান্তর করে দেবেন। যাকাত ও উশর বাইতুল মাল তহবিলে জমা দেওয়ার প্রয়োজন নেই। তারপরও উদ্‌বৃত্ত হলে রাষ্ট্র গ্রহণ করবে। -কিতাবুল আমওয়াল: পৃষ্ঠা ৫৯৬

**১০. সাদাকা**: ইসলামিক সরকারের কেন্দ্রিয় কোষগারকে বাইতুল মাল বলা হয়। ইসলামিক সরকার বাইতুল মাল পূরণের জন্য জনগণের নিকট অনুদান চাইবে, যা সাদাকা হিসেবে গণ্য হবে। -সুনানে আবু দাউদ: ১৬৭৭

**১১. আমদানিকৃত শস্য**: সরকারের হাতে থাকা সকল মৌলিক সম্পদ ও আমদানিকৃত পণ্য সরকার পাইকারি ও উৎপাদনকারী ব্যবসায়ীদের নিকট বিক্রয় করবে। -তারীখুত তাবারী

**১২. ইসলামিক রাষ্ট্রের বাজেট হবে এমন**:
ক. রাষ্ট্রের আয় = (খনিজ ও মৌলিক শিল্পের মুনাফা) + (ব্যাংকিং সেবা চার্জ) + (পরিবহন ও লজিস্টিক মুনাফা) + (বাইতুল মাল অনুদান) + (রেমিটেন্সের মাধ্যমে আমদানিকৃত পণ্য বিক্রয়লব্ধ আয়)

খ. রাষ্ট্রের ব্যয় = (জনসেবা) + (বেতন ও প্রশাসন) + (অবকাঠামো উন্নয়ন) + নিরাপত্তা

**বাস্তবিক প্রভাব**: বর্তমানে বাংলাদেশে গুটিকয়েক বড় কোম্পানি চাল, ডাল থেকে শুরু করে জাহাজ নির্মাণ পর্যন্ত সব নিয়ন্ত্রণ করে। গ্রুপ কোম্পানি আইন বাদ হলে দেশে প্রতিযোগীর সংখ্যা বাড়বে, ফলে সিন্ডিকেট করে দাম বাড়ানো অসম্ভব হয়ে পড়বে। গ্রুপ কোম্পানির একচেটিয়া ব্যবসা বন্ধ করে যখন মদিনা রাষ্ট্রের নিয়মে ব্যবসা আইন চালু হবে, তখন সুপারশপ ও চেইন শপগুলো যেই ৫ হাজার কোটি টাকার বাজার নিয়ন্ত্রণ করে, তা বন্ধ হয়ে ৩-৪ লাখ ক্ষুদ্র দোকানদার স্বাবলম্বী হবে। বর্তমানে বড় বড় চেইন শপ যেমন— স্বপ্ন, আগোরা একটি বিশাল এলাকার বাজার দখল করে মাত্র ১০-১৫ জন কর্মী দিয়ে কাজ চালায়। কিন্তু চেইন শপ নিষিদ্ধ হলে প্রতি এলাকায় চেইন শপের বদলে অন্তত ১০টি অতিরিক্ত ক্ষুদ্র দোকান এবং ৫টি পাইকারি দোকান গড়ে উঠবে; তখন সরাসরি ৪৫ লক্ষ নতুন কর্মসংস্থান তৈরি হবে। প্রতিটি দোকানে গড়ে ৩ জন করে বেকার যুবকের কর্মসংস্থান হবে। এই দোকানদারদের থেকে বর্তমান জিডিপি এবং ব্যক্তি খাতের সম্পদ অনুসারে প্রতি বছর ৬০-৭০ হাজার কোটি টাকা যাকাত আদায় করা যাবে। আদায়কৃত যাকাত ও উশর দিয়ে স্থানীয় পর্যায়ের সকল দরিদ্র পরিবারকে স্বাবলম্বী করা সম্ভব হবে। যাকাত ও উশর আদায় করলে দেশের সামাজিক নিরাপত্তা বাবদ ১.২৬ লক্ষ কোটি টাকা সাশ্রয় হবে। বাংলাদেশে চাষযোগ্য জমি প্রায় ২ কোটি একর; গরিবরা স্বাবলম্বী হলে ১ কোটি একর জমিতে যদি বিনামূল্যে সেচ ও সরকারি উদ্যোগে বীজ সরবরাহ করা হয়, তবে সেখানে বছরে অন্তত ৩টি ফসল ফলানো সম্ভব হবে। প্রতি একর জমিতে অতিরিক্ত নিবিড় চাষাবাদের জন্য অন্তত ২ জন শ্রমিকের প্রয়োজন হয়। ফলে কৃষি খাতে ২ কোটি মানুষের কাজের সুযোগ তৈরি হবে এবং কৃষিপণ্যের দাম ৩০-৪০% কমে আসবে। এতে গ্রাম থেকে শহরে আসার প্রবণতা শূন্যে নেমে আসবে। মানুষ শহরমুখী না হলে বিদ্যুৎ ও জ্বালানি খাতে বেসরকারি কেন্দ্রগুলোকে যে ক্যাপাসিটি চার্জ ১ লক্ষ কোটি টাকার বেশি দিতে হয়, তা শূন্যে নেমে আসবে। জ্বালানির জন্য অর্থের চাহিদা যখন কমে যাবে, তখন হুন্ডির মাধ্যমে রেমিট্যান্স আদান-প্রদানের ফলে ডলারের কৃত্রিম সংকট থাকবে না। কৃত্রিম সংকটমুক্ত ব্যবস্থায় বাংলাদেশে যেই ৩৬টি বাণিজ্যিক ব্যাংক আছে, তার সব যদি রাষ্ট্রীয় একটি ব্যাংক হয়। তখন জন সেবার মাধ্যমে আয় ১৮ হাজার কোটি টাকার লভ্যাংশ রাষ্ট্রীয় কোষাগারে জমা হবে।

**তালিম (শিক্ষা)**: মানুষ অজ্ঞ অবস্থায় জন্মগ্রহণ করার কারণে মানুষকে পৃথিবী-উপযোগী শিক্ষা গ্রহন করতে হয়। পৃথিবী-উপযোগী শিক্ষা গ্রহন করার জন্য রাসূল (সা.)-এর আদর্শ অনুসারে শিক্ষা গ্রহণ করাকেই ইসলামিক শিক্ষা বলে। এই শিক্ষা মুসলমান জাতির মেরুদণ্ড, কিন্তু বর্তমানে শিক্ষা ব্যবস্থা স্কুল, কলেজ, মাদ্রাসা, কওমি ও ডিপ্লোমা—এমন নানা ভাগে বিভক্ত হওয়ার কারণে মুসলমানদের মধ্যে প্রবল মতপার্থক্য দেখা যায়। মুসলমানদের জন্য ইসলামে প্রাথমিক শিক্ষা হলো আল-কোরআন। মুসলমানদের সকল শিক্ষাপ্রতিষ্ঠানই হয় ইসলামিক শিক্ষা প্রতিষ্ঠান, যেখানে পুরুষ ও নারীদের জন্য পৃথক শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থা থাকে।

**ইসলামিক আমিরাত মুসলিম বঙ্গের মুসলমানদের শিক্ষাব্যবস্থা:**

১. মানুষের প্রথম শিক্ষা শুরু হবে আল-কোরআন কেন্দ্রিক। -আল-আলাক: ১-৫
২. মানুষকে শিক্ষার পূর্বে আদব-কায়দা ও শিষ্টাচার শেখানো হবে। -ইমাম মালিক (র.)
৩. মানুষকে জন্মের ৫-১০ বছর বয়সের মধ্যে আদব-কায়দা ও শিষ্টাচার এবং আল-কোরআন শেখানো হবে। -ইজমা
৪. শিক্ষার্থীদের ১১-১৭ বছর বয়সের মধ্যে ইসলামিক শিক্ষা ও সাধারণ শিক্ষা দেওয়া হবে। -সুনানে তিরমিজি: ২৭১৫
৫. পুরুষ শিক্ষার্থীদের ১৮-২০ বছর বয়সের মধ্যে কর্মমুখী শিক্ষা দেওয়া হবে। -সহিহ বুখারি: ১৯৬৬
৬. পুরুষ শিক্ষার্থীরা ২১-২৩ বছর বয়সের মধ্যে তাদের পছন্দমতো বিষয়ে গবেষণার সুযোগ পাবে। -বাইতুল হিকমাহ
